CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ : www.jagarandaily.com




JAGARAN ■ 4 July, 2024 ■ আগরতলা ৪ জুলাই ২০২৪ ইং ■ ১৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# ভ্রষ্টাচারী বাঁচাও আন্দোলন শুরু করেছে কংগ্রেস ঃ মোদী

**নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.)।।** দেশের মানুষ ভ্রমের রাজনীতিকে পরাজিত করেছেন। আস্থা রেখেছেন ভরসার রাজনীতিতে। বুধবার রাজ্যসভায় এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন, 'এই লোকসভা ভোটের পরে দেশের মানুষের বিচারবুদ্ধির প্রতি আমার বিশ্বাস বেড়ে গিয়েছে। তাঁদের নিয়ে আমার গর্ব বেড়ে গিয়েছে। কারণ জনগণ 'প্রোপাগান্ডা'র রাজনীতিকে পরাস্ত করে দিয়েছেন। 'পারফরম্যান্স'কে গুরুত্ব দিয়েছেন।"

প্রধানমন্ত্রী মোদী এদিন রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদসূচক বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, 'বিরোধী দলের এক নেতা একবার বলেছিলেন আমাদের এক দশকের সরকার। আমি বলব উনি চরম সত্য কথা বলেছেন। আমাদের সরকার এক দশক পূর্ণ হয়েছে। তবে এখনও দু'দশক বাকি আছে।' প্রধানমন্ত্রীর কথায়, 'সংবিধান আমাদের জন্য কোনও আর্টিকেলের সমষ্টি নয়। যে কোনও সরকারের জন্য সংবিধান লাইট হাউসের কাজ করে যে লাইট হাউস সমূদ্রে দিশা দেখায়। সংবিধান আমাদের মার্গদর্শন অর্থাৎ পথ প্রদর্শন করে।

বুধবার রাজ্যসভায় বক্তব্য রাখতে গিয়ে কংগ্রেসের বিরুদ্ধে তোপ দাগলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেন, "কংগ্রেস এখন 'ভ্রষ্টচারী (দুর্নীতিগ্রস্ত) বাঁচাও আন্দোলন শুরু করেছে। দুর্নীতিবাজদের জেলে পাঠানো হলে কংগ্রেস হাঙ্গামা করে।" এর পাশাপাশি প্রধানমন্ত্রী নাম না করে সোনিয়া গান্ধীকে খোঁচা দিয়ে বলেন, "যারা রিমোট কন্টোলের সাহায্য বা 'অটোপাইলট' মোডে সরকার চালাতো। তাঁরা জানেই না কাজটা কীভাবে করতে হয়।" উল্লেখ্য, ২০০৪-২০১৪, এই ১০ বছর ☞ ৬ এর পাতায় দেখুন



## অনির্দিষ্টকালের জন্য মুলতুবি রাজ্যসভার অধিবেশন

*নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.)।। অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গেল সংসদ উচ্চকক্ষ রাজ্যসভার অধিবেশন। বুধবার রাজ্যসভায় রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদসূচক বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর বক্তৃতার পর অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গিয়েছে সংসদ উচ্চকক্ষ রাজ্যসভার অধিবেশন। এর আগে মঙ্গলবারই লোকসভার অধিবেশনও অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে যায়।*

*এদিন রাজ্যসভার অধিবেশন মুলতুবি হয়ে যাওয়ার পর উপ-রাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়ের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী মোদী। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা ও অন্যান্য এনডিএ নেতারা।*

## রথযাত্রার আয়োজকদের উদ্দেশ্যে

# সরকারি নির্দেশিকা মেনে চলার পরামর্শ মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** রাজ্যে আসন্ন রথযাত্রা আয়োজনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ সন্ধ্যায় সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সভাপতিত্বে এক ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন এবং মুখ্যমন্ত্রীর সচিব ড় পি কে চক্রবর্তী উপস্থিত ছিলেন। রাজ্যের সমস্ত জেলার জেলাশাসক এবং পুলিশ সুপারগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই সভায় উপস্থিত ছিলেন।

সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ঐতিহ্যবাহী ধর্মীয় উৎসবের মধ্যে অন্যতম হচ্ছে রথযাত্রা উৎসব। এই উৎসব আমাদের রাজ্যের চিরাচরিত সম্প্রীতির ঐতিহ্যকে বহন করে। এই উৎসব উপলক্ষে প্রচুর দর্শনার্থীর সমাগম ঘটে। তাই এই উৎসব যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে সকলকে বিশেষভাবে নজর দিতে হবে। যেকোনো ধরণের অপ্রীতিকর ঘটনা এড়াতে সম্ভাব্য সবরকম ব্যবস্থা নেওয়া প্রয়োজন। রথযাত্রার আয়োজকদের রথের চূড়ার উচ্চতা ও রথ বানানোতে সরকারি সমস্ত নীতি নির্দেশিকা মেনে করার জন্য মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, রথের গতিপথের যে নির্দেশিকা দেওয়া থাকবে তা মেনে চলা প্রয়োজন। সরকারিভাবে অ্যাম্বুলেন্স, প্যারামেডিকেল, স্বেচ্ছাসেবী, অগ্নিনির্বাপক সহ যাবতীয় ব্যবস্থাপনা রাখাতে হবে। রথের গতিবিধি অনুযায়ী বিদ্যুৎ দপ্তরের সাথে নিয়মিত সমন্বয় বজায় রাখা আবশ্যক। রথযাত্রার আয়োজকদের দিনের নির্ধারিত সময়ে রথযাত্রা শুরু করে তা সন্ধ্যার আগেই গন্তব্যে পৌছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।

কৈলাশহরের নদীগুলির জলস্তর বাড়ছে তাই রথযাত্রা শুরু করার ক্ষেত্রে সেদিকটাও নজর রাখতে মুখ্যমন্ত্রী পরামর্শ দেন। এই উৎসবকে সার্বিকভাবে সফল করার জন্য সকলকে দায়িত্বশীল ভূমিকা গ্রহণ করতে হবে।

## বধূ নির্যাতন ও হত্যা মামলায় এক বছরের কারাদন্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** বধূ নির্যাতন, বধূ হত্যা এই মামলার রায়ে স্বামীর এক বছরের কারাদণ্ড ও জরিমানার আদেশ দিল মাননীয় আদালত। বধূ নির্যাতন ও বধূ হত্যা মামলার রায়ে স্বামীর এক বছরের কারাদণ্ডের আদেশ মাননীয় আদালতের। সাথে দশ হাজার টাকা জরিমানাও ধার্য্য করা হয়েছে। জরিমানার অর্থ অনাদায়ে আরো ছয় মাসের কারাভোগ করতে হবে অপরাধীকে। ঘটনা ২০১৫ সনে তেলিয়ামুড়া থানাধীন করইলং এলাকার। ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে নতুন রোপওয়ের পরিস্থিতি নিয়ে সাংসদ বিপ্লব দেবকে চিঠি কেন্দ্রীয় মন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** গত ৭ই ফেব্রুয়ারি রাজ্যসভায় সাংসদ বিপ্লব কুমার দেব ত্রিপুরায় চারটি নতুন রোপওয়ে চালুর বিষয়ে বর্তমান পরিস্থিতি জানতে চেয়েছিলেন। সাংসদ বিপ্লব কুমার দেবের প্রশ্নের উত্তরে রোপওয়ে চালুর বর্তমান অবস্থান জানিয়ে সাংসদ বিপ্লব কুমার দেবকে চিঠি লিখলেন কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক প্রতিমন্ত্রী হর্ষ মলহোত্রা।

চিঠিতে তিনি উল্লেখ করেছেন, মহারানী থেকে ছবিমুড়া পর্যন্ত রোপওয়ে প্রকল্পের বিস্তারিত সমীক্ষা ও পর্যবেক্ষণের কাজ শুরু হয়েছে। এই রিপোর্টের পরেই প্রকল্পটির পরবর্তী কাজ শুরু হবে।

তৎসঙ্গে উদয়পুর রেলওয়ে স্টেশন থেকে মাতাবাড়ি (ত্রিপুরা সুন্দরী মন্দির), সুরমাছেড়া (কমলপুর) এবং জম্পুই হীল (কাঞ্চনপুর) পর্যন্ত প্রকল্পগুলির জন্য সমীক্ষার কাজ শুরু করা হয়েছে। পূর্ব- সমীক্ষার ফলাফলের উপর ভিত্তিই করে এইসব প্রকল্পের পরবর্তী প্রক্রিয়ার কাজ শুরু হবে।

উল্লেখ্য গত ২ ফেব্রুয়ারী, ২০২৪, ত্রিপুরার পর্যটন বিকাশে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক প্রস্তাবিত চারটি রোপওয়ে নির্মাণ কাজে দ্রুত বাস্তবায়নের জন্য সংসদে (রাজ্যসভায়) দাবি জানান সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি বলেন, উদয়পুর রেলওয়ে স্টেশন থেকে মাতাবাড়ি, মহারানী থেকে ছবিমুড়া, সুরমাছেরা এবং জাম্পুই পাহাড়ে রোপওয়ে স্থাপনের জন্য ন্যাশনাল হাইওয়ে লজিস্টিক ম্যানেজমেন্ট লিমিটেড এবং ত্রিপুরা ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের মধ্যে ১১.১১.২০২২ -এ গুয়াহাটিতে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

এই সময়োপযোগী প্রচেষ্টা ত্রিপুরার পর্যটন উন্নয়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু চুক্তি স্বাক্ষরের এক বছরের বেশি সময় পেরিয়ে গেলেও এখনো চারটি রোপওয়ে স্থাপনের কাজ শুরু হয়নি। এই প্রকল্পটি আশেপাশের এলাকার যোগাযোগ উন্নত করবে এবং স্থানীয় পর্যটনের বিকাশে সহায়তা করবে। এই কাজটি দ্রুত ত্বরান্বিত করার জন্য জোড়ালো দাবি জানিয়েছিলেন তিনি।

## পিতার পাশবিক লালসার শিকার নাবালিকা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৩ জুলাই ।।** পিতার দ্বারা পাশবিক লালসার শিকার ১৩ বছর বয়সী নাবালিকা। অসভ্যতা আর নির্লজ্জতা সহ বর্বরতার ঘৃণ্য দৃষ্টান্ত স্থাপিত হয়েছে কৃষ্ণপুর বিধানসভার চামপ্লাই এলাকায়। অভিযোগ, চামপ্লাই এলাকার সপ্তম শ্রেণীতে পড়ুয়া এক নাবালিকা কন্যা তার সৎ-বাবা কতৃক নিয়মিত ধর্ষিতা হয়ে অবশেষে বিচার প্রার্থী। গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে একদিকে যেমন চাঞ্চল্য তৈরি হয়েছে তেমনি অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি উঠেছে।

গোটা ঘটনার বিবরনে জানা যায়, কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের চামপ্লাই এলাকার ১৩ বছর ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে নৌ-পরিবহন উন্নয়নে কেন্দ্রীয় মন্ত্রীকে চিঠি সুশান্তের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** ত্রিপুরার অভ্যন্তরের নৌপরিবহনের উন্নয়নের দাবিতে কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালকে চিঠি দিলেন রাজ্যের পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী।

কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রকের দায়িত্ব গ্রহণ করার জন্য এবং কেন্দ্রীয় মন্ত্রিসভার এক গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে নির্বাচিত হওয়ার জন্য সর্বানন্দ সনোয়ালকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যের খাদ্য পরিবহন ও পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী।

মন্ত্রী সুশান্ত চৌধুরী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের উদ্দেশ্যে এক চিঠি প্রেরণ করেন। তাতে শুভেচ্ছা বার্তার পাশাপাশি গুরুত্বপুর্ণ আরো বিভিন্ন বিষয় উল্লেখ করেন মন্ত্রী।

তিনি লেখেন, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের নেতৃত্বে বন্দর, নৌ পরিবহন এবং জলপথ মন্ত্রক ভারতের উন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করবে বলে তিনি বিশ্বাসী। রাজ্যের আভ্যন্তরীণ নৌ-পরিবহনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করেন পরিবহনমন্ত্রী। এর মধ্যে উল্লেখযোগ্য হল — সোনামুড়া-দাউদকান্দি প্রটোকল রুটের (আইবি প্রটোকল রুট ৯ ও ১০) মাধ্যমে বাংলাদেশের মেঘনা নদীর সাথে ত্রিপুরার গোমতী নদীর সংযোগ স্থাপন করা।

ভারতের অংশে গোমতী নদীর ড্রেজিং সফলভাবে ড্রেজিং এবং ফলপ্রসূ ফলাফল অর্জনের লক্ষ্যে ☞ ৬ এর পাতায় দেখুন

## মুখ্যমন্ত্রীর নির্দেশে

## শিক্ষার্থী নিগ্রহের ঘটনায় সাসপেন্ড স্কুলের এইচএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** বিদ্যালয়ে জনজাতি ছাত্রীকে দৈহিক নিগ্রহের ঘটনায় মুখ্যমন্ত্রীর নির্দেশে ডেপাছরা প্রাইমারি স্কুলের বিদ্যালয় প্রধান শিক্ষককে সাসপেন্ড করা হয়েছে। আজ শিক্ষা দপ্তর থেকে এক নোটিফিকেশন জারি করে একথা জানানো হয়েছে।

উল্ল্যেখ্য, গত ২৮ জুন ডেপাছরা প্রাইমারি স্কুলের এক জনজাতি ছাত্রীকে শাসনের নামে তীব্র দৈহিক নিগ্রহ করেন সেই স্কুলের প্রাইমারি বিভাগের প্রধান শিক্ষক বিনয় প্রিয় চাকমা। বিষয়টি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার গোচরে আসতেই বিদ্যালয় শিক্ষা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশ দিয়েছিলেন। তার পরপরই এক আদেশমূলে সাসপেন্ড হয়েছেন ওই অভিযুক্ত শিক্ষক। আজ এক বিজ্ঞপ্তি জারি করে একথা জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৮ জুন ডেপাছরা প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষবিনয় প্রিয় চাকমা স্কুলের দায়িত্ব পালন করার সময় ওই স্কুলের অপর্ণা রিয়াং নামে একজন ছাত্রীকে ☞ ৬ এর পাতায় দেখুন

## দুর্ঘটনায় নিহত যুবক ঃ শোক

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৩ জুলাই ।।** টি টোয়েন্টি বিশ্ব কাপ জয়ের আনন্দে আত্মহারা হয়ে সড়ক দুর্ঘটনায় তরতাজা দুই যুবকের মৃত্যু ঘিরে শোকের আবহ গোটা মুড়াপাড়া বাঁশখেত জয়ন্তী এলাকা। ঘটনা রাধাকিশোরপুর থানার অন্তর্গত চন্দ্রপুর সিদ্দিক উল্লা টিলা এলাকার লোকনাথ মন্দির সংলগ্ন আট নং জাতীয় সড়কে। সময় আনুমানিক তিনটার সময় ।কাকড়াবন থানার অন্তর্গত মুড়াপাড়া জয়ন্তী ও বাঁশখেত এলাকার একদল যুবক গত ঊণত্রিশ জুন টি টোয়েন্টি বিশ্ব কাপ খেলায় ভারতীয় দল চ্যাম্পিয়নের খেতাব জয়ের পর আনন্দে আত্মহারা হয়ে আজ ☞ ৬ এর পাতায় দেখুন

## পর্ষদের রিভিও'র ফল প্রকাশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** বছর বাঁচাও পরীক্ষা হবে জুলাইয়ের শেষ সপ্তাহে, পুনঃমূল্যায়নে বেড়েছে পাশের হার। বুধবার এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এবিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন পর্ষদ সভাপতি ড় ধনঞ্জয় গণ চৌধুরী।

ইতিমধ্যে প্রকাশিত হয়েছে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের ফলাফল। তারপরেই পরীক্ষার খাতার পুনঃ মূল্যায়নের জন্য জমা করেছেন বেশ কিছু ছাত্র ছাত্রী। এছাড়াও বছর বাঁচাও পরীক্ষার জন্যেও আবেদন করেছেন অনেকে।

তিনি জানান মাধ্যমিকের পরীক্ষার ফলাফল প্রকাশের পর মোট ২০৪২ জন ছাত্রছাত্রী পুণঃমূল্যায়ণের জন্য খাতা জমা করেছিল। তার মধ্যে পুণঃ মূল্যায়ণের ফলে নম্বর পরিবর্তিত হয়েছে মোট ৭৪৭ জন ছাত্রছাত্রীর। যারা পরীক্ষায় ফেল করেছিল তাদের মধ্যে ২১ জন ছাত্রছাত্রী পরীক্ষার খাতা পুণঃমূল্যায়ণের ফলে পাশ করেছে। আর ফেল নম্বর থেকে পুণঃ মূল্যায়ণের পর বছর বাচাও পরীক্ষা জন্য উত্তীর্ণ হয়েছে মোট সাতজন ছাত্র-ছাত্রী। পুণঃমূল্যায়ণের পর মাধ্যমিকে পাশের হার ৮৭.৫৪ থেকে বেড়ে ৮৭.৫৯ু হয়েছে।

একইভাবে উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের পর পুণঃমূল্যায়ণের জন্য মোট ১৩৮৫ জন ছাত্র-ছাত্রী আবেদন করেছিল। পুণঃমূল্যায়ণের পর ফলাফল পরিবর্তিত রয়েছে ☞ ৬ এর পাতায় দেখুন

## শোক মুখ্যমন্ত্রীর, আর্থিক সহায়তা

# বৃষ্টিতে ঘর ভেঙ্গে মৃত্যু স্বামী-স্ত্রীর, আহত শিশু

***নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।*** *প্রবল বৃষ্টির জেরে মাটির ঘর ভেঙে মৃত্যু হল স্বামী-স্ত্রীর। ঘটনায় আহত হয়েছে ঘরে থাকা দুই কন্যা সন্তান। মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে মেখলিপাড়া এলাকার ধর্মটিলায়। ঘটনায় মৃত স্বামী — স্ত্রী হলেন ঝুমা তাঁতি(২৬), প্রাণেশ তাঁতি(৩৫)। ওই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা। দিয়েছেন আর্থিক সহায়তা।*



*ঘটনার বিবরণে জানা যায়, প্রতিদিনকার মত মঙ্গলবার রাতেও খাওয়া-দাওয়া শেষে নিজ ঘরে ঘুমাতে যান প্রাণেশ তাঁতি ও তার পরিবার। রাত প্রায় ১টা নাগাদ একটি বিকট আওয়াজ শুনতে পায় পরিবারের সদস্যরা। তড়িঘড়ি ছুটি গিয়ে দেখতে পান মাটির ঘর ভেঙে ঘরের ভেতরে চাপা পড়ে গেছেন পরিবারের চার সদস্য। সঙ্গে সঙ্গে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের খবর দেওয়া হলেও তারা ফোন তোলেননি বলে অভিযোগ। এলাকাবাসীরা তড়িঘড়ি উদ্ধার কাজ শুরু করেন। ঘরের ভেতরে প্রাণেশ তাঁতি, তার স্ত্রী এবং দুই কন্যা সন্তান চাপা পড়ে। তাদের মধ্যে একটি তিন মাসের শিশু এবং অপর কন্যা সন্তানকে ১২ বছরের বলে জানা গেছে। তাদের চারজনকেই উদ্ধার করে প্রথমে রানির বাজার হাসপাতালে নিয়ে গেলে সেখান থেকে তাদেরকে উন্নত চিকিৎসার জন্য আগরতলার জিবিপি হাসপাতালে রেফার করা হয়।*

*হাসপাতালে আসার পরেই পরীক্ষা-নিরীক্ষা করে কর্তব্যরত চিকিৎসক জানিয়েছেন ঝুমা তাঁতি মারা গেছেন। প্রায় এক দেড় ঘন্টা পর চিকিৎসাধীন অবস্থাতেই মৃত্যু হয় প্রাণেশ তাঁতিরও। এদিকে তিন মাসের শিশু সন্তানটি গুরুতর আহত হয়েছে। দুই শিশুসন্তানই হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে।*

*ঘটনার খবর পেয়ে বুধবার সকালে জিবিপি হাসপাতালে ছুটে* ☞ ৬ এর পাতায় দেখুন

# রাস্তার বেহাল দশা, পূর্ত দপ্তরের মহকুমা আধিকারিকের অফিস ঘেরাও অটো চালকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই ।।** দীর্ঘদিন যাবত সোনামুড়ার রাস্তার বেহাল দশা। পূর্ত দপ্তরের রাস্তা সংস্কারের দাবি জানিয়ে আসলে কোনো উদ্যোগ গ্রহণ করছে না। আজ বাধ্য হয়ে পূর্ত দপ্তরের মহকুমা আধিকারিকের অফিস ঘেরাও করলেন স্থানীয় অটো চালকরা।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, দীর্ঘদিন যাবত সোনামুড়া শহর লাগায়া প্রায় প্রতিটি সড়কের বেহাল দশা। বিশেষ করে সোনামুড়া ধলিয়াই, সোনামুড়া বক্সনগর সোনামুড়া রবীন্দ্রনগর সড়ক ইত্যাদি। প্রতিনিয়ত সমস্যায় পড়তে হচ্ছে ছোট বড় যানচালকদের। প্রতিনিয়ত ঘটছে ছোট বড় দুর্ঘটনাও। প্রতিবছরে মহকুমা প্রশাসনের তরফ থেকে দুর্ঘটনা এড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হলেও রাস্তার বেহালসার কারণে যে সকল দুর্ঘটনাগুলি সংঘটিত হচ্ছে। সেই সমস্যাগুলোই সমাধানের কোন উদ্যোগ নিচ্ছে না সংশ্লিষ্ট দপ্তর এমনটাই অভিযোগ যানচালকদের। এত সমস্যার পরও প্রশাসনের তরফ থেকে কোন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না এই অভিযোগে দ্রুত সমস্যা সমাধানের দাবিতে সোনামুড়া মহকুমা পূর্ত দপ্তরের অফিস ঘেরাও করে অটোচালকরা। তারা কথাবার্তা বলেন দপ্তরের মহকুমা অধিকারিক জেমসন ☞ ৬ এর পাতায় দেখুন

## বেহাল দশায় রাস্তা, সারাইয়ের দাবি এলাকাবাসীর

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৩ জুলাই ।।** খোয়াই থেকে ভায়া কল্যাণপুর তেলিয়ামুড়া হয়ে নুতন জাতীয় সড়ক হওয়ার কথা থাকলেও দীর্ঘদিন ধরে এই রাস্তার কাজ অধরাই থেকে গেছে। এদিকে কল্যাণপুর সহ এই রাস্তার বিভিন্ন জায়গায় বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। উঠে গেছে রাস্তার পিচ। বহু পুরোনো রাস্তার কংকালসার ছবি ফুটে উঠছে। অথচ স্থানীয় পূর্ত দপ্তরের কিছুই এক্ষেত্রে করার নেই।

কারণ জাতীয় সড়ক এন এইচ ২০৮ ঘোষিত হবার পর এই রাস্তা আর রাজ্য পূর্ত দপ্তরের হাতে নেই। এটা এখন কেন্দ্রীয় নির্মাণ সংস্থার হাতে। রাস্তাটি পুন:নির্মাণ সহ রাস্তা সারাই এর কাজ ও তারাই করে। মূলত এই কাজের বরাত রয়েছে নির্মাণ সংস্থা এনএইচআইডিসিএল- এর হাতে। এই নির্মাণ সংস্থা রাস্তার মেরামতে কোনো উদ্যোগই গ্রহন করছে না। ফলে স্থানীয় জনগন রাস্তায় বেহাল দশায় ক্ষোভে ফুঁসছে। এই বিষয়ে কল্যাণপুর পূর্ত দপ্তরের এসডিও সুমন দাস জানান ☞ ৬ এর পাতায় দেখুন

CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৬১ ▫৪ জুলাই ২০২৪ ইং▫ ১৯ আষাঢ় ▫ বৃহস্পতিবার ▫১৪৩১ বঙ্গাব্দ

## ইসরোর সাফল্যের গতি অব্যাহত

ভারতীয় মহাকাশ গবেষণা একের পর এক উল্লেখযোগ্য সাফল্য অর্জন করিতে শুরু করিয়াছে। ইহা ভারতের জন্য অতীব গর্ভের বিষয়। অদূর ভবিষ্যতে ভারতীয় মহাকাশ গবেষণা আরো উন্নত হইবে তাহা বলিবার অপেক্ষা রাখে না। ইতিমধ্যেই বড় সাফল্যের সম্মুখীন হইল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। ইতিমধ্যেই ইসরো জানাইয়াছে যে, ভারতের প্রথম সৌর নিরীক্ষণের জন্য পাঠানো যান আদিত্য এল১ সূর্য এবং পৃথিবীর মধ্যে এল১ ল্যাগ্রাঞ্জিয়ান বিন্দুর চারপাশে থাকা হ্যালো কক্ষপথের সফলভাবে একবার চক্কর কাটিয়াছে। আদিত্য-এল১ গত বছর ২ সেপ্টেম্বর লঞ্চ করা হইয়াছিল এবং এটিকে চলতি বছরের ৬ জানুয়ারি হ্যালো কক্ষপথে স্থাপন করা হয়। এদিকে, আদিত্য-এল১ তাহার জটিল গতিপথ বজায় রাখিবার ক্ষমতাও সফলভাবে প্রদর্শন করিয়াছে।আদিত্য-এল১ হইল সূর্যকে গভীরভাবে নিরীক্ষণ করিবার জন্য ডিজাইন করা একটি মহাকাশযান। যেটি এল১ বিন্দুর চারপাশে একটি কক্ষপথের সম্পূর্ণ চক্কর কাটিতে প্রায় ১৭৮ দিন সময় নেয়। ইসরো জানাইয়াছে, "ওই অবস্থানে মহাকাশযানটি বিভিন্ন বাধার সম্মুখীন হয়। যেগুলি সেটিকে লক্ষ্যবস্তু পথ থেকে বিচ্যুত করিতে পারে। তবে এই শক্তিগুলিকে মোকাবিলা করিবার জন্য, আমরা মিশনের শুরু থেকে ৩ টি গুরুত্বপূর্ণ স্টেশন-কিপিং কৌশল পরিচালনা করিয়াছি।এদিকে, এগুলির মধ্যে প্রথম ২ টি কৌশল যথাক্রমে ২২ ফেব্রুয়ারি এবং ৭ জুন সম্পন্ন হইয়াছিল। পাশাপাশি ২ জুলাই, তৃতীয় কৌশলটি একটি টার্নিং পয়েন্ট চিহ্নিত করিয়াছে। যেটি মহাকাশযানের এল১-এর চারপাশে তাহার দ্বিতীয় কক্ষপথে স্থানান্তর হওয়ার বিষয়টিকে নিশ্চিত করিয়াছে।

আদিত্য-এল১ মহাকাশযানের কক্ষপথ হল একটি পর্যায়ক্রমিক হ্যালো কক্ষপথ। যাহা পৃথিবী থেকে প্রায় ১.৫ মিলিয়ন কিমি দূরে নিরবিচ্ছিন্নভাবে চলমান সূর্য-পৃথিবী লাইনে অবস্থিত। এই হ্যালো কক্ষপথটি এল১ এর চারপাশে একটি পর্যায়ক্রমিক, ত্রিমাত্রিক কক্ষপথ। যেখানে সূর্য, পৃথিবী এবং একটি মহাকাশযান রহিয়াছে। এই নির্দিষ্ট হ্যালো কক্ষপথটি ৫ বছরের মিশন জীবনকাল নিশ্চিত করিতে, স্টেশন-কিপিং চালনা কমাইয়া জ্বালানি খরচ কমাইতে এবং সূর্যের বাধাহীন দৃশ্য নিশ্চিত করিবার জন্য এটিকে নির্বাচন করা হইয়াছে।এল১ পয়েন্ট" হইল পৃথিবী এবং সূর্যের মধ্যে মোট দূরত্বের প্রায় এক শতাংশ। আদিত্য-এল১-কে এই বিন্দুতেই স্থাপন করা হইয়াছে। এই স্যাটেলাইট থেকে সূর্যকে এল১ পয়েন্ট"-এর চারপাশে একটি হ্যালো কক্ষপথে একটানা দেখা যায়। এল১ বিন্দুর চারপাশের কক্ষপথকে বলা হয় সোলার হ্যালো অরবিট। এই কক্ষপথেই বসানো হইয়াছে আদিত্য-এল১-কে। ভারতীয় মহাকাশ গবেষণা কেন্দ্রের একের পর এক সাফল্য দেশ ও দেশবাসীকে গর্বিত করিতেছে।

## মেঘলা আকাশ দক্ষিণবঙ্গে; নিম্নমুখী তাপমাত্রা, উত্তরে ভারী বর্ষণের সতর্কতা

কলকাতা, ৩ জুলাই (হি.স.): সারা সপ্তাহজুড়ে বৃষ্টি চলবে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে, আবার কোনও কোনও জেলায় বৃষ্টির সতর্কতা নেই। উত্তরবঙ্গের পাহাড় লাগোয়া জেলাগুলিতে আবার ভারী থেকে অতি ভারী বৃষ্টির হলুদ ও কমলা সতর্কতা জারি করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, ৪ জুলাই পশ্চিম বর্ধমান ও বীরভূম জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা থাকছে। এরপর ৫ জুলাই মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, কালিম্পঙ ও উত্তর দিনাজপুর জেলায় ৪ জুলাই ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে, এই জেলাগুলিতে হলুদ ও কমলা সতর্কতা জারি করা হয়েছে। ৫ জুলাই দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কালিম্পঙ জেলায় ভারী বৃষ্টি হতে পারে।

বৃষ্টির সৌজন্যে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সর্বত্রই নিম্নমুখী তাপমাত্রার পারদ। বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা কমে ২৪.৮ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, যা স্বাভাবিকের থেকে ১.৯ ডিগ্রি কম। এদিন সকাল থেকে মেঘলা আকাশ দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্রই। আবহাওয়া রয়েছে মনোরম। বৃষ্টিও হচ্ছে বিক্ষিপ্তভাবে।

## দিল্লিতে অত্যধিক বৃষ্টির পূর্বাভাস, ভারী বর্ষণের সতর্কতা দেশের উত্তর-পূর্বাঞ্চলেও

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): দেশের সর্বত্রই পৌঁছে গিয়েছে বর্ষা, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে কোথাও ভারী, আবার কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। দেশের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি বৃষ্টিতে ভাসছে, বৃষ্টিতে দুর্বিষহ অবস্থা রাজধানী দিল্লি-সহ দেশের অন্যান্য রাজ্যেও। এমতাবস্থায় ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, হরিয়ানা, চণ্ডীগড় ও দিল্লিতে আপাতত বৃষ্টিপাত চলবে। পূর্ব ও পশ্চিম উত্তর প্রদেশে আগামী ৬ জুলাই পর্যন্ত মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে।

অসম ও মেঘালয়-সহ দেশের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে এমনিতেই বৃষ্টি হচ্ছে। আইএমডি জানিয়েছে, অসম, মেঘালয়, অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মণিপুর, ত্রিপুরা ও মিজোরামে আগামী কিছু দিন ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়াও ৫ ও ৬ জুলাই ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে কর্ণাটক উপকূলে। গুজরাট এবং মহারাষ্ট্রেও বৃষ্টি হচ্ছে, আর সেই বৃষ্টি অব্যাহত থাকবে।

## পামবান রেল সেতুর কাজ শেষের মুখে, শীঘ্রই রামেশ্বরমে শুরু হবে ট্রেন পরিষেবা

রামেশ্বরম, ৩ জুলাই (হি.স.): রামেশ্বরম দ্বীপ অঞ্চলের প্রবেশদ্বার পামবানে নতুন রেল সেতু নির্মাণের কাজ চলছে জোরকদমে। পামবান রেল সেতুর কাজ প্রায় শেষের মুখে, ১.৬ কিলোমিটারের ১০০ শতাংশ কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। বাকি রয়েছে আর মাত্র অল্প কিছু কাজ। কাজ সমাপ্ত হলেই রামেশ্বরমে শুরু হয়ে যাবে ট্রেন পরিষেবা।


সেতুটি তৈরি করতে ব্যয় হয়েছে প্রায় ৫৫০ কোটি টাকা এবং নির্মাণ কাজ শুরু হয়েছিল ২০২০ সালে। আধুনিক বৈদ্যুতিক লিফট প্রযুক্তির সঙ্গে ডিজাইন করা ড্রব্রিজটি ১৩ মার্চ নির্দিষ্ট স্থানে বসানো হয়েছিল।

## দুর্গমকে উপেক্ষা করে ৫২ দিন ব্যাপী অমরনাথ বরফানি যাত্রার সূচনা হল

শ্রীধর মিত্র

এ বছরের অমরনাথ যাত্রার শুভারম্ভ হয়েছে ২৮ জুন, শুক্রবার। জম্মু- কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহা ভগবতীনগর বেসক্যাম্পে পতাকা নাড়িয়ে ২০২৪ অমরনাথ যাত্রার সূচনায় পূণার্থী তীর্থযাত্রীদের উদ্দেশে"দর্শন" তাঁর অনুগামীদের মধ্যে প্রচুর শক্তির উন্মোচন ঘটাবে। এই পবিত্র অমরনাথ বরফানি বাবার আশীর্বাদ সকল পূণ্যার্থী-ভক্তবৃন্দের উন্নতি হোক। জম্মু-কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহা আগামী ১৯ আগস্ট পর্যন্ত দীর্ঘ ৫২ দিনের অমরনাথ যাত্রার তীর্থযাত্রীদের নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য সকলের প্রতি আবেদন রেখেছেন। এই প্রতিবেদন লেখা পর্যন্ত পাঁচ লাখের বেশি পূণ্যার্থী-ভক্তবৃন্দরা অনরনাথ যাতরার জন্য নাম নথিভুক্ত করেছেন বলে প্রশাসন সূত্র মারফত জানা গেছে।

এবারের ৫২ দিন ব্যাপী অমরনাথ যাত্রা উপলক্ষ্যে জম্মু-কাশ্মীর পুলিশ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। দর্শণার্থী ও ভক্তরা সমস্ত বাধা বিঘ্নকে উপেক্ষা রে চন্দনবাড়ি থেকে ৩২ কিলোমিটার অমরনাথ যাত্রার পথে শেষনাগ, মহাগণেশটপ, প্রশুপতি, পঞ্চতরণীর আশ্রয়স্থলে অপেক্ষা করছেন বরফানি বাবার দর্শণের জন্য, আবহাওয়া উপর সবকিছুই নির্ভর করছে অমরনাথ তহার দিকে। বহু বাধা উপেক্ষা করে পর্যায়-পর্যায় সমস্ত দর্শণার্থীরা পথে যেতে যেতে শারীরিকভাবে অসুস্থতাবোধ বা অন্য কোন কারণে পৌঁছতে না পারা চন্দনবাড়ি এবং বালতালে নামিয়ে আনছেন জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী ও ভারতীয় সামরিক বাহিনীর সেনারা। অমরনাথ যাত্রা উপলক্ষে জম্মুর ভগবতীনগর যাত্রীনিবাসই হল অমরনাথ যাত্রার বেস ক্যাম্প। এই বেস ক্যাম্প ঘিরে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে, জদুর পুলিশের এসএসপি বিনোদ কুমার জানিয়েছেন, বেস ক্যাম্প থেকে দুটি পথে নজরদারির জন্য বডিস্ক্যানার, সিসি ক্যামেরা ৩৬০ ডিগ্রি ক্যামেরা লাগানো হয়েছে। পূণ্যার্থীদের থাকার জন্য বিশ্রাম নেওয়ার স্থান ও নাস নথিভুক্ত করার স্থানে পুলিশি নজরদারি যথেষ্ট বাড়ানো হয়েছে। বেস ক্যাম্প থেকে দুটি পথে অমরনাথ তীর্থে পৌঁছানো যায়। একটি অনন্তনাগের মধ্যে দিয়ে নুনতযান পাহেলগাঁও রুট, অপরটি গন্ধেরবালের মধ্যে দিয়ে বালতাল রুট। এই পথের দৈর্ঘ্য ১৪ কিলোমিটার হলেও তুলনামূলক খাড়া হওয়ায় চিরাচরিত নুনওযান রুট দিয়েই পূণ্যার্থীরা অমরনাথের বরফানিতে যাওয়া পছন্দ করেন। অমরনাথ যাত্রা পথেও সংলগ্ন এলাকার খোঁজ খবর নিয়েছেন কাশ্মীরের পুলিশের প্রধান ভিকে বিরদি। জম্মু থেকে শাস্ত্রীর হয়ে অমরনাথ গুহা পর্যন্ত সমস্ত পথ নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে। জদু-কাশ্মীরের প্রশাসনের পুলিশ বাহিনী সহ কেন্দ্রীয় সরকারের CRPF– BSF– SSB– ITBF– CISF সহ সামরিক বাহিনীর জওয়ানরা দিন-রাত এক করে সদা সতর্ক তীর্থযাত্রীদের নিরাপত্তার যাতে কোনও রকম বিঘ্ন না ঘটে। এছাড়াও উগ্রপন্থী হামলার মোকাবিলায় অত্যাধুনিক সরঞ্জাম নিয়ে বোদ-জল-বৃষ্টি ও ঠান্ডাকে উপেক্ষা করে নজরদারিতে ব্যস্ত সর্বস্তরের বাহিনীর জওয়ানরা। আমরনাথ যাত্রাকে সর্বাঙ্গ সফল করতে সাধারণ দর্শনার্থীদের যাত্রাপথে সমস্ত সাহায্য-সহযোগিতা করার জন্য সুদূর কলকাতা থেকে ধর্মীয় সংস্থা যুগাচার্য শ্রীমদ স্বামী প্রণবানন্দজি মহারাজ প্রতিষ্ঠিত "ভারত সেবাশ্রম সংঘ গত ১৮ বছর যাবৎ ভক্তদের সেবায় নিয়োজিত হয়েছে। শুরুতে সরাসরি কলকাতা থেকে সেবাকার্য বিশেষত- চিকিৎসা পরিষেবা প্রদানের উদ্দেশ্যে পাড়ি দিয়েছিলেন আনুষ্ঠানিক ২,৫০০ কিলোমিটার দূরে কাশ্মীরের চন্দনবাড়ি ক্যাম্পে স্বাস্থ্য শিবিরের মাধ্যমে। গত ছয়-আট বছর যাবৎ ভক্ত দর্শনার্থীদের আর ভাল বেশি চিকিৎসা প্রদানের জন্য জম্মুতে স্বামী সত্যমিত্রানন্দ মহারাজ প্রতিবেদককে জানিয়েছেন যে, বর্তমানে স্থানীয় গ্রামবাসীদের ছেলে-মেয়েরা যৎসামান্য অর্থের বিনিময়ে প্রশাসন-ভারত সেবাশ্রম সংঘকে বেশ কয়েক বিঘা পাহাড়ি জমি দিয়েছেন উন্নয়নের জন্য। সেখানে গড়ে উঠেছে আধুনিক ১০০ শয্যার হাসপাতাল। অত্যাধুনিক উন্নত শিক্ষা প্রতিষ্ঠান, স্বামী প্রণবানন্দ মহারাজের বর্তমান মন্দির স্থানান্তরিত, ধ্যান-কক্ষ, স্বামিজি মহারাজের ও অন্যান্য পদাধিকারীদের বাসস্থান, ভক্ত-দর্শনার্থীদের অতিথিনিবাস গড়ে উঠেছ। আগামী দিনে আরও বেশি করে আমরনাথ দর্শনার্থীদের সমস্ত রকম সেবা প্রদান করার প্রতিশ্রুতিবদ্ধ। ভারত সেবাশ্রম সংঘ এমনই একটি ধর্মীয় সংস্থা যারা যে কোনও প্রাকৃতিক দুর্যোগ ঘটলে সবার আগেভাগে পৌঁছে দুর্যোগ এলাকায় ত্রাণ-সাহায্য, চিকিৎসা, উদ্ধার এবং অসহায় মানুষদের রান্না করা দুমুঠো অন্ন খাবার তুলে দেন। জম্মুতে বাইপাস সংলগ্ন পঞ্চাশ-নাগরোটা এলাকায় স্থানীয় মানুষের কাছে একটি আদর্শ প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠেছে। যেখানে প্রত্যহ নিয়মিত সকালে আরতি-পূজাপাঠ, মধ্যাহ্নে ভোগবাগ, সন্ধ্যায় সন্ধ্যারতি এবং রাত্রে বেশ করে গুরুজির শয়ন। সমস্ত কাজ চলে নিয়মিত নিষ্ঠাও আন্তরিকতার মধ্যে দিয়ে। স্থানীয় প্রতিবেশিদের সেবায় প্রতিদিন দু'জন চিকিৎসক সম করে স্বাস্থ্য পরীক্ষা ব্লাড প্রেসার, ইসিজি সহ অন্যান্য পরীক্ষাও বিনা পয়সায় ঔষধ দিয়ে আসছে বলে জানালেন বাউরকেল্লার বঙ্গসন্তান আবাসিক সুদীপ তালুকদার। মূলত এই চিকিৎসা কেন্দ্রটি দেখাশোনা করেন ভারতসেবাশ্রম সংঘের তরফ থেকে। পথে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা আমরনাথ দর্শনার্থীদের পথে অস্থায়ী বিশ্রামাগার, চা-জল খাবার, মধ্যাহ্নভোজন ও রাত্রের আহারের সুবন্দোবস্তো করে আসছে। প্রতিদিন হাজার-হাজার ভক্তরা এসে তা গ্রহণ করে "বাবা বরফানি" অর্থাৎ অমরনাথ যাত্রার উদ্দেশ্যে রওনা দিচ্ছেন। আশা করছি এবারের অমরনাথ যাত্রা ভালভাবে সম্পন্ন হবে এই প্রার্থনা বাবা পরফানি (অমরনাথের) কাছে। ভারতসেবাশ্রম সংঘের আরও সেবাকার্য সুদূর অমরনাথ যাত্রায় দর্শনার্থী-ভক্তদের কাছে সমাদৃত হবে, স্বামী প্রণবানন্দ মহারাজ যা চেয়েছিলেন। (সৌজন্যে- দৈঃ স্টেটসম্যান)



## পৃথিবীর সবচেয়ে বড় ১০ মরুভূমি

কাজী আকাশ

মরুভূমি বললেই চোখের সামনে ভেসে ওঠে চারদিকে শুধু বালু আর বালু। বাতাসে সেই বালু উড়ছে। গেরুয়া পরা কয়েকজন চড়ছে উটের পিঠে। সিনেমায় এ রকম দেখেই আমরা অভ্যস্ত। কিন্তু শুধু ফাঁকা মাঠ ও ধু ধু বালু হলেই তাকে মরুভূমি বলা যাবে না। কোনো নির্দিষ্ট এলাকায় প্রতিবছর ১০ ইঞ্চির কম গড় বৃষ্টিপাত হলে, সেই অঞ্চলকে মরুভূমি বলা যাবে। তবে মরুভূমি সব সময় শুধু গরমই হয় না, শীতলও হয়।

পৃথিবীতে তিন ভাগ জল ও এক ভাগ স্থল। সেই এক ভাগ স্থলের আবার তিন ভাগের এক ভাগ মরুভূমি। বৃষ্টিপাত কম হওয়ার কারণেই মরুভূমির সৃষ্টি হয়। গাছপালা বা কোনো প্রাণীর পক্ষে মরুভূমিতে বেঁচে থাকা তাই প্রায় অসম্ভব। এখন তোমাকে যদি কেউ জিজ্ঞাসা করে, পৃথিবীর সবচেয়ে বড় মরুভূমি কোনটি? কী উত্তর দেবে? সাহারা মরুভূমি? এই উত্তরটা একই সঙ্গে ভুল ও সঠিক। কারণ, সাহারা হলো পৃথিবীর সবচেয়ে বড় গ্রীষ্মমণ্ডলীয় মরুভূমি। কিন্তু সামগ্রিক দিক দিয়ে এটি বিশ্বের তৃতীয়। ফলে দেখা যাচ্ছে, মরুভূমির প্রকারভেদ জানাও গুরুত্বপূর্ণ। পৃথিবীতে প্রধানত চার ধরনের মরুভূমি দেখা যায়। ১. গ্রীষ্মমণ্ডলীয় মরুভূমি: বিষুবরেখা বা ক্রান্তীয় অঞ্চলের কাছাকাছি এ মরুভূমি অবস্থিত। সারা বছর এখানকার তাপমাত্রা থাকে শুষ্ক ও উষ্ণ। যেমন সাহারা মরুভূমি। ২. শীতল মরুভূমি: এ ধরনের মরুভূমি হয় শীতল। মানে তাপমাত্রা অনেক কম থাকে। যেমন অ্যান্টার্কটিকা মরুভূমি। শীতকালে সেখানে কিছুটা বৃষ্টিপাত দেখা যায়। ৩. উপকূলীয় মরুভূমি: কর্কটক্রান্তীয় অঞ্চলে এ ধরনের মরুভূমি দেখা যায়। যেমন আতাকামা মরুভূমি। চার ধরনের মরুভূমির মধ্যে সবচেয়ে আর্দ্র থাকে এগুলো। তবে বৃষ্টিপাত বিরল।

৪. আধা শুষ্ক মরুভূমি: রাশিয়ার বন মরুভূমি এ ধরনের। আর্দতা কম হলেও কিছুটা বৃষ্টিপাত দেখা যায়। অনেক কথাই হলো। এবার পৃথিবীর সেরা ১০টি মরুভূমি সম্পর্কে জানা যাক। এ তালিকায় থাকবে বিশ্বের সব ধরনের রুভূমি। মানে কোনো দৃষ্টিকোণ থেকেই পৃথিবীতে এই ১০টি মরুভূমির চেয়ে বড় মরুভূমি নেই।

গ্রেট বেসিন মরুভূমি ঃ যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় মরুভূমি এটি। আয়তন প্রায় ৪ লাখ ৯২ হাজার



বর্গকিলোমিটার। এর উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় নয় হাজার ফুট বেশি। মরুভূমির বেশির ভাগ অঞ্চলে বছরে ১০ ইঞ্চির কম বৃষ্টিপাত হয়। তবে কিছুটা বৃষ্টি হওয়ায় এখানে কিছু গাছপালা ও প্রাণী রয়েছে। সেগুলো এ অঞ্চলের সঙ্গে নিজেদের খাপ খাইয়ে নিয়েছে। এই মরুভূমিতে গ্রীষ্মকালে প্রচণ্ড গরম এবং শীতকালে তীব্র ঠান্ডা পড়ে।

সিরিয়া মরুভূমি ঃ এই মরুভূমি বাদিয়াত আশ-শাম নামেও পরিচিত। মধ্যপ্রাচ্যের প্রায় পাঁচ লাখ বর্গকিলোমিটার এলাকাজুড়ে এই মরুভূমি বিস্তৃত। জর্ডান, ইরাক ও সিরিয়াএই তিন দেশ জুড়ে রয়েছে মরুভূমিটি। তবে নাম সিরিয়া মরুভূমি হলেও এর বেশির ভাগ অংশ রয়েছে জর্ডানে; যা দেশটির স্থলভাগের ৮৫ শতাংশ। অন্যদিকে সিরিয়ার স্থলভাগের মাত্র ৫৫ শতাংশ জুড়ে রয়েছে এটি। এর সীমানা গিয়ে মিশেছে আরব মরুভূমিতে। খরা, শিকারসহ মানুষের কিছু কার্যক্রমের জন্য এই মরুভূমির বাস্তুতন্ত্র হুমকির মুখে পড়েছে। তেমন কোনো স্থানীয় প্রাণী নেই বললেই চলে। অতিরিক্ত খরায় অনেক উদ্ভিদ প্রজাতিও মারা গেছে। কিছু ঘাস অবশ্য এখনো টিকে আছে। ঐতিহাসিকদের মতে, প্রথম ও চতুর্থ শতাব্দীর মধ্যে বেদুইনরা এখানে এসে বসবাস শুরু করে। অনেক বেদুইন উপজাতি এখনো এখানে রয়ে গেছে।

কালাহারি মরুভূমি এ মরুভূমি দক্ষিণ আফ্রিকার মালভূমিতে অবস্থিত একটি সমতল ভূমি। আধা শুষ্ক এই মরুভূমি ৫ লাখ ৬৯ হাজার ৭৯৭ বর্গকিলোমিটার এলাকাজুড়ে বিস্তৃত। বতসোয়ানা ও নামিবিয়ায় এর সীমানা রয়েছে। এ মরুভূমিতে রয়েছে সিংহ, চিতা, হায়েনা, জিরাফ, জেব্রাসহ নানা প্রাণী। এখানেও রয়েছে বেশ কিছু আদিবাসী জনগোষ্ঠীর আবাস।

গ্রেট ভিক্টোরিয়া মরুভূমি অস্ট্রেলিয়ার সবচেয়ে বড় মরুভূমি এটি। মোট আয়তন ৬ লাখ ৪৭ হাজার ৪৯৭ বর্গকিলোমিটার। এটি মূলত সমতল তৃণভূমি। এখানে রয়েছে লবণাক্ত হ্রদ, ছোট পাহাড় ও শুকনা উপত্যকা। সাহারা মরুভূমির মতো এখানেও হাজার বছর ধরে আদিবাসীরা বসবাস করছে। পাতাগোনিয়ান মরুভূমিঃ দক্ষিণ আমেরিকার পাতাগোনিয়ান মরুভূমি বিশ্বের ষষ্ঠ বৃহত্তম মরুভূমি। আর্জেন্টিনা ও চিলিউভয় দেশে এ মরুভূমি বিস্তৃত। এটি দেখতে বেশ সুন্দর হওয়ায় বিশ্বব্যাপী মানুষের কাছে বেশি পরিচিত। এ মরুভূমির দক্ষিণ-পশ্চিমে রয়েছে আন্দিজ পর্বতমালা এবং পূর্বে আটলান্টিক মহাসাগর। ফলে এক ঢিলে দুই পাখি মারতে প্রতিবছর হাজার হাজার পর্যটক এখানে আসেন। প্রায় ৬ লাখ ৭৩ হাজার বর্গকিলোমিটার এলাকাজুড়ে মরুভূমিটি বিস্তৃত। অনেক উদ্ভিদ ও প্রাণী এ মরুভূমিতে দেখা যায়।

গোবি মরুভূমি ঃ এশিয়া মহাদেশের সবচেয়ে বড় এ মরুভূমি রয়েছে চীন ও মঙ্গোলিয়ার দক্ষিণ অঞ্চলজুড়ে। এর আয়তন প্রায় ১০ লাখ ৩০ হাজার বর্গকিলোমিটার। চেঙ্গিস খান এখানেই তাঁর মঙ্গোল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন। ঋতু পরিবর্তনের সঙ্গে সঙ্গে এখানকার আবহাওয়ায় ব্যাপক পরিবর্তন আসে। শীতকালে যেখানে তাপমাত্রা থাকে মাইনাস ৪০ ডিগ্রি সেলসিয়াস, গ্রীষ্মকালে সেখানে তাপমাত্রা হয় প্রায় ৫০ ডিগ্রি সেলসিয়াস। এ মরুভূমির বেশির ভাগ জায়গায় রয়েছে পাথর ও পাহাড়। এখানে বৃষ্টিপাত প্রায় হয় না বললেই চলে।

আরব মরুভূমি ঃ এটি ইয়েমেন থেকে পারস্য উপসাগর, ওমান ও জর্ডান হয়ে ইরাক পর্যন্ত বিস্তৃত। আয়তন প্রায় ২০ লাখ ৬০ হাজার বর্গকিলোমিটার। এখানে ১০২ প্রজাতির স্থানীয় স্তন্যপায়ী প্রাণী এবং ৩১০ প্রজাতির পাখি রয়েছে। আরও রয়েছে প্রায় ৩৭ প্রজাতির উদ্ভিদ। এর মধ্যে ২০ প্রজাতির উদ্ভিদ পাওয়া যায় বালুতে। বার্ষিক বৃষ্টিপাত ৩ দশমিক ৯ ইঞ্চিরও কম। মরুভূমিটি সাহারা মরুভূমির কাছাকাছি হওয়ায় দিনে এখানকার তাপমাত্রা থাকে প্রায় ৫০ ডিগ্রি সেলসিয়াস। তবে রাতে আবার তাপমাত্রা কমে যায়।

সাহারা মরুভূমি ঃ বালুর টিলা ও উট নিয়ে শুরুতে মরুভূমির যে বর্ণনা দিয়েছিলাম, তা আসলে আফ্রিকার সাহারা মরুভূমি। বিশ্বের তৃতীয় বৃহত্তম মরুভূমি হলেও এটিই সবচেয়ে বড় গ্রীষ্মমণ্ডলীয় মরুভূমি। এর আয়তন ৯০ লাখ ১০ হাজার বর্গকিলোমিটার। আফ্রিকার উত্তরে মিসর, মরক্কো, আলজেরিয়া, তিউনিসিয়া, লিবিয়া, সুদান, মালিসহ প্রায় ১৩টি দেশ জুড়ে রয়েছে সাহারা মরুভূমি। এ মরুভূমির লিবিয়া ও আলজেরিয়া অংশে প্রচুর তেল ও প্রাকৃতিক গ্যাস পাওয়া যায়। এ ছাড়া তামা, লোহা ও ফসফরাসও রয়েছে। এখানে বছরে গড় বৃষ্টিপাত প্রায় ৪ থেকে ১০ ইঞ্চি।

আর্কটিক মেরু মরুভূমি ঃ বিশ্বের সবচেয়ে বড় দুটি মরুভূমিই মেরু অঞ্চলে অবস্থিত। এটি আলাস্কা, কানাডা, গ্রিনল্যান্ড, আইসল্যান্ড, ফিনল্যান্ড, সুইডেন, নরওয়ে ও রাশিয়াজুড়ে বিস্তৃত। এর আয়তন প্রায় ১ কোটি ৩৯ লাখ বর্গকিলোমিটার। এখানকার তাপমাত্রা অনেক ঠান্ডা। বাতাস অনেক শুষ্ক হওয়ায় বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই বললেই চলে। যদিও এখানে তুষার পড়ে। কিন্তু তা গলে পানি হয় না। বরফই থেকে যায়। তবু এখানে অনেক প্রজাতির পাখি ও মেরু ভালুক দেখা যায়।

অ্যান্টার্কটিক মেরু মরুভূমি ঃপৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ অ্যান্টার্কটিকা। একই সঙ্গে সবচেয়ে বড় মরুভূমিও। এই হিমশীতল মরুভূমিটি ১ কোটি ৪২ লাখ বর্গকিলোমিটার এলাকাজুড়ে বিস্তৃত। যেদিকে তাকাবে শুধু বরফ আর বরফ দেখতে পাবে। এখানে বছরে ১ ইঞ্চি বৃষ্টিপাতও হয় না। পৃথিবীর সবচেয়ে কম ঘনবসতিপূর্ণ এলাকাও এই মরুভূমিকে বলতে পারো। যেখানে মরুভূমি মানে শুধু বালু আর গরম মনে হয়, সেখানে বিশ্বের সবচেয়ে বড় মরুভূমিতে নেই কোনো বালুর চিহ্ন। গরমের কথা তো চিন্তাও করা যায় না। এটিই পৃথিবীর সবচেয়ে শীতলতম স্থান। শীতকালে অ্যান্টার্কটিকার তাপমাত্রা মাইনাস ৮৯ ডিগ্রিতে পৌঁছায়। যদিও এখানে কোনো মানুষের বসবাস নেই; তবে মাঝেমধ্যে বিজ্ঞানীরা গবেষণার জন্য বিশ্বের সবচেয়ে বড় মরুভূমিতে ঘাঁটি গাড়েন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



খোয়াই বিধানসভার অন্তর্গত খোয়াই নতুন টাউন হলে, ভারতীয় জনতা পার্টি খোয়াই মন্ডলের উদ্যোগে ''মতদাতা অভিনন্দন যাত্রা''র আয়োজন করা হয়। উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, খোয়াই জেলা সভাপতি তথা কল্যাণপুর প্রমোদনগর কেন্দ্রের বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াইয়ের পৌর পিতা দেবাশীষ নাথ শর্মা, বিজেপি খোয়াই জেলা কমিটির সাধারন সম্পাদক সমীর কুমার দাস, খোয়াই জিলা পরিষদের সদস্য তথা মন্ডল সভাপতি সুব্রত মজুমদার, রাজ্য কমিটির সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ দলের অন্যান্য কার্যকর্তারা।

# এমএসপি-তে গম কেনার জন্য কৃষকদের একাউন্টে ৬১ লক্ষ কোটি টাকা দিয়েছে কেন্দ্র

নয়াদিল্লি, ৩ জুলাই : ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া (চঙ্খজ্জ) বর্তমান রবি বিপণন মরসুম (ট্রগ্ধচ্ছ) ২০২৪-২৫ এর সময় সফলভাবে ২৬৬ লক্ষ মেট্রিক টন (জ্রক্ষ্ট) গম সংগ্রহ করেছে, যা গত বছরের ২৬২ লক্ষ মেট্রিক টন এর পরিসংখ্যানকে ছাড়িয়ে গেছে এবং দেশের খাদ্যশস্যের পর্যাপ্ততা নিশ্চিত করেছে। রবি বিপণন মরশুম ২০২৪-২৫ এর সময় গম কেনার জন্য ২২ লক্ষেরও বেশি ভারতীয় কৃষক উপকৃত হয়েছেন। ন্যূনতম সমর্থন মূল্যে (এমএসপি) গম কেনার জন্য অবিলম্বে এই কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রায় ৬১ লক্ষ কোটি টাকা সরাসরি জমা করা হয়েছে।

রবি বিপণন মরশুমের অধীনে গম সংগ্রহ সাধারণত প্রতি বছরের ১লা এপ্রিল শুরু হয়; যাইহোক, কৃষকদের সুবিধার্থে, বেশিরভাগ সংগ্রহকারী রাজ্যে এই বছর প্রায় এক পাক্ষিকের মধ্যে এটি অগ্রিম করা হয়েছিল। এই অর্জন কৃষকের স্বার্থ রক্ষা এবং সবার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের অব্যাহত প্রতিশ্রুতিকে তুলে ধরে।

বিভিন্ন গম সংগ্রহকারী রাজ্য থেকে সংগৃহীত অস্থায়ী পরিসংখ্যান অনুসারে, রবি বিপণন মরশুম ২০২৪-২৫ এর মধ্যে মোট গম সংগ্রহের পরিমাণ ২৬৬ লক্ষ মেট্রিক টন, রবি বিপণন মরশুম ২০২৩-২৪-এর ২৬২ লক্ষ মেট্রিক টন এবং ট্রগ্ধচ্ছ ২০২২-২৩-এর মধ্যে রেকর্ড করা ১৮৮ লক্ষ মেট্রিক টন ছাড়িয়ে গেছে। উত্তরপ্রদেশ এবং রাজস্থান রাজ্যগুলি তাদের গম সংগ্রহের পরিমাণে উল্লেখযোগ্য উন্নতি দেখিয়েছে। উত্তরপ্রদেশ গত বছরের ২.২০ লক্ষ মেট্রিক টন এর তুলনায় ৯.৩১ লক্ষ মেট্রিক টন সংগ্রহ রেকর্ড করেছে, যেখানে রাজস্থান ১২.০৬ লক্ষ মেট্রিক টন অর্জন করেছে, যা আগের মরসুমে ৪.৩৮ লক্ষ মেট্রিক টন থেকে বেশি।

গম সংগ্রহের পর্যাপ্ত পরিমাণ এফসিআইকে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে (পিডিএস) খাদ্যশস্যের স্থিতিশীল প্রবাহ নিশ্চিত করতে সাহায্য করেছে। ঞ্চপ্তগুজ্ঞু সহ বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের অধীনে প্রায় ১৮৪ লক্ষ মেট্রিক টন গমের বার্ষিক প্রয়োজন মেটাতে এই সম্পূর্ণ ক্রয় প্রক্রিয়াটি গুরুত্বপূর্ণ।

ভারত সরকার রবি বিপণন মরশুম ২০২৪-২৫ এর জন্য গমের জন্য প্রতি কুইন্টাল ২২৫৭ টাকা ন্যূনতম সমর্থন মূল্য (প্তচ্ছঞ্ঝ) ঘোষণা করেছে। প্তচ্ছঞ্ঝ একটি নিরাপত্তা বেষ্টনী হিসাবে কাজ করে, যাতে কৃষকরা ন্যায্য মূল্য পান। অধিকন্তু, কৃষকরা তাদের খাদ্যশস্য খোলা বাজারে বিক্রি করতে পারেন স্বাধীনভাবে, যদি তারা ভাল দাম পায়, যার ফলে একটি প্রতিযোগিতামূলক বাজার পরিবেশ তৈরি হয়। প্তচ্ছঞ্ঝ-এর নিশ্চয়তা এবং খোলা বাজারে বিক্রির নমনীয়তা সম্মিলিতভাবে কৃষকদের জন্য আরও ভালো আয়ের নিরাপত্তা দিয়েছে।

গম ছাড়াও, ২০২৩-২৪ খরিফ বিপণন মরসুমে, কেন্দ্রীয় পুলের জন্য ধান সংগ্রহ ৭৭৫ লক্ষ মেট্রিক টন ছাড়িয়েছে, ক্রয়ের জন্য এই কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১.৭৪ লক্ষ কোটি টাকার বেশি বিতরণের মাধ্যমে এক কোটিরও বেশি কৃষক উপকৃত হয়েছে। এই কৃষকরা বেশিরভাগই সারা দেশে ছড়িয়ে থাকা প্রান্তিক কৃষকরা উপকৃত হন। ধানের বর্তমান সংগ্রহের ফলে কেন্দ্রীয় পুলের চালের স্টক ৪৯০ লক্ষ মেট্রিক টন এর উপরে বেড়েছে, যার মধ্যে ১৬০ লক্ষ মেট্রিক টন চাল এখনও মিলিংয়ের পরে পাওয়া যায়নি। বার্ষিক চালের প্রয়োজন প্রায় ৪০০ লক্ষ মেট্রিক টন, অন্যদিকে ভারত সরকার কর্তৃক ১ লা জুলাইয়ের জন্য নির্ধারিত নিয়ম হল ১৩৫ লক্ষ মেট্রিক টন। চালের বর্তমান স্টক স্তরের সাথে, দেশটি কেবল তার পুরোনো স্টক নিয়মকেই নয়, তার গোটা বার্ষিক প্রয়োজনকেও ছাড়িয়ে গেছে। পরবর্তী খরিফ বিপণন মরসুম (জ্ঞপ্তচ্ছ) ২০২৪-২৫ এর অধীনে ক্রয় ছাড়াও অক্টোবর ২০২৪-এ শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। এই মরসুমে গম এবং ধানের যথেষ্ট সংগ্রহ সরকার, এফসিআই, রাজ্য সংস্থা, কৃষক এবং আড়তীয় (কমিশন এজেন্ট), হ্যান্ডলিং ও পরিবহন ঠিকাদার এবং সড়ক পরিবহন ঠিকাদার সহ অন্যান্য স্টেকহোল্ডারদের সম্মিলিত প্রচেষ্টার একটি প্রমাণ। এই অর্জন এফসিআই-এর সংগ্রহ এবং সঞ্চয়স্থানের পরিকাঠামোর দৃঢ়তার উপরও জোর দেয়, যা দেশে খাদ্য নিরাপত্তা বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ। এফসিআই ভারত জুড়ে খাদ্যশস্যের প্রাপ্যতা নিশ্চিত করা, কৃষক সম্প্রদায়কে সমর্থন করা এবং জাতীয় খাদ্য নিরাপত্তার বৃহত্তর লক্ষ্য অর্জনের লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ।

## হাথরাসের ঘটনায় উঠল সিবিআই তদন্তের দাবি, এলাহাবাদ হাইকোর্টে জনস্বার্থ মামলা

হাথরাস, ৩ জুলাই (হি.স.): উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্ট হয়ে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুর ঘটনায় উঠল সিবিআই তদন্তের দাবি। এই দাবি জানিয়েছেন আইনজীবী গৌরব দ্বিবেদী। এই মর্মে এলাহাবাদ হাইকোর্টে একটি জনস্বার্থ মামলাও দায়ের করেছেন তিনি। হাথরাসে পদপিষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় সিবিআই তদন্ত চেয়েছেন আইনজীবী গৌরব দ্বিবেদী।

উল্লেখ্য, হাথরাসে এক ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে হয়েছে ১১৬। বহু মানুষ অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মর্মান্তিক এই ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার অধীনে একাধিক ধারায় এফআইআর রুজু করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, ভারতীয় ন্যায় সংহিতার ১০৫, ১১০, ১২৬(২), ২২৩ ও ২৩৮ নম্বর ধারার অধীনে এফআইআর নথিভুক্ত করা হয়েছে। দেবপ্রকাশ মধুকর যাকে ''মুখ্য সেবাদার'' বলে উল্লেখ করা হয়েছে এবং ধর্মীয় অনুষ্ঠানের অন্যান্য আয়োজকদের বিরুদ্ধে এই এফআইআর দায়ের করা হয়েছে।

## উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্ট হয়ে মৃত্যু বেড়ে ১২১, আহত কমপক্ষে ২৮ জন

হাথরাস, ৩ জুলাই (হি.স.): উত্তর প্রদেশের হাথরাসে এক ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে হল ১২১। বহু মানুষ অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহতের সংখ্যা কমপক্ষে ২৮। রিলিফ কমিশনারের অফিস থেকে বুধবার সকালে জানানো হয়েছে, হাথরাসে পদপিষ্ট হওয়ার ঘটনায় মৃত্যুর সংখ্যা বেড়ে ১২১ হয়েছে এবং আহত হয়েছেন ২৮ জন। মর্মান্তিক এই ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার অধীনে একাধিক ধারায় এফআইআর রুজু করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, ভারতীয় ন্যায় সংহিতার ১০৫, ১১০, ১২৬(২), ২২৩ ও ২৩৮ নম্বর ধারার অধীনে এফআইআর নথিভুক্ত করা হয়েছে। দেবপ্রকাশ মধুকর যাকে ''মুখ্য সেবাদার'' বলে উল্লেখ করা হয়েছে এবং ধর্মীয় অনুষ্ঠানের অন্যান্য আয়োজকদের বিরুদ্ধে এই এফআইআর দায়ের করা হয়েছে। হাথরাসের রতিভানপুরে একটি ধর্মীয় অনুষ্ঠান চলছিল মঙ্গলবার। অনুষ্ঠান শেষ হতেই বিশৃঙ্খলার সৃষ্টি হয়। ওই অনুষ্ঠানে বিপুল সংখ্যক মানুষ জমায়েত হওয়ায় পরিস্থিতি আরও ঘোরালো হয়ে ওঠে। পদপিষ্টের পরিস্থিতি তৈরি হয়। আর তাতেই বিপুল সংখ্যক মানুষের মৃত্যু হয়েছে। বুধবার সকালে ডগ স্কোয়াড-সহ ফরেনসিক ইউনিট ঘটনাস্থলে যায়।

## হিন্দুদের নিয়ে মন্তব্যে বিপাকে রাহুল, দিল্লিতে বিক্ষোভ-প্রতিবাদ বিজেপির

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): লোকসভায় বিজেপিকে আক্রমণ করতে গিয়ে হিন্দুদের প্রসঙ্গ টেনে আনেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। হিন্দুদের প্রসঙ্গে বিতর্কিত মন্তব্য করার জন্য এবার বিপাকেই পড়লেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। রাহুলকে একহাত নিয়ে বুধবার সকালে দিল্লিতে বিক্ষোভ প্রদর্শন করল বিজেপি। রাহুলের মন্তব্যের তীব্র সমালোচনা করেন বিজপির নেতা-কর্মীরা। বিজেপি সাংসদ বাঁসুরি স্বরাজ বলেছেন, 'বিরোধী দলনেতা রাহুল গান্ধী ইচ্ছাকৃতভাবে দায়িত্বজ্ঞানহীন বিবৃতি দিয়েছেন। নিজ বক্তব্যের জন্য তাঁর ক্ষমা চাওয়া উচিত।

তিনি তোষণের রাজনীতিকে উৎসাহিত ও রাজনৈতিক লাভের জন্য এই বিবৃতি দিয়েছেন। তিনি যখন ভোটব্যাঙ্কের রাজনীতি দেখেন, তখন তিনি এই মন্তব্য করেন। তিনি যখন সংসদে বক্তৃতা দেন, তখন তাঁর মন্তব্যে হিন্দু ও সনাতন ধর্মবিরোধী মানসিকতা দেখা যায়।'

উল্লেখ্য, গত সোমবার বিরোধী দলনেতা রাহুলের 'হিন্দু' মন্তব্যের জেরে ক্ষোভে ফুঁসছে বিজেপি। রাষ্ট্রপতির প্রারম্ভিক ভাষণ নিয়ে আলোচনায় বক্তৃতা করছিলেন রাহুল।

সেই সময় শাসকজোটের সাংসদদের উদ্দেশে তিনি বলেন, "যাঁরা নিজেদের হিন্দু বলেন, তাঁরা কেবল হিংসার কথা বলেন, ঘৃণার কথা এবং অসত্য কথা বলেন।"

## হাথরাসে মৃত্যু-মিছিল : একাধিক আর্জি জানিয়ে সুপ্রিম কোর্টে মামলা

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): ধর্মীয় অনুষ্ঠানে মৃত্যু মিছিল! উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্টের ঘটনায় দেশজুড়ে আলোড়ন পড়ে গিয়েছে। কীভাবে একটি ছোট পরিসরে বিপুল সংখ্যক পুণ্যার্থীদের সমাগমের অনুমতি দিয়েছিল প্রশাসন? তা নিয়ে প্রশ্ন উঠছে। উত্তর প্রদেশ পুলিশ একাধিক ধারায় মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে। যদিও ধর্মগুরু নারায়ণ সাকার হরির (ভোলে বাবা) বিরুদ্ধে এখনও পর্যন্ত কোনও মামলা দায়ের করেনি পুলিশ। সেই বিষয়েও উঠছে প্রশ্ন। এদিকে হাথরাসের পদপিষ্টের ঘটনার রেশ পৌঁছল সুপ্রিম কোর্টে। এক আইনজীবীর তরফে মামলা দায়ের করা হয়েছে দেশের সর্বোচ্চ আদালতে। মামলাকারীর আর্জি, হাথরাসের পদপিষ্টের ঘটনার তদন্তে একটি কমিটি গড়ে দিক সুপ্রিম কোর্ট। পাঁচজন বিশেষজ্ঞ সহ সেই কমিটির মাথায় থাকবেন সুপ্রিম কোর্টেরই কোনও প্রাক্তন বিচারপতি। তাঁরাই গোটা তদন্ত প্রক্রিয়াটি চালাবেন। এই ধরনের ধর্মীয় অনুষ্ঠান আয়োজনে কী কী পদক্ষেপ নেওয়া উচিত ওই কমিটিই যাতে সুপারিশ করতে পারে সেই ক্ষমতা দিক সুপ্রিম কোর্ট, আর্জি মামলাকারীর। গোটা ঘটনা প্রসঙ্গে সুপ্রিম কোর্টে একটি প্রাথমিক রিপোর্ট জমা দিক উত্তর প্রদেশ পুলিশ, এমন আর্জিও জানিয়েছেন মামলাকারী। এরই সঙ্গে ওই ধর্মীয় অনুষ্ঠানের আয়োজক ও প্রশাসনের আধিকারিকদের বিরুদ্ধে কড়া শাস্তির দাবিও জানিয়েছেন তিনি।

## প্রতিটি সমাজ ও সরকার এআই থেকে উদ্ভূত ঝুঁকি অনুভব করছে : অশ্বিনী বৈষ্ণব

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি ও ইলেকট্রনিক্স দফতরের মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বুধবার নতুন দিল্লিতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) সম্পর্কিত আন্তর্জাতিক সম্মেলন গ্লোবাল ইন্ডিয়া সামিটের উদ্বোধন করেছেন।

দু''''দিনের এই সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, যথার্থ প্রয়োগ ও প্রতিভার উন্মেষে সাহায্যের পাশাপাশি কৃত্রিম মেধা উদ্ভাবনের বিস্তার ক্ষেত্র নিয়ে উপস্থিত সদস্যরা বক্তব্য রাখবেন। বুধবার এই সম্মেলনে কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি ও ইলেকট্রনিক্স দফতরের মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, প্রতিটি সমাজ ও সরকার এআই থেকে উদ্ভূত ঝুঁকি অনুভব করছে।

কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, সাম্প্রতিক সাধারণ নির্বাচনে আমরা দেখেছি কীভাবে বিভ্রান্তি, ভুল তথ্য এবং ভুয়ো খবর বড় ঝুঁকি হতে পারে। সেই ঝুঁকি এআই-এর শক্তি দ্বারা বহুগুণ বেড়ে যায়। এমনটা শুধু যে আমরাই অনুভব করছি তা নয়, সমগ্র বিশ্ব একই অভিজ্ঞতা অর্জন করেছে। প্রতিটি সমাজ ও সরকার এআই-এর উপর ভিত্তি করে নতুন ঝুঁকি অনুভব করছে।

বিভিন্ন সমাজ অত্যন্ত পদ্ধতিগত এবং চিন্তা-ভাবনার উপায়ে সাড়া দিচ্ছে... আমরা এআই-এর সম্ভাব্যতার দিকে নজর দেওয়ার সাথে সাথে আমাদের সম্মিলিতভাবে একটি উপায় বের করতে হবে।'

## নিট থেকে অব্যাহতিই একমাত্র সমাধান, মন্তব্য অভিনেতা বিজয়ের

চেন্নাই, ৩ জুলাই (হি.স.): নিট-ইউজি পরীক্ষায় অনিয়ম ইস্যুতে এবার মুখ খুললেন তামিল অভিনেতা তথা টিভিকে দলের প্রধান বিজয়। বুধবার দলের এক অনুষ্ঠানে বিজয় বলেছেন, 'নিট পরীক্ষার ওপর থেকে মানুষ বিশ্বাস হারিয়েছে।

দেশের নিট-এর এর দরকার নেই। নিট থেকে অব্যাহতিই একমাত্র সমাধান।'

অভিনেতা বিজয় আরও বলেছেন, ''''রাজ্য বিধানসভায় পাস হওয়া নিট-এর বিরুদ্ধে প্রস্তাবকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাই। আমি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছি, তামিলনাড়ুর জনগণের আবেগকে সম্মান করতে। শিক্ষাকে সমকালীন তালিকা থেকে রাজ্য তালিকার আওতায় আনা উচিত।'

অভিনেতা বিজয়ের কথায়, 'একটি অন্তর্বর্তীকালীন সমাধান হিসাবে, একটি ''''বিশেষ সমবর্তী তালিকা'''' তৈরি করার জন্য ভারতীয় সংবিধান সংশোধন করা উচিত ও তাতে শিক্ষা এবং স্বাস্থ্য যুক্ত করা উচিত।'

## মুর্শিদাবাদে মাকে কুপিয়ে খুন করল ছেলে, অভিযুক্তকে খুঁজছে পুলিশ

মুর্শিদাবাদ, ৩ জুলাই (হি.স.): মাকে নৃশংসভাবে খুন করল ছেলে। বুধবার ভোরে ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের নওদার টুঙ্গি কলোনি পাড়ায়। মৃতার নাম রাইধনী মাঝিকে (৫৫)। ধারালো অস্ত্র দিয়ে তাঁকে কুপিয়েছে ছেলে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযুক্ত ছেলে কৃষ্ণ মাঝি ঘটনার পর থেকেই পলাতক। নওদা থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ-হাসপাতালে পাঠিয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মায়ের সঙ্গে প্রায়ই ঝামেলা হত ছেলের। প্রতিবেশীদের অভিযোগ, নেশা করে এসে মাকে কু-কথা শোনাত কৃষ্ণ। এর মাঝেই এদিন ভোরে ঘুমন্ত অবস্থায় রাইধনী দেবীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে কৃষ্ণ। এরপরই সে পালিয়ে যায়।

## তিস্তার জলে প্লাবিত একের পর এক গ্রাম

জলপাইগুড়ি, ৩ জুলাই (হি.স.) : তিস্তা নদীর জলে প্লাবিত মালবাজারের টোটগাঁও গ্রাম। সিকিম পাহাড়ে একটানা বৃষ্টির জেরে তিস্তা নদীর জল উপচে ঢুকতে শুরু করেছে গ্রামে। জলবন্দি এলাকার প্রায় ৫৩টি পরিবার। আতঙ্কে মানুষশূন্য হচ্ছে গোটা গ্রাম।সিকিম পাহাড়ে একটানা বৃষ্টির জেরে তিস্তা নদীর জল উপচে গ্রামে ঢুকতে শুরু করেছে। ঘরের ভেতর বাড়ির উঠোনের উপর দিয়ে বইছে জলের স্রোত। কোথাও এক হাঁটু জল তো কোথাও এক কোমর জল। বাড়ি ঘর ছেড়ে ভয়ে অন্যত্র নিরাপদ জায়গার খোঁজে পালিয়ে যেতে শুরু করেছেন গ্রামবাসীরা।

## হাথরাসে পদপিষ্ট হয়ে মৃত্যু বেড়ে ১১৬, একাধিক ধারায় এফআইআর রুজু পুলিশের

হাথরাস, ৩ জুলাই (হি.স.): উত্তর প্রদেশের হাথরাসে এক ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে জল ১১৬। বহু মানুষ অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মর্মান্তিক এই ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার অধীনে একাধিক ধারায় এফআইআর রুজু করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, ভারতীয় ন্যায় সংহিতার ১০৫, ১১০, ১২৬(২), ২২৩ ও ২৩৮ নম্বর ধারার অধীনে এফআইআর নথিভুক্ত করা হয়েছে। দেবপ্রকাশ মধুকর যাকে ''মুখ্য সেবাদার'' বলে উল্লেখ করা হয়েছে এবং ধর্মীয় অনুষ্ঠানের অন্যান্য আয়োজকদের বিরুদ্ধে এই এফআইআর দায়ের করা হয়েছে।

হাথরাসের রতিভানপুরে একটি ধর্মীয় অনুষ্ঠান চলছিল মঙ্গলবার। অনুষ্ঠান শেষ হতেই বিশৃঙ্খলার সৃষ্টি হয়। ওই অনুষ্ঠানে বিপুল সংখ্যক মানুষ জমায়েত হওয়ায় পরিস্থিতি আরও ঘোরালো হয়ে ওঠে। পদপিষ্টের পরিস্থিতি তৈরি হয়। আর তাতেই বিপুল সংখ্যক মানুষের মৃত্যু হয়েছে। বুধবার সকালে ডগ স্কোয়াড-সহ ফরেনসিক ইউনিট ঘটনাস্থলে যায়। হাথরাসের সিএমও মনজিৎ সিং বলেছেন, 'এখানে ১০ জন রোগী ভর্তি আছেন এবং তাঁরা সবাই স্থিতিশীল। এখানে ৩৮টি মৃতদেহ এসেছে। তাদের মধ্যে চারজনকে আগ্রায় পাঠানো হয়েছে। বাকি ৩৪ জনের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে... এখন দু''জনকে পাঠানো হবে এবং তাদের মধ্যে দুজন অজ্ঞাত।'


**PRESS NOTICE INVITING TENDER**
**NO :04/EE/DWS-I/2024-25**

Separate sealed tenders are invited for Hiring of vehicle.
Last date of submission of Application :- Up to 4.00pm. on 20-07-2024

| Sl no | DNIT No | Estimated Cost | Earnest Money |
|---|---|---|---|
| 1 | 07 / EE / DWS-I / 2024-25 | ₹4,45,300.00 | ₹8,906.00 |
| 2 | 08 / EE / DWS-I / 2024-25 | ₹4,30,700.00 | ₹8,614.00 |
| 3 | 09 / EE / DWS-I / 2024-25 | ₹4,30,700.00 | ₹8,614.00 |
| 4 | 10 / EE / DWS-I / 2024-25 | ₹4,01,500.00 | ₹8,030.00 |
| 5 | 11 / EE / DWS-I / 2024-25 | ₹4,30,700.00 | ₹8,614.00 |
| 6 | 14 / EE / DWS-I / 2024-25 | ₹3,86,640.00 | ₹7,733.00 |

Other details of NIT as well as terms and conditions of the tender can be seen in the office of the undersigned during office hours on any working day.
**ICA/C/679/24**

**(For and on behalf of Governor of Tripura)**
**(Er. Gopi Majumder)**
**Executive Engineer**
**DWS Division Agartala-.I**
**Agartala, Tripura (W).**


## সুষ্ঠুভাবেই চলছে অমরনাথ যাত্রা, পুণ্যার্থীদের সব ধরনের সহায়তা প্রশাসনের

জম্মু, ৩ জুলাই (হি.স.): কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা সুষ্ঠুভাবে চলেছে। বুধবার অমরনাথ যাত্রার পঞ্চম দিনে বিপুল সংখ্যক পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। তীর্থযাত্রীদের যাতে কোনও রকম সমস্যা না হয়, তাই সব ধরনের পরিষেবা পৌঁছে দিতে প্রশাসন তৎপর রয়েছে। যাত্রাপথে মোতায়েন রয়েছে বিপুল সংখ্যক নিরাপত্তা বাহিনী। চলতি বছর অমরনাথ যাত্রা শুরু হয়েছে ২৯ জুন থেকে, চলবে আগামী ১৯ আগস্ট পর্যন্ত। প্রতিদিন সকাল এবং সন্ধ্যায় তীর্থযাত্রীদের জন্য লাইভ টেলিকাস্টের (সরাসরি সম্প্রচার) ব্যবস্থা করা হচ্ছে। ৩,৮৮০ মিটার উচ্চতায় অবস্থিত বরফে ঢাকা

## উত্তরাখণ্ডে ফের ভূমিধস, অবরুদ্ধ হয়ে পড়ল বদ্রীনাথ জাতীয় সড়ক

দেহরাদূন, ৩ জুলাই (হি.স.): প্রবল বৃষ্টিপাতের কারণে উত্তরাখণ্ডের বিভিন্ন এলাকায় প্রায়শই ভূমিধসের ঘটনা ঘটছে। বুধবারও অব্যাহত ভূমিধসের ঘটনা। এদিন ভূমিধসের জেরে বন্ধ হয়ে যায় বদ্রীনাথ জাতীয় সড়ক। এছাড়াও ডাবরকোটে যমুনোত্রী জাতীয় সড়কের কাছে রাস্তাও ভূমিধসের কারণে অবরুদ্ধ হয়ে পড়েছে।

বদ্রীনাথ জাতীয় সড়কের একটি অংশ ধসে গিয়েছে। উত্তরাখণ্ড পুলিশ জানিয়েছে, ধসের কারণে পাগলনালার কাছে বদ্রীনাথ জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে পড়েছে। এছাড়াও ডাবরকোটে যমুনোত্রী জাতীয় সড়কের কাছে রাস্তাও ভূমিধসের কারণে অবরুদ্ধ হয়ে পড়েছে। রাস্তা পরিষ্কারের কার্যক্রম চললেও ক্রমাগত ধসের কারণে রাস্তা পরিষ্কার করতে সময় লাগছে।

## ৪ জুলাই দেশে ফিরছে টিম ইন্ডিয়া, বিশেষ বিমানের ব্যবস্থা করেছেন জয় শাহ

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): টিম ইন্ডিয়া দেশে ফিরছে ৪ জুলাই, বৃহস্পতিবার। টিম ইন্ডিয়ার সদস্যদের নিয়ে বিশেষ বিমান বৃহস্পতিবার ভোরে দিল্লি বিমানবন্দরে অবতরণ করবে। হারিকেন বেরিলের জন্য টিম ইন্ডিয়ার সদস্যদের দেশে ফিরতে দেরি হয়েছে। বিসিসিআই সচিব জয় শাহ বিশেষ বিমানের ব্যবস্থা করেছেন, টিম ইন্ডিয়ার সদস্যদের পাশাপাশি ওই বিমানে ভারতীয় মিডিয়ার সদস্যদেরও দেশে ফিরিয়ে আনা হবে।

বার্বাডোজে ঘূর্ণিঝড় বেরিল-এর দাপট রয়েছে। সেটার কারণে আবহাওয়ার পরিস্থিতি খারাপ হচ্ছে। তাই বিমান পরিষেবা বন্ধ রাখা হয়েছিল। ভারতীয় দলও বিশ্বকাপ জেতার পর আটকে ছিল সেই দেশে। অবশেষে বুধবার সকালে মিলল স্বস্তির খবর। বৃহস্পতিবারই ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ থেকে দেশে ফিরছেন রোহিতরা।

## হাথরাসের ঘটনার জন্য উত্তর প্রদেশ সরকার সম্পূর্ণ দায়ী : অখিলেশ যাদব

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.): উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্ট হয়ে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুতে উত্তর প্রদেশ সরকারকে দুষলেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। বুধবার অখিলেশ যাদব বলেছেন, হাথরাসের ঘটনার জন্য উত্তর প্রদেশ সরকার সম্পূর্ণ দায়ী। সপা প্রধান অখিলেশ যাদব বলেছেন, 'এটি অত্যন্ত বেদনাদায়ক ঘটনা। আমরা এই ঘটনায় শোকাহত। উত্তর প্রদেশ সরকার এবং প্রশাসন এই ঘটনার জন্য সম্পূর্ণরূপে দায়ী। এই ঘটনায় প্রাণহানি হয়েছে সরকারের অবহেলার কারণে।


PRESS NOTICE INVITING e-TENDER NO: 09/EE-JRN/PWD/2024-25 Dated:01-07-2024

The Executive Engineer, Jirania Division, PWD(R&B) Jirania invites on behalf of the 'Government of Tripura percentage rate e-tender from the Central & State public sector undertaking/enterprise and eligible Bidders/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 22-07-2024 for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No:01/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 24,20,626.60 | ₹ 48,413.00 | 90 (Ninety) Days | Appropriate Class |
| 2 | DNIeT No:02/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 24,23,475.00 | ₹ 48,470.00 | 90 (Ninety) Days | Appropriate Class |
| 3 | DNIeT No:04/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 (2nd Call) | ₹ 23,80,392.00 | ₹ 47,608.00 | 120 (One hundred twenty) Days | Appropriate Class |
| 4 | DNIeT No:25/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 (2nd Call) | ₹ 24,24,049.00 | ₹ 48,481.00 | 90 (Ninety) Days | Appropriate Class |
| 5 | DNIeT No:45/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 24,22,820.00 | ₹ 48,456.00 | 180 (One hundred Eighty) Days | Appropriate Class |
| 6 | DNIeT No:46/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 24,26,013.00 | ₹ 48,520.00 | 180 (One hundred Eighty) Days | Appropriate Class |
| 7 | DNIeT No:51/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 24,19,052.00 | ₹ 48,381.00 | 90 (Ninety) Days | Appropriate Class |
| 8 | DNIeT No:52/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 11,17,757.00 | ₹ 22,355.00 | 90 (Ninety) Days | Appropriate Class |
| 9 | DNIeT No:55/R/DNIe-T/EE-JRN/PWD(R&B)/2024-25 | ₹ 22,25,681.00 | ₹ 44,514.00 | 30 (Thirty) Days | Appropriate Class |

Bid document can be seen in the website https://tripuratenders.gov.in. W.e.f 02-07-2024 to 22-07-2024.
Last Date and Time for Document Downloading and Bidding: 22-07-2024 up to 15.00 Hrs
Date and Time for Opening of BID: 22-07-2024 up to 15.30 Hrs
Document Downloading and Bidding at Application: https://tripuratenders.gov.in.
Class of tenderer :- Appropriate Class.
Bid Fee: Rs. 1,000 each, (Non refundable).
All details are available in the https://tripuratenders.gov.in.
Note: *NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER*
**ICA/C/676/24**

**For and on behalf of the Governor of Tripura**
**ExecutiveEngineer**
**Jirania Division, PWD(R&B)**
**Jirania, West Tripura eejirania@gmail.com**

**PNIT No. F. 04/EE/PWD(R&B)/KHW/2024-25**
**date: 01-07-2024**

The Executive Engineer, Khowai Division, PWD(R&B), Khowai, Tripura on behalf of the Governor of Tripura', invites online percentage rate e-tender for the following works:

| Sl. No. | Name of work/ DNIeT | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 16/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 24,03,496.00 | ₹ 48,070.00 | 120 ( One hundred Twenty) Days |
| 2 | DNIeT No: 17/EE/PWD(R&B)/KHW/2024-25 | ₹ 20,07,069.00 | ₹ 40,141.00 | 90 ( Ninety) Days |

Note: The bid forms and other details including online activities should be done in the e- procurement portal https://tripuratenders.gov.in
**ICA/C/670/24**

**Executive Engineer**
**Khowai Division, PWD(R&B)**
**Khowai Tripura**

# হরেকরকম

# অতিরিক্ত মেদ নিয়ন্ত্রণে রাখতে পারেন মেথি খেয়ে



শারীরিক কসরত করলে ঘাম হবেই। কিন্তু এই আবহাওয়ার সঙ্গে পাল্লা দিয়ে ঘাম ঝরলে অন্য কাজ করার ইচ্ছেশক্তি লোপ পায়। শীতাতপ নিয়ন্ত্রিত ঘরে বসে, নিজের মতো করে যোগাসন করা যায় ঠিকই, তবে তাতে বিশেষ কাজ হয় না। সত্যিই যদি মেদ ঝরাতে হয়, তা হলে বিপাকহারের সামান্য রদবদল ঘটাতে হবে। সেই কাজে সাহায্য করবে মেথি।

অনেকেই রক্তে শর্করা নিয়ন্ত্রণে রাখতে সকালে উঠে মেথি ভেজানো জল খান। তবে আরও নানা উপায়ে মেথি খাওয়া যেতে পারে। জেনে নিন, সেগুলি কী কী?

মেথি গুঁড়ো: মেথিতে উচ্চ মাত্রায় ক্যারোটিনয়েড থাকে, যা দ্রুত মেদ ঝরাতে সাহায্য করে। বাড়িতে শুকনো খোলায় মেথি ভেজে গুঁড়িয়ে নিন। এর পর তা গরম জলে মিশিয়ে খান। এই জলে লেবু ও মধুও মেশাতে পারেন।

মেথি চা: সকালে উঠে মেথি-চায়ে চুমুক দিতে পারেন। এই পানীয় হজমশক্তি বৃদ্ধিতে সাহায্য করবে, সঙ্গে রক্তচাপ নিয়ন্ত্রণও হবে। তেতো স্বাদ পছন্দ না হলে, চায়ে দিয়ে দিতে পারেন এলাচ কিংবা আদা। মেথির বীজ বেটে রেখে দিতে পারেন। এ বার জল ফুটিয়ে তাতে সেই মিশ্রণ মেশান। এ বার এতে চা যোগ করে ফুটিয়ে নিন কিছু ক্ষণ। খালিপেটে এমন চা খেয়ে দেখুন, উপকার পাবেন।

অঙ্কুরিত মেথি: ভিটামিন ও খনিজে ভরপুর মেথির দানা হজমশক্তি বৃদ্ধিতে দারুণ উপকারী। একটি পাত্রে মেথির বীজ নিয়ে তার উপর একটি ভিজে কাপড় ঢাকা দিয়ে রাখুন। মাঝেমাঝেই কাপড়টিতে জল দিন। দিন তিনেক পর মেথির বীজ থেকে অঙ্কুরোদ্গম হবে। এই অঙ্কুরিত মেথিও নিয়মিত খেতে পারলে ওজন ঝরবে দ্রুত।

# দাম্পত্য কলহের প্রভাব পড়ছে দৈনন্দিন যাপনে



দাম্পত্য মানেই ঠোকাঠুকি, মান-অভিমান থাকবে, সেটাই স্বাভাবিক। কলহ ছাড়া কি সত্যিই দাম্পত্য সম্পর্ক হয়? তবে সেই কলহের চোটে যদি বাড়িতে কাক-চিল বসতে না পারে, তা হলে অবশ্য ভাবার বিষয় রয়েছে।

যে কোনও সম্পর্কে মতের অমিল হয়। তা নিয়ে উঁচু গলায় বাক্যলাপও খুব সাধারণ বিষয়। এ বেলার ঝগড়া ও বেলা মিটে যায়, বা বড়জোড় তার মেয়াদ এক থেকে দু'দিন হতে পারে।

কিন্তু যদি কলহ দিনের পর দিন চলতে থাকে, তবে সমাধানের উপায় ভাবতেই হবে।

দাম্পত্য-কলহ সামাল দিতে কী করবেন? ১. যে বিষয় নিয়ে নিত্য ঝামেলা, তা নিয়ে কথা বলাই বন্ধ করুন সাময়িক ভাবে। বিষয়টি স্বামী বা স্ত্রী, কেউ তুলবেন না। বরং সেগুলো বাদ দিয়ে দু'জনের মধ্যে স্বাভাবিক কথোপকথন বজায় রাখুন। কয়েকটা দিন শান্ত থাকলে, দু'জনেই আলাদা করে সমস্যা নিয়ে ঠান্ডা মাথায় ভাবার সুযোগ পাবেন। তখন দু'জনে বসে বিষয়টি নিয়ে আলোচনা করতে পারেন। ঝগড়া নয়।

২.খারাপ কথা নয়। মাথা গরম থাকলে একে অন্যকে যত কুকথা বলবেন, ততই তিক্ততা বাড়বে। কলহের বিষয় হয়তো পরে বদলে যাবে, তবে মনে দুঃখ দেওয়া কথা কিন্তু ফিরিয়ে নেওয়া যাবে না। তাই যত অশান্তিই হোক, গালি-গালাজ করা থেকে বিরত থাকুন। এমন কোনও কথা কেউ কাউকে বলবেন না, যার কারণে সম্পর্কে স্থায়ী ফাটল ধরতে পারে।

৩. সুন্দর দাম্পত্য সম্পর্কের জন্য সু শারীরিক সম্পর্ক জরুরি। এতে মনের বাঁধনও দৃঢ় হয়। আবার কলহ শেষে বা মান ভাঙাতে একে অপরকে আলিঙ্গন কিন্তু ম্যাজিকের মতো কাজ করতে পারে।

৪. কলহ দীর্ঘ দিন জিইয়ে থাকার অন্যতম কারণ হতে পার "ইগো" বা অহংবোধ। কেউ কারও কাছে নিচু হতে চান না। কাছের মানুষকে "সরি" বা "দুঃখিত" বলায় কিন্তু কেউ ছোট হয়ে যায় না। অনেক সময় দু'জনের মনেই অভিমান থাকে, আর তা এত বেশি হয়ে যায় যে, চাইলেও একে অপরের কাছে আসতে পারেন না। একটু সেকেলে ধরনের হলেও, কোনও ছোট চিরকুটে মনের কথা লিখে দেওয়া বা সামনাসামনি বলতে না পারা কথা চিঠিতে লিখেও অন্য মানুষটিকে জানাতে পারেন।

৫.ঝগড়ার সময় ভীষণ ভাবে "আমি" এসে যায়। আমি এই করি, তুমি কী কর বা করেছ? শুরু হয় দোষারোপের পালা। মাথা গরম থাকলে কথা না বাড়িয়ে সেখান থেকে সরে যান। পরে একলা বসে ভাবুন, সবেতেই কি অন্য মানুষটির দোষ ছিল? আপনার কোনও ভূমিকা ছিল না? ভাবলেই উত্তর মিলবে।

# নক-আউট

আমি এই অফিসের প্রবেশদ্বার। আগে কাঠের কাঠামো ছিল যা অফিসের শীতাতপ নিয়ন্ত্রিত করার পর কাঁচ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে। দেয়ালের কান থাকলে আমারও চোখ আছে। যুগ যুগ ধরে হিংসা, চাটুকারিতা, ষড়যন্ত্র, দুর্নীতি ইত্যাদির অনেক গল্পের নীরব দর্শক হয়ে আছি। এই অফিসের প্রত্যেক কর্মচারীর চরিত্র আমার জানা। কারণ ভিতরে বা বাইরে যেতে সবাইকে আমাকে অতিক্রম করতে হবে। বরাবরের মতো আজ সকালেও বিধুবাবু অফিসে ঢুকলেন। এবার শুনুন তার পর কি হয়েছিলো...



ছবি ও মুল ভাবনা - এস.কে., দত্ত

শ্রীকুমার দত্ত (গুয়াহাটি)

সপ্তাহের প্রথমদিনে সকালবেলা বিধুবাবু অফিসে ঢুকে নিজের চেয়ারএ বসতে না বসতেই অফিস পিয়ন ভোলা এসে হাতে একটা লম্বা খাম ধরিয়ে দিলো। এ আবার কি আপদ রে বাবা ! কিছু দ্বিধা, কিছু শঙ্কা নিয়ে খামটা খুলতেই মাথায় যেন আকাশ ভেঙে পড়লো। কোম্পানির জেনারেল ম্যানেজার রাজেশ কুমারের সই করা চিঠি।এই রাজেশ কুমার এই অফিসে এক সন্ত্রাস। এই লোকটি অহং এবং ধর্ষকামবোধে পূর্ণ। সুযোগ পেলেই সে তার অধস্তনদের বয়স নির্বিশেষে অন্যদের সামনে অপমান করতে ব্যর্থ হয় না। এতো আপদ নয় সাক্ষ্যাৎ বিপদ - বিধুবাবুকে এই অফিস থেকে স্থানান্তর করা হয়েছে শাখা অফিসএ। তাও এই শহর বা রাজ্যেও নয়,সেই সুদূর অসম রাজ্যে। তিনদিনের মধ্যে সেখানে গিয়ে জয়েন করতে হবে।এই বিনামেঘে বজ্রপাতের কারণটা স্বাভাবিকভাবেই অজানা। সহকর্মীরা সব অবাক! বিধুবাবু নেহাতই ভদ্রলোক, কাজেকর্মেও কোনো ত্রূটি নেই। তবে অফিস আসতে পাঁচ-দশ মিনিট দেরি হয়, এই যা। তাহলে কারণটা কি ?

বদলি রহস্যের জট খুললো কিছুদিন বাদে যখন এইচ আর ডিপার্টমেন্টের এক সহকর্মী পর্দা ফাঁস করলো। একাউন্টস ডিপার্টমেন্টের অনিতা নামের এক মহিলা কর্মচারীর প্রতি জেনারেল ম্যানেজার সাহেব নাকি বিশেষভাবে অনুরক্ত। অফিসএ এই রকম একটা কানাঘুষো আগের থেকেই ছিল। সেই মহিলা কোনো কাজ নিয়ে বড় সাহেবের "ডোন্ট ডিসটার্ব" লাল বাতিটা জ্বলে উঠে। ফোর্সড ব্যাচেলর রাজেশ কুমারের জন্য অনিতা প্রায়ই নানা ধরণের খাবার বানিয়ে আনেন। সে গুণী মহিলা নাকি গানও গাইতে জানেন আর জেনারেল ম্যানেজার সাহেব তো বিশাল সংগীত-প্রেমী। এহেন একজন গুরুত্বপূর্ণ মহিলাকে একদিন ক্যান্টিনে বসে লাঞ্চ খেতে খেতে বিধুবাবু কি কুক্ষণে যে কথাচ্ছলে বলেছিলেন-"আরে ম্যাডাম, কি রোজ রোজ কষ্ট করে খাবার বানিয়ে আনেন। চলুন না একদিন ভালো একটা রেস্টুরেন্টে গিয়ে চাইনিজ খাওয়া যাক। বিলটা নাহয় আমিই মিটিয়ে দেবো"। এখানেই বিধুবাবু করে বসলেন ক্ষমার অযোগ্য অপরাধ।

অতি বুদ্ধিমতী মহিলা কিছু না বলে মুচকি হেসে কথাটা পাশ কাটিয়ে গেলেও বড় সাহেবের কানে তুলতে দেরি করলেন না। ব্যাস,ওই কথাতেই রসিক নাগর রাজেশ কুমার তার সাম্রাজ্যে অনাধিকার সীমালংঘনের অশনি সংকেত দেখতে পেলেন। তাই খেলা শুরু হবার আগেই এক প্রচণ্ড মুষ্টাঘাতে বিধুবাবুকে একেবারে রিঙের বাইরে পাঠিয়ে দিলেন। আর কর্পোরেট দাদাগিরির এক কঠিন দৃষ্টান্ত স্থাপন করলেন। একেই বোধহয় বলে "জোর যার মুলুক তার"।

# কোন টোটকায় দূর হবে ঘামের দাগ



বর্ষাকালের নানাবিধ সমস্যাছর মধ্যেম অন্যছতম একটি হল পোশাকের ভ্যা পসা গন্ধ। কাচার পরেও এমন গন্ধ সহজে যেতে চায় না। তা ছাড়া কাচার পরেও পোশাক অন্ধকার জায়গায় ফেলে রাখলে এমন দাগ এবং গন্ধ হয়ে যেতে পারে। সেই সঙ্গে জামাকাপড়ে সাদা দাগও পড়ে যায়। কিন্তু এই দাগ তোলা সহজ নয়। কী ভাবে এই দাগ দূর করবেন?

পোশাকের ক্ষেত্রে এই কালো দাগ দূর করার সবচেয়ে কার্যকরি উপায় ব্লিচ। তিন ভাগ জলে এক ভাগ ব্লিচ মিশিয়ে একটি মিশ্রণ তৈরি করে নিন। সেই মিশ্রণ কালো দাগের উপর মাখিয়ে কিছুক্ষণ রেখে দিন। তারপর কোনও ডিটারজেন্ট দিয়ে ধুয়ে ফেলুন। তবে সুতির পোশাক হলেই এই পদ্ধতিতে ছাতার দাগ তুলতে পারেন। যদি এমন কাপড়ের পোশাক হয়, যাতে ব্লিচ করতে পারবেন না, তা হলে ভিনিগার বা লেবুর রস ব্যবহার করতে হবে। একটি কটন প্যাড বা তুলো নিয়ে লেবুর রসে ভিজিয়ে দাগের উপর লাগিয়ে রাখুন। সঙ্গে একটু নুন নিয়ে ঘষে নিন। পারলে কিছুক্ষণ সূর্যের আলোয় রেখে দিন। কারণ রোদও অনেকটা ব্লিচিংয়ের কাজ করে। তারপর ধুয়ে ফেলুন।

# নকল চুলে মিলল ১১ রকম রাসায়নিক যা বাড়াতে পারে ক্যানসারের ঝুঁকি

মাথা জোড়া টাক ঢাকতে পরচুলা ব্যবহার করেন অনেকেই। মহিলারা আবার তাঁদের রূপটানে চমক দিতে অনেক সময়েই আসল চুলের উপরে পরচুলা পরে নেন।

অকালেই চুল ঝরছে যাঁদের, তাঁদের অনেকেই চুল প্রতিস্থাপনের ঝক্কি নিতে চাইছেন না। তাতে পার্শপ্রতিক্রিয়ার ভয় আছে। কাজেই সহজ সমাধান হল পরচুলা, কিন্তু এই পরচুলা ব্যবহার করা কতটা স্বাস্থ্যকর, তা নিয়ে প্রশ্ন উঠছে চিকিৎসক মহলে।

নাইজিরিয়ায় কয়েকটি নামী ব্র্যান্ডের পরচুলায় ক্ষতিকর কীটনাশক পাওয়া গিয়েছে। শুধু তাই নয়, নকল চুল পরীক্ষা করে এমন সব রাসায়নিক ও ভারী ধাতু পাওয়া গিয়েছে, যা ক্যানসারের মতো মারণ রোগের কারণও হতে পারে।

নাইজিরিয়া ছাড়াও চিন, আমেরিকা, ঘানায় তৈরি কয়েকটি নামী প্রসাধনী ব্র্যান্ডের পরচুলা পরীক্ষা করার পর হইচই পড়ে গিয়েছে। নাইজিরিয়ার স্বাস্থ্য দফতর জানিয়েছে, অনেক মহিলা ও পুরুষই মাথার ত্বকে অ্যালার্জি, বিভিন্ন রকম সংক্রমণ নিয়ে চিকিৎসকেদের কাছে গিয়েছেন। তাঁরা জানিয়েছেন, পরচুলা ব্যবহারের পরই তাঁদের শরীরে নানা সমস্যা দেখা দিয়েছে। তার পরেই ল্যাবরেটরিতে সেই সব পরচুলা পরীক্ষা করে চমকে গিয়েছেন গবেষকেরা। পরচুলায় কী কী পাওয়া গিয়েছে? নাইজিরিয়ার স্বাস্থ্য আধিকারিকেরা জানিয়েছেন, নকল চুল তৈরি হয় প্লাস্টিক থেকে। সেই সব আদতে জৈব প্লাস্টিক নয়। নকল চুলের স্থায়িত্ব বাড়াতে পলিভিনাইল ক্লোরাইড (পিভিসি) ব্যবহার করা হয়। সেই প্লাস্টিক আবার বিভিন্ন রাসায়নিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে যায়। ফলে যে পরচুলা তৈরি হয়, তাতে প্রচুর পরিমাণে রাসায়নিক, ভারী ধাতু থেকে যায়। নাইজিরিয়ার "ন্যাশনাল এজেন্সি ফর ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন"-এর আধিকারিকেরা দেখেছেন, কয়েকটি ব্র্যান্ডের পরচুলায় ক্যাডমিয়াম, লেড, ক্রোমিয়াম, নিকেলের মতো ভারী ধাতু রয়েছে। তা ছাড়াও ১১ রকম কীটনাশক পাওয়া গিয়েছে। এই সব কীটনাশক মানুষের জন্য বিষ। পরচুলায় এত পরিমাণ লেড, ক্যাডমিয়াম রয়েছে, যা শরীরে গেলে কিডনির দফারফা হতে বাধ্য। পাশাপাশি লিভার ও ফুসফুসেরও ক্ষতি করে এগুলি। প্রভাব পড়ে স্নায়ুতন্ত্রেও। ত্বকের র‍্যাশ, অ্যালার্জি এমনকি ক্যানসারও হতে পারে তাতে। পরচুলার নাইট্রেট থেকে থাইরয়েড গ্ল্যান্ডের ক্যানসার হতে পারে। রক্তের ক্যানসারের ঝুঁকিও রয়েছে।

স্বাস্থ্য আধিকারিকেরা জানাচ্ছেন, অনেক মহিলাই ফ্যাশনের জন্য বিভিন্ন রঙের পরচুলা মাথায় পরছেন। দীর্ঘ দিন ধরে এমন নকল চুল ব্যবহার করলে শারীরিক ক্ষতির আশঙ্কা থাকে। কারণ নকল চুলের রাসায়নিক মাথার স্নায়ুগুলির উপরেও প্রভাব ফেলে। ফলে শুধু শারীরিক নয়, জটিল মানসিক ব্যধিও দেখা দিতে পারে।

# উরুর মেদ ঝরবে ঝটপট, এই ক'টি ব্যায়াম রোজ নিয়ম মেনে করুন



রোজের দৌড়ঝাঁপে শরীরচর্চা করার সময় নেই। তার উপরে খাওয়াদাওয়ায় অনিয়ম তো রয়েছেই। সকালে নাকেমুখে কিছু গুঁজেই অফিসের জন্য দৌড়। দিনভর বসে কাজ। ফলে স্বাভাবিক ভাবেই পেট, কোমরের মেদ বাড়ছে। হাঁটাহাঁটির অভ্যাসও কমছে আমাদের। সিঁড়ির বদলে এখন আমরা লিফ খুঁজি। সকালে আয়েসের ঘুমটা জলাঞ্জলি দিয়ে প্রাতঃভ্রমণ করতেও মন সায় দেয় না। ফলে পায়ের মেদও বেড়ে চলেছে। ফিটনেস বিশেষজ্ঞরা বলছেন, শরীরচর্চা করলেই দ্রুত মেদ ঝরবে, এমন নয়। শরীরচর্চার ক্ষেত্রেও কয়েকটি কৌশল মেনে চলা প্রয়োজন। কোন ধরনের ব্যায়াম করছেন, সেটাও ওজন কমানোর ক্ষেত্রে অত্যন্ত জরুরি। উরুর মেদ যদি কমাতে হয়, তা হলে নির্দিষ্ট কিছু ব্যায়াম নিয়ম মেনেই করতে হবে। সেগুলি কী কী, জেনে নিন। ১) দুই পায়ের মধ্যে মোটামুটি ১২ ইঞ্চি দূরত্ব রেখে হাত দুটো মুঠো করুন। এ এ বার হাফ সিটিং পজিশনে আপ-ডাউন করুন। শুরুতে পাঁচ বার করে তিন সেট করুন। তার পর বাড়িয়ে ১০টি করে তিন বার করুন। অভ্যস্ত হয়ে গেলে ২০টি করে করুন প্রতি সেটে। এই ব্যায়ামে পেট ও উরুর পেশিতে টান পড়বে। ২) দুই পায়ের পাতা জড়ো করে পুরো শরীরটা ধীরে ধীরে নীচের দিকে ঝোঁকান। চেষ্টা করুন, যাতে আপনার দুই হাতের তালু মাটি স্পর্শ করে এবং আপনার মাথা যেন হাঁটুকে ছুঁয়ে যায়। এই ভাবে কয়েক সেকেন্ড থাকুন। এই ধরনের ব্যায়ামকে বলে "ফরোয়ার্ড বেন্ড"। দাঁড়িয়ে মাটিতে ঝুঁকে হাত দিয়ে মাটি স্পর্শ করলে পেট ও পায়ে বেশি টান পড়ে। মোট পাঁচ বার করে এক সেট করতে হবে। নিয়মিত এই ব্যায়াম করলে পেট, কোমর ও পায়ের পেশি টানটান হবে।

৩) দুই পায়ের মাঝে বেশ খানিকটা দূরত্ব রেখে সোজা হয়ে দাঁড়ান। এ বার বাঁ পায়ের উপর ভর দিয়ে ডান পা মাটি থেকে উপরে তুলুন। খেয়াল রাখবেন, পায়ের পাতা যেন সোজাসুজি থাকে। এর পর পায়ের পাতা ঘুরিয়ে একটা অদৃশ্য গোল তৈরি করুন। একই জিনিস পা বদল করে করুন। এক একটা পায়ে মোট ১৫ বার করতে হবে এই ব্যায়াম। একে বলা হয় "সিঙ্গল লেগ সার্কল"। ৪) দেওয়ালে একটা হাত রেখে দাঁড়ান। নিঃশ্বাস ছাড়তে ছাড়তে পাশে একটা পা পাশের দিকে উপরে তুলুন ধীরে ধীরে। তার পর হাত বদলে অন্য পায়ে করুন। ৫) বেঞ্চ স্টেপ আপ ব্যায়াম করতে পারেন নিয়মিত। দুই হাতে দুটি ডাম্বল নিয়ে একটি ছোট বেঞ্চ বা টুলের সামনে দাঁড়ান। এক পা বেঞ্চে রেখে সোজা হয়ে বেঞ্চের উপর দাঁড়ান। মনে রাখবেন, পুরো শরীরের ভর যেন এক পায়ে পড়ে, অন্য পা ভেসে থাকবে। এ ভাবে তিন সেকেন্ড এক পায়ে দাঁড়িয়ে থাকুন। আবার নেমে গিয়ে পুনরায় অন্য পায়ে ভর দিয়ে করুন। প্রতিটি পায়ে ১০ বার করে মোট ২০ বার এই ব্যায়ামটি করুন। ৬) মেঝেতে একটি চাদর বিছিয়ে বা ম্যাট পেতে পেট চেপে উপুড় হয়ে শুয়ে পড়ুন। হাত দুটো প্রসারিত করে মাথার সামনের দিকে রাখুন। এ বার আপনার পা যতটা সম্ভব উপর দিকে তোলার চেষ্টা করুন। প্রথমে এক পা তুলবেন, ১০ সেকেন্ড রেখে ফের পা বদল করতে হবে। এই ব্যায়ামে উরু ও নিতম্বের পেশি টানটান হবে।

# ত্বকের জেল্লা ধরে রাখতে মহিলারাও ফিটকিরি মাখতে পারেন



কেটে-ছড়ে গেলে ক্ষতস্থান পরিষ্কার করে অনেকেই ফিটকিরি ব্যবহার করেন। কারণ, ফিটকিরি হল প্রাকৃতিক অ্যান্টিসেপটিক। দাড়ি কামানোর পর প্রাকৃতিক "আফটার সেভ" হিসাবে আগে ফিটকিরি মাখার চল ছিল। তবে, মেয়েদের প্রসাধনীতে এই বস্তুটির তেমন উপস্থিতি ছিল না। কিন্তু রূপটান শিল্পীরা বলছেন, কাটা-ছেঁড়া ছাড়াও ব্রণ, র্যা শের মতো ত্বকের নানাবিধ সমস্যা দূর করতে পারে ফিটকিরি।

তাই মহিলারাও নিশ্চিন্তে এটি ব্যবহার করতে পারেন। তবে তার আগে জেনে রাখা প্রয়োজন, ত্বকে কী ভাবে ফিটকিরি ব্যবহার করতে হবে। ফিটকিরি মাখলে ত্বকের কী উপকার হবে?

১) ত্বকের জেল্লা বজায় রাখে
ফিটকিরির মধ্যে রয়েছে প্রাকৃতিক "অ্যাস্ট্রিনজেন্ট"। যা ত্বকের মধ্যে থাকা "সেবাম" গ্রন্থির অতিসক্রিয়তা নিয়ন্ত্রণ করে। ফলে ত্বক চট করে তেলতেলে হয়ে যায় না। ভিতর থেকে ত্বকের নিজস্ব জেল্লা ফুটিয়ে তুলতেও সাহায্য করে এই উপাদানটি।

২) রোদে পোড়া দাগ দূর করে
বাইরে থেকে ঘুরে আসার পর রোদে পোড়া অংশে মেখে নিতে পারেন ফিটকিরি। এই উপাদানের মধ্যে এমন কিছু উপাদান রয়েছে, যা ব্রণ, "হাইপারপিগমেন্টেশন"-এর কালচে দাগ তুলতেও সাহায্য করে।

৩) ব্ল্যাকহেডসের সমস্যায় কাজ দেয়
নাক কিংবা থুতনির উপর অতিরিক্ত তেল জমে, ত্বকের উন্মুক্ত রন্ধ্রগুলি বুজে যায়। তার মধ্যে ধুলোময়লা জমলে ব্ল্যাকহেডসহতে পারে। অনেকেই সালোঁয় গিয়ে বিশেষ যন্ত্রের সাহায্যে এই ব্ল্যাকহেডসগুলি তুলে আসেন। তবে, রূপটান শিল্পীরা বলছেন, গোলাপ জলের সঙ্গে ফিটকিরি মিশিয়ে কয়েকটা দিন মুখে মাখলে এই সমস্যা দূর হবে।

কী ভাবে মাখতে হবে ফিটকিরি?
গোলাপ জলের সঙ্গে পরিমাণ মতো ফিটকিরি মিশিয়ে টোনার হিসাবে ব্যবহার করা যেতে পারে। তৈলাক্ত ত্বকে সেবাম ক্ষরণ নিয়ন্ত্রণে রাখতে পারে এই দ্রবণ। এ ছাড়া ব্রণের সমস্যা দূর করতে গ্লিসারিনের সঙ্গে ফিটকিরি গুঁড়ো মিশিয়ে মাখা যেতে পারে।

# মেকআপ অটুট রাখবেন কী ভাবে?

মাঝেমাঝেই মেঘলা করে আসছে আকাশ। চারিদিক অন্ধকারে ঢেকে যাচ্ছে। কিন্তু এমন মরসুমে মাঝেমাঝেই প্রিয়জনের হাত ধরে বেরিয়ে পড়তে ইচ্ছে হয়। অনেকে আবার বেরিয়েও পড়ছেন। গন্তব্যে কাছে হোক বা দূরে, একটু সাজগোজ করলে মন ভাল লাগে। কিন্তু একে বর্ষা, তার উপর ঘাম। মেকআপ গলে যাওয়ার একটা ভয় থাকে।

এমন আবহাওয়ায় মেকআপ টিকিয়ে রাখতে কোন বিষয়গুলি মাথায় রাখবেন? ১) খুব ঘন বা ক্রিম বেস ফাউন্ডেশন এই আবহাওয়ায় ব্যবহার না করাই ভাল। বদলে জেল বা ওয়াটার বেস প্রসাধনী বেছে নিতে পারেন বর্ষাকালে। না হলে মুখের উপর ফাউন্ডেশনের স্তর ঘামে গলে কেকের ক্রিমের মতো উঠে আসতেই পারে।

২) দিনের বেলা গাঢ় লিপস্টিক মাখতে পছন্দ করেন না অনেকে। আবার "নো মেকআপ লুক"-এ লিপস্টিকের বদলে লিপ গ্লসের ব্যবহারই বেশি। তবে ম্যাট লিপস্টিক বা লিকুইড লিপস্টিকের চেয়ে লিপ গ্লস ঘন হয়। তাই তা সহজে ঠোঁটের চারপাশে ছড়িয়ে যেতে পারে।

৩) ঘাম রুখতে এবং মেকআপের বেস মুখে বসাতে একগাদা পাউডার মেখে ফেলতেই পারেন। কিন্তু মাথায় রাখবেন, এই পাউডার কিন্তু সাময়িক ভাবে ঘাম হওয়া আটকাতে পারে। সেই সময়টুকু অতিক্রম করলেই পাউডারের স্তর ভেদ করে ঘাম বেরিয়ে আসবে।

# সরকারি চাকরিতে কোটা বাতিলের দাবিতে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়



ঢাকা থেকে মনির হোসেন।।বাংলাদেশে প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটাসহ ৫৬ শতাংশ কোটা উচ্চ আদালত কর্তৃক পুনর্বহালের আদেশের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। একইসঙ্গে ২০১৮ সালের পরিপত্র পুনর্বহালের দাবি করেছেন তারা। এবার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হল থেকে আলাদা আলাদা মিছিল নিয়ে আন্দোলনে জড়ো হচ্ছেন শিক্ষার্থীরা। বুধবার বেলা আড়াইটায় বিভিন্ন হলের শিক্ষার্থীরা নিজস্ব হলের ব্যানারে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরির সামনে জড়ো হন। মঙ্গলবার বৃষ্টি উপেক্ষা করে কোটা বাতিলের দাবিতে পদযাত্রা করেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এদিন তারা সেন্ট্রাল লাইব্রেরির সামনে থেকে মিছিল নিয়ে ভিসি চত্বর-নীলক্ষেত-ঢাকা কলেজ-সাইন্সল্যাব-শাহবাগ জড়ো হন।

সর্বজনীন পেনশনের প্রত্যয় স্কিম বাতিলের দাবিতে সরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আন্দোলন অযৌক্তিক বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।

মঙ্গলবার পরিকল্পনা মন্ত্রণালয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের দক্ষিণ, মধ্য ও পশ্চিম এশিয়ার ভাইস প্রেসিডেন্ট ইয়াংমিং ইয়ংয়ের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন মন্ত্রী।

এদিকে, বন্ধ রয়েছে একাডেমিক ক্লাস-পরীক্ষা, স্থবির হয়ে পড়েছে প্রশাসনিক কার্যক্রম। সেবা মিলছে না বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার ও কেন্দ্রীয় লাইব্রেরি থেকে। সর্বজনীন পেনশন সংক্রান্ত প্রজ্ঞাপন বৈষম্যমূলক' আখ্যা দিয়ে চলমান এ কর্মবিরতির মধ্যেই অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর পদত্যাগের দাবিও উঠেছে। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদে টানা কর্মবিরতি ও প্রতিবাদ সমাবেশ থেকে অর্থমন্ত্রীকে পদত্যাগের আহ্বান জানানো হয়েছে।

## হাথরাসের ঘটনায় শোকপ্রস্তাব রাজ্যসভায়, নীরবতা পালন সদস্যদের

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.) : উত্তর প্রদেশের হাথরাসে ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুতে শোক ব্যক্ত করলেন রাজ্যসভার সাংসদরা। বুধবার রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় শোকপ্রস্তাব পাঠ করেন। তিনি বলেন, এই ঘটনা অত্যন্ত বেদনাদায়ক ও মর্মাহত। এরপর সদস্যরা উঠে দাঁড়িয়ে নীরবতা পালন করেন। উল্লেখ্য, উত্তর প্রদেশের হাথরাসে এক ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে হয়েছে ১২১। বহু মানুষ অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহতের সংখ্যা কমপক্ষে ২৮। রিলিফ কমিশনারের অফিস থেকে বুধবার সকালে জানানো হয়েছে, হাথরাসে পদপিষ্ট হওয়ার ঘটনায় মৃত্যুর সংখ্যা বেড়ে ১২১ হয়েছে এবং আহত হয়েছেন ২৮ জন। মর্মান্তিক এই ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার অধীনে একাধিক ধারায় এফআইআর রুজু করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, ভারতীয় ন্যায় সংহিতার ১০৫, ১১০, ১২৬(২), ২২৩ ও ২৩৮ নম্বর ধারার অধীনে এফআইআর নথিভুক্ত করা হয়েছে।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৭ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম লাফিয়ে লাফিয়ে ৮৭ ডলার এবং ডব্লুটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৪ ডলারের কাছাকাছি পৌঁছেছে। সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি বুধবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের তৃতীয় দিনে, ব্র্যান্ড ক্রুড ব্যারেল প্রতি ০.৪৮ ডলার বা ০.৫৬ শতাংশ বৃদ্ধির সাথে ৮৬.৭২ ডলারে লেনদেন করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লুটিআই) ক্রুড ব্যারেল প্রতি ০.৪৪ ডলার বা ০.৫৩ শতাংশ বৃদ্ধির সাথে ৮২.২৫ ডলারে লেনদেন করছে। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৩.৪৪ টাকা, ডিজেল ৮৯.৯৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৩.৯৪ টাকা, ডিজেল ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা ডিজেল ৯২.৩৪ টাকা প্রতি লিটারে পাওয়া যায়।

## বাসে কাজ করলো না ব্রেক, চলন্ত অবস্থায় ঝাঁপ দিয়ে বাঁচলেন যাত্রীরা

রামবান, ৩ জুলাই (হি. স.) : বুধবার সকালে অমরনাথ যাত্রার পঞ্চম দিনে রামবান থেকে তীর্থযাত্রীদের নিয়ে অমরনাথের বেস ক্যাম্পের উদ্দেশ্যে যাত্রা শুরু হয়েছিল। হঠাৎই মাঝ রাস্তায় বিপত্তি। যে বাসে করে নিয়ে যাওয়া হচ্ছিল বেস ক্যাম্প। তার ব্রেক ফেল করে যায়। আতঙ্কে যাত্রীরা জানলা থেকে দরজা থেকে বাইরে ঝাঁপ দিতে শুরু করেন।

কয়েকজন যাত্রীর আঘাত লেগেছে বলে জানা গেছে।

এদিকে এদিন সকালেই অমরনাথ যাত্রার তীর্থযাত্রীদের আরেকটি দল বালতাল এবং পহেলগাম রুট থেকে উচ্চ নিরাপত্তার মধ্যে পান্থা চক বেস ক্যাম্পের দিক থেকে যাত্রা শুরু করে। উল্লেখ্য, কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা সুষ্ঠুভাবে চলছে। জানা গেছে, বুধবার অমরনাথ যাত্রার পঞ্চম দিনে বিপুল সংখ্যক পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। তীর্থযাত্রীদের যাতে কোনও রকম সমস্যা না হয়, তাই সব ধরনের পরিষেবা পৌঁছে দিতে প্রশাসন তৎপর রয়েছে। যাত্রাপথে মোতায়েন রয়েছে বিপুল সংখ্যক নিরাপত্তা বাহিনী।

প্রসঙ্গত, চলতি বছর অমরনাথ যাত্রা শুরু হয়েছে ২৯ জুন থেকে, চলবে আগামী ১৯ আগস্ট পর্যন্ত। প্রতিদিন সকাল এবং সন্ধ্যায় তীর্থযাত্রীদের জন্য সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হচ্ছে। ৩, ৮৮০ মিটার উচ্চতায় অবস্থিত বরফে ঢাকা শিবলিঙ্গের গুহা দর্শনে প্রতি বছর লক্ষ লক্ষ ভক্তরা ভিড় করেন অমরনাথে। এ বছরও অন্যথা হয়নি, ৫২ দিন ধরে পুণ্যার্থীরা অমরনাথ দর্শন করতে পারবেন।

দক্ষিণ কাশ্মীরের অনন্তনাগের পহেলগাঁও থেকে ৪৮ কিমি এবং মধ্য কাশ্মীরের গান্ডেরওয়ালের বালতাল থেকে ১৪ কিমি হেঁটে পৌঁছাতে হয় অমরনাথে। দুর্গম ও বিপদসঙ্কুল পথ হলেও মহাদেবের টানে বয়স নির্বিশেষে ভক্তদের সমাগম হয় এই পুণ্যস্থানে।

## হাথরাসের ঘটনায় ব্যথিত মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, হাসপাতালে গিয়ে খোঁজখবর নিলেন আহতদের

হাথরাস, ৩ জুলাই (হি.স.) : উত্তর প্রদেশের হাথরাসে ধর্মীয় অনুষ্ঠান পদপিষ্ট হয়ে বহু মানুষের মৃত্যুতে ব্যথিত মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বুধবার হাসপাতালে গিয়ে আহতদের শারীরিক অবস্থার খোঁজখবর নেন মুখ্যমন্ত্রী, আহতদের সঙ্গে কথা বলেন। আহতদের সুস্থতাকেই এখন অগ্রাধিকার দিচ্ছে যোগী আদিত্যনাথ সরকার। যোগী আদিত্যনাথ কথা বলেন চিকিৎসকদের সঙ্গেও। মঙ্গলবার হাথরাসে একটি সৎসঙ্গের আয়োজন হয়েছিল। নারায়ণ সাকার হরি ওরফে সাকার বিশ্ব হরি ওরফে ভোলে বাবা নামে এক ধর্মগুরুর ডাকে সেই সৎসঙ্গে ভিড় করেছিলেন হাজার হাজার মানুষ। নির্বিঘ্নে অনুষ্ঠান শেষ হয়। তবে অনুষ্ঠান শেষে বিপদ ঘটে। অনুষ্ঠানস্থল ছাড়ার জন্য হুড়োহুড়ি পড়ে যায় মানুষের মধ্যে। সেখানেই বিপত্তি ঘটে। ঠেলাঠেলি, ধাক্কাধাক্কির কারণে একে অপরের উপর পড়ে যান। মৃত্যু হয়েছে ১২১ জনের।

## হাথরাসের ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ যোগীর, বিরোধীদের তীব্র আক্রমণ

হাথরাস, ৩ জুলাই (হি.স.) : উত্তর প্রদেশের হাথরাস ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। পাশাপাশি এই ঘটনা নিয়ে রাজনীতি করার জন্য বিরোধীদের তীব্র আক্রমণ করেছেন তিনি। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, 'আমরা এডিজি আগ্রার নেতৃত্বে একটি এসআইটি গঠন করেছি। সেটি একটি প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। তাঁদের বিষয়টি গভীরভাবে তদন্ত করতে বলা হয়েছে। বেশ কয়েকটি দিক রয়েছে যা তদন্ত করা দরকার...রাজ্য সরকার বিচার বিভাগীয় তদন্ত করার সিদ্ধান্ত নিয়েছে যার নেতৃত্বে হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি থাকবেন। প্রশাসন ও পুলিশের অবসরপ্রাপ্ত ঊর্ধতন কর্মকর্তারাও এতে অংশ নেবেন।' মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আরও বলেছেন, 'কিছু লোকের এই ধরনের দুঃখজনক এবং বেদনাদায়ক ঘটনাকে রাজনীতি করার প্রবণতা রয়েছে। দেখা গেছে, বিগত দিনগুলোতে সমাবেশের সময় কে কোথায় ছিল এবং এর পেছনে কারা ছিল, এটা আমাদের জানা দরকার যারা নিরপরাধ মানুষের জীবন নিয়ে খেলছে তাদের জবাবদিহি করতে হবে।' যোগী বলেছেন, 'রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারও আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করেছে। প্রত্যেক মৃতের পরিবারকে ৪ লক্ষ টাকা আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে এবং যারা সামান্য আহত হয়েছেন তাদের ১ লাখ টাকা দেওয়া হবে।"

## রাজভবনের সামনেই শুভেন্দু অধিকারীকে শর্তসাপেক্ষে ধর্নার অনুমতি দিল হাইকোর্ট

কলকাতা, ৩ জুলাই (হি.স.) : বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ধর্নায় অনুমতি দিল হাইকোর্ট। তবে বেঁধে দেওয়া দেওয়া হল কিছু শর্ত। আগামী ১৪ জুলাই, অর্থাৎ রবিবার রাজভবনের সামনে ধর্নায় বসতে পারবেন শুভেন্দু। বুধবার রাজ্যের তরফে সবুজ সংকেত মিলতেই বিজেপিকে ধর্নার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

এদিন শুভেন্দুর ধর্না মামলার শুনানি ছিল অমৃতা সিনহার বেঞ্চে। শুনানির শুরুতে রাজ্যের আইনজীবী জানান, '১৪ জুলাই, সকাল ১০টা থেকে রাজভবনের সামনে শুভেন্দুরা যদি ধর্নায় বসেন, তাতে তাঁদের আপত্তি নেই।' এই শুনে আদালত জানায়, 'ওই দিন ওই সময়ে নির্ধারিত জায়গায় শুভেন্দুরা কর্মসূচি করতে পারবেন, তবে ৩০০ র বেশি লোক নিয়ে কর্মসূচি করা যাবে না। এছাড়াও আগ্নেয়াস্ত্র, অশান্তি, বিদ্বেষমূলক মন্তব্যও এসব থেকে দূরে থাকতে হবে ধর্নায় যোগ দেওয়া বিজেপি কর্মীদের। যদি আদালতের দেওয়া শর্ত তাঁরা মানতে পারেন তবেই কর্মসূচি করতে পারবেন।

### করিমগঞ্জে গণধর্ষণ মামলায় গ্রেফতার পাঁচ

করিমগঞ্জ,৩ জুলাই (হি. স.) : মানসিকভাবে অসুস্থ মহিলাকে তুলে নিয়ে গিয়ে গণধর্ষণের অভিযোগ উঠল অসমের করিমগঞ্জে। এই ঘটনায় বুধবার পাঁচ অভিযুক্তকে গ্রেফতার করেছে করিমগঞ্জে থানার পুলিশ।

সোমবার রাতে করিমগঞ্জের কায়স্তগ্রামের রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলেন এক মহিলা। জানা যায় ওই মহিলা মানসিকভাবে অসুস্থ ছিলেন।রাস্তা থেকে জোর করে ওই মহিলাকে একটি অটোরিকশায় তুলে নিয়ে যাওয়া হয়। সেখানেই ধর্ষণ করা হয় তাকে। খবর পেয়েই স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে শুরু হয় ঘটনার তদন্ত। খোঁজ চলে ধর্ষণকারী অভিযুক্তদের।বুধবার পাঁচ অভিযুক্তকে গ্রেফতার করেছে করিমগঞ্জে থানার পুলিশ।

ধৃতদের নাম ফখর মিয়া, আব্দুল মুস্তাক, শামীম উদ্দিন, রিয়াজ উদ্দিন ও প্রণব শর্মাক। সূত্রে খবর, পুলিশ জিজ্ঞাসাবাদ চালায়। জিজ্ঞাসাবাদে অভিযুক্তরা অপরাধের কথা স্বীকার করে নেয়।এফআইআর -এর ভিত্তিতে আইনি পদক্ষেপ নিচ্ছে পুলিশ। গণধর্ষণ মামলায় অভিযুক্তদের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন এলাকার মানুষ।

## ফুটপাথ দখলমুক্ত করতে অভিযান বালুরঘাট প্রশাসনের

বালুরঘাট, ৩ জুলাই (হি.স.) : দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট শহরকে ফুটপাথ দখলমুক্ত করতে বুধবার থেকে যৌথভাবে বিশেষ অভিযান শুরু করল বালুরঘাট পুরসভা ও পুলিশ প্রশাসন। বালুরঘাট থানা মোড় থেকে শুরু হয় এই অভিযান।

এদিনের অভিযানের নেতৃত্বে ছিলেন পুরসভার চেয়ারম্যান অশোক কুমার মিত্র, বালুরঘাট থানার আইসি শান্তিনাথ পাঁজা, বালুরঘাট সদর ট্রাফিক আইসি অরুন কুমার তামাং সহ অন্যান্য পুলিশকর্মীরা। যদিও অভিযানের মধ্যে বৃষ্টি শুরু হওয়ায় জোড়াব্রীজ এলাকায় তা শেষ করতে হয়। আগামী ১০ জুলাই পর্যন্ত এই কর্মসূচি লাগাতার চলবে। তারপর মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রীর নির্দেশের পরেই গোটা রাজ্যজুড়েই ফুটপাথ দখলমুক্ত করতে বিশেষ অভিযান শুরু করেছে পুরসভা ও পুলিশ প্রশাসন।

## ক্ষোভের বহিঃপ্রকাশ, আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ে তৃণমূল ছাত্র পরিষদের বিক্ষোভ

আলিপুরদুয়ার, ৩ জুলাই (হি.স.): দীর্ঘদিন হয়ে গেলেও আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য্য ও রেজিস্ট্রার ফিনান্স অফিসার ও কন্টোলার নেই। বিশ্ববিদ্যালয়ে এই অরাজকতার জন্য রাজ্যের রাজ্যপালই দায়ী। এমনটাই দাবি তৃণমূল ছাত্র পরিষদের। তাই স্থায়ী উপাচার্য্য ও রেজিস্ট্রার, ফিনান্স অফিসার ও কন্টোলারের নিয়োগের দাবিতে বুধবার বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্র পরিষদের নেতারা। বিশ্ববিদ্যালয়ের বর্তমান অস্থায়ী উপাচার্য্য ও অস্থায়ী রেজিস্ট্রারের ঘরে তালা লাগিয়ে দিয়ে বিক্ষোভ দেখিয়েছেন তারা। বিশ্ববিদ্যালয় চত্বরে উপস্থিত ছিলেন বিধায়ক সুমন কাঞ্জিলাল। যদিও এদিন অস্থায়ী উপাচার্য্য ও রেজিস্ট্রার দু'জনের কেউই বিশ্ববিদ্যালয়ে ছিলেন না।

## ধসের জেরে ফের বন্ধ ১০ নম্বর জাতীয় সড়ক

শিলিগুড়ি, ৩ জুলাই (হি.স.) : বিপর্যয়ের মুখে শিলিগুড়ি থেকে কালিম্পং এবং সিকিম যাওয়ার ১০ নম্বর জাতীয় সড়ক। বুধবার ফের পুরোপুরি বন্ধ হয়ে গেল ১০ নম্বর জাতীয় সড়ক।

কয়েকদিন ধরে প্রবল বৃষ্টি। তার জেরে তিস্তায় জলস্ফীতি, বিক্ষিপ্তভাবে বিরামহীন ধস নামা এবং ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ হয়ে যাওয়ায় সমস্যা দিনদিন বেড়েই চলেছে। রাস্তা থেকে ধসের বালি-পাথর সরানোর কাজ শুরু হয়েছে। বিরামহীন বৃষ্টিতে সিকিমের পাশাপাশি দার্জিলিং পাহাড়েও একাধিক জায়গায় মঙ্গলবার ধস নেমেছে বলে খবর। এদিকে রোদের দেখা নেই। প্রবল বৃষ্টির পূর্বাভাস দিচ্ছে আবহাওয়া দফতর। এই পরিস্থিতির মধ্যেই পানিঘাটা-দুধিয়ার রাস্তার বেশ কয়েকটি জায়গা এবং মিরিক-শিলিগুড়ি বাইপাস রোডের দুটি জায়গায় ধস নেমেছে। গয়াবাড়িতে একটি বাড়ি ধসে গিয়েছে। ভূমিধসের জেরে রোহিণীতে একটি বড় গাছ উপড়ে পড়েছে। তিস্তাবাজারে জলস্ফীতি ঘটায় দিনভর পেশক রোড বন্ধ থাকলেও মঙ্গলবার বিকেলে যান চলাচল শুরু হয়।

### বার্বাডোজ থেকে রওনা টিম ইন্ডিয়া, বৃহস্পতিবার রোহিতদের সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.) : বার্বাডোজ থেকে রওনা হল টিম ইন্ডিয়া। বুধবার বিশেষ বিমানে বার্বাডোজ থেকে মাতৃভূমির উদ্দেশ্যে রওনা হয়েছেন টিম ইন্ডিয়ার সদস্যরা, একইসঙ্গে ওই বিমানে দেশে ফিরছেন ভারতীয় মিডিয়ার সদস্যরাও। বৃহস্পতিবার ভোরে নতুন দিল্লিতে এসে পৌঁছবেন টিম ইন্ডিয়ার সদস্যরা।বিশেষ এই বিমানের ব্যবস্থা করেছেন বিসিসিআই সচিব জয় শাহ। দেশে ফেরার পর বৃহস্পতিবার রোহিতদের সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## বুধবার সকালে ৮০ হাজার ছুঁলো সেনসেক্স, নিফটি পেরোলো ২৪ হাজার

মুম্বই, ৩ জুলাই (হি. স.) : মঙ্গলবার বাজারের সূচকগুলিতে দেখা গিয়েছিল ফ্ল্যাট ট্রেড। কিন্তু বুধবার সকালে কার্যত রকেট গতিতে বাড়ল বাজারের মূল সূচকগুলি। এদিন প্রথমবারের মতো সেনসেক্স ৮০ হাজার পয়েন্টের স্তর স্পর্শ করল। এদিন সকালে বম্বে স্টক এক্সচেঞ্জের সূচক সেনসেক্স ৪৭০.৪২ পয়েন্ট বৃদ্ধি পেয়ে হয় প্রায় ৮০ হাজার। এদিকে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের সূচক নিফটি-ও প্রায় ১৩০.৭৫ পয়েন্ট ঊর্ধগামী হয়ে পৌঁছয় ২৪ হাজারে। এদিন নিফটি মিডক্যাপ ১০০ এবং নিফটি স্মলক্যাপ ১০০ -এর সূচক প্রায় ০.৫৬ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছিল। আজ সেক্টরগুলির মধ্যে নিফটি আইটির সূচক নিম্নগামী হয়েছিল। এই সূচক প্রায় ০.৪০ শতাংশ হ্রাস পায়। অন্যান্য সেক্টরগুলির মধ্যে নিফটি ব্যাঙ্ক, নিফটি অটো, নিফটি পিএসইউ ব্যাঙ্ক, নিফটি ফিনান্সিয়াল সার্ভিসেস, নিফটি ফার্মা, নিফটি এফএমসিজি, নিফটি মেটাল, নিফটি রিয়েলটি, নিফটি মিডিয়া, নিফটি এনার্জি, নিফটি প্রাইভেট ব্যাঙ্ক, নিফটি ইনফ্রা, নিফটি কমোডিটিজ, নিফটি কনজাম্পশন, নিফটি পিএসই, নিফটি সার্ভিস সেক্টর, নিফটি কনজিউমার ডিউরেবলস, নিফটি হেলথকেয়ার এবং নিফটি অয়েল অ্যান্ড গ্যাসের সূচক উর্ধগতিতে ছিল।

## সন্দেশখালি নিয়েও সংসদে সরব প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ৩ জুলাই (হি. স.): বাংলার নারী নির্যাতনের নিয়ে বুধবার সংসদে সরব হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সন্দেশখালি প্রসঙ্গে রাজ্যের শাসকদলের বিরুদ্ধে তোপ দাগেন তিনি।

মোদী জানান, সন্দেশখালিতে যে ঘটনা ঘটেছে, তার ছবি দেখলে শিউরে উঠতে হবে। এর থেকে বড় লজ্জাজনক এবং দুঃখজনক বিষয় কিছু হতে পারে না যে এরকম ঘটনার ক্ষেত্রে বিরোধী নেতারা নিজেদের মুখে পুরোপুরি 'তালা' লাগিয়ে বসেছিলেন। বিষয়টি নিয়ে উষ্মাপ্রকাশ করে তিনি বলেন, 'যিনি নিজেকে প্রগতিশীল নারী নেতা হিসেবে দাবি করে থাকেন, তিনিও মুখে তালা লাগিয়ে বসে আছেন। দেশ তো যন্ত্রণা পায়, মা-বোনেরা যন্ত্রণাও পান।' উল্লেখ্য, প্রধানমন্ত্রী এদিন চোপড়ার ঘটনা নিয়েও নাম না করে নিশানা করেন তৃণমূলকে।

## মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে রাজ্যপালের মানহানির মামলার শুনানি স্থগিত

কলকাতা, ৩ জুলাই (হি.স.) : কলকাতা হাইকোর্ট মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে রাজ্যপাল সি.ভি. আনন্দ বোসের দায়ের করা মানহানির মামলার শুনানি বৃহস্পতিবার পর্যন্ত মুলতবি করা হয়েছে।

রাজ্যপাল সম্পর্কে মুখ্যমন্ত্রীর বেশ কিছু 'আপত্তিকর মন্তব্যে'র জেরে কলকাতা হাইকোর্টে মানহানির মামলা করেছেন সি ভি আনন্দ বোস। বুধবার ছিল এই মামলার শুনানি। এদিন মামলা আদালতে উঠলে পদ্ধতিগত ত্রুটির কারণে আবেদন প্রত্যাহার করে রাজ্যপালকে পুনরায় ফাইল করার নির্দেশ দিয়েছেন বিচারপতি কৃষ্ণা রাও।

এদিন মামলা শুরু হতেই রাজ্যপালের আইনজীবী ধীরজ ত্রিবেদী বলেন, 'রাজ্যপালকে জড়িয়ে সম্প্রতি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের করা একাধিক মন্তব্যে সি ভি আনন্দ বোসের মানহানি হয়েছে। প্রমাণ হিসেবে রয়েছে একাধিক সংবাদপত্রের প্রতিবেদন এবং ভিডিও ফুটেজ।' এরপর আদালত জানতে চায়, 'যে সব সংবাদমাধ্যমের থেকে আবেদনকারী এই খবর পেয়েছেন মামলায় সেইসব সংবাদমাধ্যমকে পার্টি করা হয়েছে কিনা।' বৃহস্পতিবার মামলার পরবর্তী শুনানি রয়েছে।

উল্লেখ্য, উপনির্বাচনে জয়ী দুই তৃণমূল বিধায়কের শপথ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সম্প্রতি বলেছিলেন, রাজভবনে মহিলার যেতে ভয় পান। এই মন্তব্যের জেরে গতকাল উত্তরবঙ্গ সফরে এসে রাজ্যপাল বলেন, 'আমার আত্মসম্মানে আঘাত লাগে, এমন কোনও মন্তব্য যদি কেউ করে থাকেন, তাহলে তাঁকে তাঁর ফল ভুগতে হবে। আবার নাম না করে মুখ্যমন্ত্রীর উদ্দেশে তিনি আরও বলেছিলেন, 'তিনি আমার প্রশাসনিক সহকর্মী। কিন্তু তিনি এক্ষেত্রে দোষী।' এরপরই তিনি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মানহানির মামলা করেন।

## বহু রাস্তা বন্ধ, বিকল্প পথের চিন্তা ভাবনা কালিম্পংয়ের প্রশাসনের

কালিম্পং, ৩ জুলাই (হি. স.) : লাগাতর বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গের একধিক এলাকা। ধস নেমে বেহাল রাস্তা। ধসে ক্ষতিগ্রস্ত মেল্লি, রাবিঝোরা -সহ জাতীয় সড়কের একাধিক জায়গায়। ঘুম উড়েছে বহু পর্যটকের। স্থানীয় মানুষ এবং পর্যটকদের পরিস্থিতি বিচার করে বিকল্প পথের ঘোষণা করল কালিম্পং প্রশাসন।

এখনই বৃষ্টি থামার কোনো সম্ভবনা নেই।

উত্তরবঙ্গে দুর্য্যোগ চলবে আগামী শনিবার অবধি এমনটাই জানিয়েছে আবহাওয়া দফতর। দুর্য্যোগের কথা ভেবে বুধবার বড় সিদ্ধান্ত জানালো কালিম্পংয়ের প্রশাসন। কালিম্পং জেলা প্রশাসনের তরফে নোটিস জারি করে জানানো হয়েছে, ধসের কারণে কয়েকদিনের জন্য বন্ধ থাকবে ১০ নম্বর জাতীয় সড়ক। গাড়ি চলবে বিকল্প পথে। মেরামতির জন্য আপাতত বন্ধ রাখা হচ্ছে এই রাস্তা। প্রশাসনের পরবর্তী নোটিস জারি করার আগে এমটাই নিয়ম বহাল থাকবে। কবে থেকে আবার এই রাস্তা ব্যবহার করা যাবে সেবিষয়ে জানিয়ে দেবে প্রশাসন।

## চোপড়ায় নারী নির্যাতন : নাম না করে তৃণমূলকে নিশানা মোদীর

নয়াদিল্লি, ৩ জুলাই (হি. স.) : চোপড়ায় যুগলকে মারধরের ঘটনায় সার্বিকভাবে সামাজিক অবক্ষয় নিয়ে হতাশা প্রকাশ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার রাজ্যসভায় মোদী বলেন যে, যখন নিজেদের সহযোগী দলের শাসন করা রাজ্যে মহিলাদের বিরুদ্ধে অত্যাচারের ঘটনা ঘটে, তখন বিরোধী নেতারা মুখে 'তালা' লাগিয়ে বসে থাকেন। যা অত্যন্ত দুঃখজনক বলে মন্তব্য করেন মোদী। সেইসঙ্গে চোপড়ার ঘটনায় যেভাবে দু''জনকে মারধর করা হচ্ছিল এবং তারপরেও বাকিরা তাঁদের বাঁচাতে না এসে ভিডিও করছিলেন, তা নিয়ে উষ্মাপ্রকাশ করেন। কিন্তু সরাসরি তৃণমূল কংগ্রেসের নাম করেননি মোদী। তবে ওয়াকিবহাল মহলের বক্তব্য, তিনি পরোক্ষে তৃণমূলকেই নিশানা করেন এদিন।

রাজ্যসভায় এদিন মোদী বলেন, 'কোনও রাজ্যের বিরুদ্ধে নির্দিষ্ট করে কিছু বলছি না। রাজনৈতিক ফায়দা নেওয়ার জন্যও কিছু বলছি না।

কয়েকদিন আগে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া পশ্চিমবঙ্গের একটা ভিডিও দেখলাম। একজন মহিলাকে সকলের সামনে রাস্তায় ফেলে মারধর করা হচ্ছে। বোনটা চিৎকার করছিল। কিন্তু ওখানে দাঁড়িয়ে থাকা কেউ তাঁকে সাহায্য করতে এগিয়ে আসেননি। ভিডিও বানাতে ব্যস্ত ছিলেন।'

# আইজিএম হাসপাতালকে দুর্নীতিগ্রস্ত বেসরকারি হাতে হস্তান্তরের বিরুদ্ধে সরব জয়েন্ট ফোরাম ফর মুভমেন্ট অন এডুকেশনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** রাজ্য শিক্ষা ব্যবসা, আইজিএম হাসপাতালকে দুর্নীতিগ্রস্ত বেসরকারি হাতে হস্তান্তর এবং জাতীয় স্তরে নিট ও নেট পরীক্ষার কেলেঙ্কারির বিরুদ্ধে সরব হয়েছে জয়েন্ট ফোরাম ফর মুভমেন্ট অন এডুকেশন। আজ এরই প্রতিবাদ সংগঠনের তরফ থেকে রাজপথে মিছিল করে।এদিনের মিছিলটি প্যারাডাইস চৌমুহনী থেকে প্রতিবাদ মিছিলটি শুরু হয়ে রাজধানীর বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় প্যারাডাইস চৌমুনিতে এসে শেষ হয়। মিছিলের শেষে সভায় মিলিত হয়।সংগঠনের জনৈক কর্মী জানিয়েছেন, জাতীয় স্তরের নিট এবং নেট পরীক্ষা নিয়ে বড়সড় কেলেঙ্কারির ধরা পড়েছে। দেশের বৃহত্তর কেলেঙ্কারির বলে ধারণা করা হচ্ছে। পাশাপাশি, আইজিএম হাসপাতালকে দুর্নীতিগ্রস্ত বেসরকারি হাতে হস্তান্তর করে দেওয়া হয়েছে। এরই বিরুদ্ধে সরব হয়েছে জয়েন্ট ফোরাম ফর মুভমেন্ট অন এডুকেশন।

## স্বামীর দায়ের কোপে গুরুতর আহত স্ত্রী

**আগরতলা, ৩ জুলাই:** স্বামীর দায়ের কোপে গুরুতর আহত হয়েছেন স্ত্রী। ওই ঘটনায় মনুতে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বর্তমানে স্ত্রী জিবি হাসপাতালে চিকিৎসাধীন আছেন ।জানা গিয়েছে, মনু এলাকার বাসিন্দা নন্দলাল চাকমা প্রায়ই মদমত্ত অবসায় থাকেন। প্রতিনিয়ত নেশাগ্রস্ত হয়ে স্ত্রীর জয়া দেববর্মাকে শারিরীকভাবে নির্যাতন করেন এমনটাই অভিযোগ উঠেছে। তার স্ত্রী জয়া দেববর্মার অভিযোগ করেন, প্রতিনিয়ত নেশাসামগ্রী সেবন করার জন্য তাঁর কাছ থেকে টাকা নিতেন। তাকে টাকা না দিলেই মেরে ফেলার হুমকি দিতেন স্বামী।

## এলাকাবাসী

● আটের পাতার পর

ডেপুটেশন প্রদান করেন। তাদের অভিযোগ, বিগত বহু দিন থেকে ওই এলাকায় বিদ্যুতের সমস্যার কারণে উক্ত এলাকার ট্রান্সফরমারটি বিকল হওয়ার পাশাপাশি আগুন ধরে যায়। যার ফলশ্রুতিতে স্থানীয় জনগণের বাড়ি ঘরের টিভি,ফ্রিজ, গিজার, এ.সি থেকে শুরু করে অন্যান্য যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হয়ে গেছে।

তাদের আরও অভিযোগ, এই দায়ভার কারা নেবে। সাই কম্পিউটারকে এই বিষয়ে কখনো মৌখিক আবার কখনো লিখিত আকারে কয়েকবার অভিযোগ জানানোর পরও কোনো সাড়া দিচ্ছে না। তাই বাধ্য হয়ে স্থানীয়রা মহকুমা শাসকের নিকট ডেপুটেশন প্রদান করেন।

মহকুমা শাসক তাদের আশ্বস্ত করেন যে, তিনি এই বিষয়টি অবিলম্বে বিদ্যুৎ দপ্তর এবং সাই কম্পিউটার সংস্থার গোচরে নিয়ে সমস্যার সমাধানের পথ খোঁজে বের করবেন। স্থানীয়রা দাবি করেন অবিলম্বে যদি এই সমস্যার সমাধান না হয় তাহলে বিকল্প হিসেবে তারা সাই কম্পিউটারের বিরুদ্ধে বৃহত্তর আন্দোলন গড়ে তোলবেন।

## সম্পন্ন

● আটের পাতার পর

জন্মদিন বা কোন বিশেষ অনুষ্ঠানে বৃক্ষরোপণের উপর গুরুত্ব আরোপ করা হয়। যে পরিমাণ গাছকে কেটে ধ্বংস করা হচ্ছে তার থেকে বেশি পরিমাণ গাছ লাগানোর দিকে প্রত্যেকের মনোযোগী হওয়া উচিত বলে বলা হয়।

পরিবেশ রক্ষার্থে গাছের গুরুত্ব অপরিসীম। দিনের পর দিন পৃথিবীর পরিবেশ পরিবর্তিত হয়ে যাচ্ছে তাই আগামী প্রজন্মকে রক্ষা করতে নতুন বৃক্ষরোপণ করে পৃথিবীকে শস্য শ্যামলা করে পড়াই হচ্ছে আগামী প্রজন্মের নিরাপত্তার একমাত্র হাতিয়ার বলে গণ্য করা হয়। মানুষ নিজের স্বার্থে এখনো অনেকে বৃক্ষ কেটে ধ্বংস করে চলেছে তাদেরকে বৃক্ষ না কেটে বৃক্ষ রোপন করে নিজেদের স্বার্থকে কিছুটা জলাঞ্জলি দিয়ে ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে এগিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ই-মুলাকাত” ওয়েব পোর্টাল আগরতলায় কর্মশালা

আগরতলা, ৩ জুলাই : কারা দপ্তরের উদ্যোগে আজ আগরতলায় ”ই-মুলাকাত” ওয়েব পোর্টালের বিভিন্ন কর্মসূচি নিয়ে এক কর্মশালার আয়োজন করা হয়। সরকারি অতিথিশালায় অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন করেন কারামন্ত্রী সান্তনা চাকমা। কারা আবাসিকদের সাথে তাদের পরিবারের সদস্যদের ভিডিও কনফারেন্সে সাক্ষাতের সুবিধা করে দেওয়ার লক্ষ্যে শুরু হয়েছে ”ই-মুলাকাত” ওয়েব পোর্টাল।

কর্মশালার উদ্বোধন করে কারামন্ত্রী সান্তনা চাকমা বলেন, ”ই-মুলাকাত” ওয়েব পোর্টালটি পুরোদমে চালু হয়ে গেলে কারা আবাসিক ও তাদের পরিবারের সুবিধা হবে। এক্ষেত্রে সময় ও অর্থ বাঁচবে। তিনি আশা প্রকাশ করেন, যারা আজকে এই কর্মশালায় অংশগ্রহণ করেছেন তাদের সহযোগিতায় রাজ্য সরকারের এই উদ্যোগ সফল হবে। কর্মশালায় আলোচনাকালে আইজি প্রিজন সুভাশিস দাস জানান, রাজ্যের ১২টি কারাগারেই ”ই-মুলাকাত” ওয়েব পোর্টালের সুবিধা পাওয়া যাবে। কারাগারগুলির সুরক্ষার দিক দিয়েও এটি একটি ইতিবাচক উদ্যোগ। কর্মশালায় রাজ্যের বিভিন্ন কারাগারের আধিকারিকগণ সহ এনআইসি”র আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

## মোদী

● প্রথম পাতার পর

কেন্দ্রে ইউপিএ সরকার চলাকালীন ইউপিএ—র চেয়ারপার্সন ছিলেন সোনিয়া। একই সঙ্গে ন্যাশনাল অ্যাডভাইজরি কমিটির শীর্ষপদেও ছিলেন তিনি। সেসময়ে বিরোধীদের অভিযোগ ছিল, ওই সময় প্রধানমন্ত্রী পদে মনমোহন সিং থাকলেও বকলমে সরকার চালাতেন সোনিয়াই। সেই সময় থেকেই ইউপিএ সরকারকে রিমোট কন্টোল সরকার বলে কটাক্ষ করত তৎকালীন বিরোধীরা। দীর্ঘদিন বাদে বুধবার সংসদে সেই পুরনো ইস্যু খুঁচিয়ে তুললেন মোদী।

বুধবার রাজ্যসভায় বক্তব্য রাখতে গিয়ে কংগ্রেসের বিরুদ্ধে তোপ দাগলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেন, ”কংগ্রেস এখন ‘ভ্রষ্টচারী (দুর্নীতিগ্রস্ত) বাঁচাও আন্দোলন শুরু করেছে। দুর্নীতিবাজদের জেলে পাঠানো হলে কংগ্রেস হাঙ্গামা করে।”

কংগ্রেসের পাশাপাশি আম আদমি পার্টি (এএপি)—র বিরুদ্ধেও তোপ দাগেন মোদী। বলেন, দুর্নীতি করে এএপি। আবগারি দুর্নীতি মামলায় নাম জড়ায় এএপি-র। এএপি-র দুর্নীতির বিরুদ্ধে প্রথম সোচ্চার হয় কংগ্রেস—ই। কিন্তু যখন আম আদমি পার্টির বিরুদ্ধে মামলা হয়, তখন উল্টে মোদীকে পাল্টা আক্রমণ শুরু করে। এএপি-র বিরুদ্ধে আদালতে শুনানি শুরু হলে, এখন সেই দুই দল (কংগ্রেস ও আম আদমি পার্টি) বন্ধু হয়েছে বলে বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

## চিঠি সুশান্তের

● প্রথম পাতার পর

“নো ম্যানস ল্যান্ড” সহ বাংলাদেশের অভ্যন্তরে (২০.০০ কিমি) আন্তর্জাতিক সীমানার বাইরে ভারত-বাংলাদেশ জলপথ প্রোটোকল রুটের ড্রেজিং সম্পূর্ন করা। সোনামুড়ার — দাউদকান্দি প্রটোকল রুটের উদয়পুর পর্যন্ত সম্প্রসারন (৪০কিমি)। এছাড়াও সোনামুড়া-দাউদকান্দি নৌপথকে বাংলাদেশ যেমন আশুগঞ্জ, মংলা, চট্রগ্রাম বন্দরের সঙ্গে যুক্ত করার উদ্যোগ গ্রহন ইত্যাদি।এছাড়াও প্রতিদিন গোমতী নদী পারাপারকৃত যাত্রীদের সুবিধার্থে এবং পর্যটন ও জলপথের যোগাযোগকে উতাহিত করার লক্ষ্য নিয়ে, একটি ক্রুজ জাহাজ এবং ছয়টি যাত্রীবাহী ভাসেল অনুমোদন দেওয়ার আবেদন জানান। ডম্বুর লেকে একটি আইডব্লিউএটি স্থাপনের জন্য যাত্রীবাহী জাহাজ অনুমোদন দেওয়ারও আর্জি জানিয়েছেন রাজ্যের পরিবহণ মন্ত্রী।“এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা” এর দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য ত্রিপুরায় অভ্যন্তরীণ জল পরিবহনের উন্নয়নে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনেয়ালের সাহায্য কামনা করেছেন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

## নাবালিকা

● প্রথম পাতার পর

বয়সী সপ্তম শ্রেণীতে পড়ুয়া জনৈকা নাবালিকা কন্যা দিনের পর দিন তার বাড়িতেই সৎ বাবার দ্বারা লালসার শিকার হতে হচ্ছিল। স্বাভাবিক ভাবেই সে মানসিক বিধ্বস্ত হয়ে পড়ে।বুধবার সে স্কুলে গিয়ে স্কুল থেকে বাড়ি ফিরতে চাইছিল না। বিষয়টা স্কুল কর্তৃপক্ষের গোচরে যাওয়ার পর স্কুল কর্তৃপক্ষের তরফ থেকে কোন এক সামাজিক সংস্থার সাথে যোগাযোগ করা হয় এবং ওই সামাজিক সংস্থার মাধ্যমে তেলিয়ামুড়া থানায় প্রথমে অভিযোগ জানানো হয় এবং এর পরবর্তী সময়ে মামলা নথিভুক্ত করা হয় ।তৎপরতার সাথেই অভিযোগ হাতে পাওয়ার সঙ্গে সঙ্গেই তেলিয়ামুড়া থানার সেকেন্ড ওসি সুকান্ত সেন চৌধুরীর নেতৃত্বে পুলিশ অভিযুক্ত পাষণ্ড বাবাকে গ্রেপ্তার করে।শেষ সংবাদ পর্যন্ত ধৃত পিতা তেলিয়ামুড়া থানায় রয়েছে এবং তাকে বুধবার কোর্টে প্রেরণ করা হয়েছে। তেলিয়ামুড়া থানা সূত্রে জানা গেছে, ভারতীয় দণ্ডবিধির ৩৭৬(৩) নং ধারা এবং পসকো আইনের ৬ নম্বর ধারা(মামলার নম্বর ৪৫/২০২৪) অনুযায়ী মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত চলছে। গোটা ঘটনা জানাজানি হতে এলাকাজুড়ে তীব্র প্রতিক্রিয়া তৈরি হয়েছে এবং উপযুক্ত তদন্ত দ্বারা দোষীর দৃষ্টান্তমূলক শাস্তির দাবি উঠছে।

## আহত শিশু

● প্রথম পাতার পর

*গেছেন এলাকার বিধায়ক রতন চক্রবর্তী। তিনি আহত শিশুদের খোঁজ খবর নেন। পাশাপাশি এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।*

*এদিন মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে লেখেন, অতিরিক্ত বর্ষণের ফলে ভূমিধ্বসে একটি দুর্ভাগ্যপূর্ণ ঘটনায় প্রাণ হারায় খয়েরপুর মেখলিপাড়া গ্রাম পঞ্চায়েতের একই পরিবারের প্রাণেশ ও ঝুমা তাঁতি। তাঁদের ৪ মাস ও ৯ বছর বয়সী দুটি কন্যা সন্তান চিকিৎসাধীন রয়েছে। এই ঘটনায় আমি অত্যন্ত মর্মাহত। ইতোমধ্যেই রাজ্য সরকার ও প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। আর্থিক সাহায্যের পাশাপাশি সর্বোতোভাবে এই পরিবারটির পাশে থাকবে আমাদের সরকার।*

*এদিকে, প্রয়াত স্বামী-স্ত্রীর মৃতদেহ বাড়িতে পৌছতেই কান্নার রোল পড়েছে। মেঘলিপাড়া গিয়ে তাঁদের পরিবারের সদস্যদের খোঁজ নিয়েছেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক বিশাল কুমার। তিনি বলেন, রাতে বসতঘর ভেঙ্গে পরে স্বামী-স্ত্রী দুইজনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। ত্রিপুরা প্রশাসন মৃতের পরিবারের সহায়তায় পাশে রয়েছে। ওই ঘটনায় তাঁদের দুই সন্তান আহত হয়েছে। দুজনের জি বি হাসপাতালে চিকিৎসা চলছে।*

## চালকদের

● প্রথম পাতার পর

রূপিনীর সাথে। যদিও চালকদের অভিযোগ, নির্ধারিত অফিস সময়সূচী অনুযায়ী সকাল ১১ টায় দপ্তরের অফিসে আসলেও দেখা নেই অফিসের কোন কর্তা ব্যক্তিদের। এমত অবস্থায় দীর্ঘক্ষণ অপেক্ষার পর অবশেষে অফিসে আসেন পূর্ত দফতরের মহকুমা অধিকারীক জেমসন রূপিনী। তখন অটো চালকদের এক প্রতিনিধি দল কথা বলেন আধিকারিকের সাথে।তিনি বলেন, যেহেতু উদয়পুর থেকে শ্রীমন্ত পুর এবং বিশালগড় থেকে বক্সনগর পর্যন্ত যে সড়ক তৈরি করা হচ্ছে সেটা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জাতীয় সড়কের কাজ। ওই স্বরূপ গুলি পূর্ত দপ্তরের অধীনে নয়। তাই সেই সড়ক ঠিক করার মত অর্থ তার নিকট নেই তিনি চালকদের কথা চিন্তা করে কিছুটা সাড়াই করে দেওয়ার ব্যবস্থা করে দেবেন বলে আশ্বাস দেন। এবং বাকি সড়কগুলিও দ্রুত মেরামতের ব্যবস্থা করবেন বলে চালকদের আশ্বস্ত করেন।

## এইচএম

● প্রথম পাতার পর

শারীরিকভাবে শাসন করেন। এটি মানসিক ও শারীরিক স্বাস্থ্যকে প্রভাবিত করে। শিক্ষার্থীদের পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ নষ্ট করে। ওই শিক্ষককে সাসপেন্ড করা হয়েছে।আরও নির্দেশ দেওয়া হয়েছে, যে এই আদেশ বলবৎ থাকার সময়কালে পর্যন্ত ওই শিক্ষক পেঁচারথলে থাকবেন।

# লাদাখের খারদুঙ্গার মাটিতে ডিভিসির বার্তা পৌঁছে দিলেন মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের কর্মী

বাঁকুড়া, ৩ জুলাই (হি. স.) : বিশ্বের সর্বোচ্চ জনপদের পয়েন্ট লাদাখের খারদুঙ্গার মাটিতে জাতির সেবায় ডিভিসির ভূমিকার বার্তা পৌঁছে দিলেন ডিভিসির মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের কর্মী অরুময় মন্ডল।

গত ১০ জুন মেজিয়া বিদ্যুৎ প্রকল্প থেকে বাইক নিয়ে তিনি খারদুঙ্গার উদ্দেশ্যে রওনা দেন। ২০ জুন সেখানে পৌঁছে ডিভিসির মেজিয়া বিদ্যুৎ প্রকল্পের পতাকা সাপন করে এলেন পৃথিবীর সব থেকে উঁচু জনপদের বিন্দুতে। ২২ দিনের সফরে ৭হাজার কিমি পথ পাড়ি দিয়ে মঙ্গলবার সন্ধ্যায় তিনি যখন মেজিয়া বিদ্যুৎ প্রকল্পে ফিরলেন তখন প্রকল্পের আধিকারিক থেকে কর্মীরা তাকে ফুলে মালায় বরন করে নিয়ে সংবর্ধিত করলেন। তাকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন চিফ ইঞ্জিনিয়ার আর কে অনুভবি, মানব সম্পদ উন্নয়ন বিভাগের জেনারেল ম্যানেজার রঞ্জিত কুমার রজক, ডেপুটি জেনারেল ম্যানেজার অশোক কুমার তেওয়ারি, রাজীব রঞ্জন, আইএনটিইউসি নেতা অরিন্দম ব্যানার্জি, সিটুর সারা ভ্যালি কার্যকরী সভাপতি সমীর বাইন, তৃণমূল শ্রমিক সংগঠন কামগার সংঘের সম্পাদক মৃত্যুঞ্জয় মাজি, মজদুর সংঘের সম্পাদক প্রশান্ত মন্ডল, স্টাফ অ্যাসোসিয়েশন সম্পাদক বিদ্যুৎ কর্মকার ও অগনিত সহকর্মী বৃন্দ।

সাংবাদিকদের সামনে অরুময় মন্ডল বলেন, ডিভিসি হল ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহরুর মানস কন্যা। ১৯৪৮ সালের ৭ জুলাই বাংলাদেশের উদ্বাস্তু শরণার্থীদের পুনর্বাসন দেওয়ার জন্য দামোদর নদকে কেন্দ্র করে ডিভিসি প্রতিষ্ঠা করেন নেহেরুজী। দামোদরের বন্যা নিয়ন্ত্রণ, জলাধার নির্মাণ, কৃষি ও সেচ ব্যবস্থার উন্নতির জন্য ডিভিসি গড়ে উঠলেও গত ৭৭ বছরে ভারতীয় বিদ্যুৎ মানচিত্রে প্রথম সারিতে উঠে এসেছে। পাশাপাশি দেশের প্রথম এবং একমাত্র সেলিব্রেটি শ্রমিক বুধনি মেঝেন-এর কাহিনী শোনাতেই তার যাত্রা বলে মন্তব্য করেন অরুময়।

তিনি বলেন ডিভিসি বর্তমানে জলবিদ্যুৎ ও তাপবিদ্যুৎ মিলিয়ে সাড়ে ৭ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। ডিভিসির বিদ্যুতে ভারতীয় রেল চলছে, ইসিএল বিসিসিএল আমাদের বিদ্যুৎ না পেলে অচল। বাংলাদেশ যাচ্ছে আমাদের বিদ্যুৎ। সব থেকে বৃহৎ বিদ্যুৎ সরবরাহ লাইন ডিভিসি অথচ অনেকেই যেন ডিভিসির নামই শোনেনি। দেশের অন্যান্য বিদ্যুৎ সংস্থা আমাদের সরবরাহ লাইন ভাড়া নিয়ে বিদ্যুৎ পাঠায়। নয়ের দশকে এশিয়ান গেমস আমাদের বিদ্যুৎ নিয়ে হয়েছিল। ডিভিসির সেচ ক্যানেলের জন্য ঝাড়খন্ড ও পশ্চিমবঙ্গের শষ্যগোলা বর্ধমান, বাঁকুড়া, হুগলি, হাওড়ার কৃষিতে পূর্ণতা পেয়েছে। তিনি বলেন বুধনি মেঝেনের কথা দেশবাসী জানেনই না। তিনি ছিলেন ডিভিসির প্রথম শ্রমিক। জওহরলাল নেহরু তার হাত দিয়েই পাঞ্চেত জলাধার উদ্বোধন করিয়ে তার গলায় মালা পরিয়ে দিয়ে ছিলেন। পন্ডিতজী না জানলেও তাদের আদিবাসী সমাজ বুধনি মেঝেনকে সমাজচ্যুত করেছিলেন জওহরলালের কাছ থেকে মালা পরার অপরাধে। তাকে জওহরলালের স্ত্রী বলে আখ্যায়িত করেছিল তার সমাজ। সেই বুধনি মেঝেনের করুন কাহিনি শুনে ১৯৮৬ সালে তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর নির্দেশে বুধনি মেঝেনকে চাকরি দেয় ডিভিসি।

গত ১৮ নভেম্বর নেহরু বউ বলে খ্যাত বুধনি মেঝেন পাঞ্চেতেই ডিভিসি আবাসনে প্রয়াত হন। ডিভিসির সর্ব বৃহৎ তাপবিদ্যুৎ প্রকল্পটি বাঁকুড়ার মেজিয়ায় অবস্থিত। এই বুধনি মেঝেন, ডিভিসি, মেজিয়া বিদ্যুৎ প্রকল্প ও ডিভিসির সামাজিক কর্মকান্ডর কথা শুনে ভিন রাজ্যের মানুষ গুগল সার্চ করে সন্দেহ নিরশন করেছেন বলে জানান তিনি। পাশাপাশি বেলজিয়াম, ইংল্যান্ড, আমেরিকা, জার্মানি, ডেনমার্ক প্রভৃতি দেশের পর্যটকরা তার কাছে ডিভিসি ও বুধনি মেঝেনের গল্প শুনে নোট ডাউন করেছেন। ডিভিসির ইতিহাস জানতে তারা অনেকেই সংস্থার কলকাতার সদর দফতরে আসবেন বলেও জানিয়েছেন।

# পানাগড় দার্জিলিং মোড়ে ফুটপাথ জবরদখল করে তৃণমূল শ্রমিক সংগঠনের কার্যালয় নির্মাণ

দুর্গাপুর, ৩ জুলাই (হি. স.) : মুখ্যমন্ত্রীর নির্দেশিকাই সার। রাজ্য সরকার যখন পথচলতি মানুষের সাচ্ছ্যন্দ্যে চলাফেরার জন্য ফুটপাথ ও সরকারি জমি খালি করার কড়া তৎপরতা শুরু করেছে, তখন দলীয় পতাকা লাগিয়ে অবাধে চলছে ফুটপাথ দখল করে তৃণমূলের শ্রমিক সংগঠনের কার্যালয় নির্মান কাজ। তাও আবার জনবহুল সড়কের পাশে। নজরদারি শিকেয়। অভিযোগ দলীয় কর্মাধ্যক্ষের মদতেই চলছে বেআইনি ফুটপাথ দখল করে নির্মান। আর তাতেই প্রশ্ন উঠেছে, পুলিশ ও প্রশাসনের নজদারিতে। এমনই নজিরবীহিন ছবি ধরা পড়ল পানাগড়-মোরগ্রাম রাজ্য সড়কের পাশে কাঁকসার দার্জিলিং মোড়ে। প্রতিবাদে সরব বিজেপি।

দক্ষিনবঙ্গ থেকে উত্তরবঙ্গ যাওয়ার করিডর বলেই পরিচত পানাগড়-মোরগ্রাম রাজ্য সড়কের কাঁকসার দার্জিলিং মোড়। ১৯৯৯ সালে সড়কটি নতুন করে সম্প্রসারন ও সংস্কার করা হয়। নাম হয় ১৪ নং রাজ্য সড়ক। ওই সময় ঢেলে সাজানো হয় দার্জিলিং মোড়। রাস্তার ডানদিকে নিকাশি নালা। তার সঙ্গে সৌন্দর্যায়নের জন্য রাস্তার দুদিকে প্রায় দুইশ মিটার লম্বা গার্ডওয়াল দিয়ে বাগিচা করা হয়। এছাড়াও রাস্তার দুই পাশে স্ট্রিট লাইট বসানো হয়। সড়কটির উদ্বোধন করেন তৎকালিন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। এছাড়াও উপস্থিত ছিলেন তৎকালিন পুর্তমন্ত্রী ক্ষিতি গোস্বামী। রাস্তার পাশে ওই বাগিচার মধ্যে লাগানো হয়েছিল সড়ক উন্মোচনের একটি ফলক। যদিও বর্তমানে সেসব ভেঙে পড়েছে। ভেঙে দেওয়া হয়েছে জরাজীর্ন অবস্থা ফুলের ওই বাগিচা। ভেঙে পড়েছে স্ট্রিট লাইট। এমনকি সড়কের পাশের পুকুর সুকৌশলে চলছে ভরাট কাজ। সেখানে আবার গড়ে উঠেছে ট্যাক্সি স্ট্যান্ড। আবার উল্টোদিকের একটি পুকুর চা দোকানের বর্জ্য ভাড় ফেলে চলছে ভরাট। আবার রাস্তা লাগোয়া চলছে জবরদখল করে ঝুপড়ি নির্মান। গত কয়েক মাস ধরে বাঁশের খুটি পুঁতে লাগানো হয়েছিল প্ল্যাস্টিকের ত্রিপল। মঙ্গলবার বিকাল থেকে আবার ওইসব ঝুপড়ি ইট, সিমেন্টের দেওয়াল তুলে চলছে নির্মান কাজ। যদিও মেঝেটা অনেক আগেই কংক্রিট করা ছিল। এখন আবার পাকা দেওয়াল তোলার কাজ শুরু হয়েছে। ইমারতি দ্রব্য ইট, বালির স্তুপে লাগানো হয়েছে তৃণমূল শ্রমিক সংগঠন আইএনটিটিইউসির পতাকা।

জানা গেছে, ওই জায়গায় তৃণমূল শ্রমিক সংগঠনের গাড়ি চালক ও হকার সংগঠনের কার্যালয় তৈরী করা হচ্ছিল। কয়েকদিন আগেই রাজ্যের মুখ্যমন্ত্রী সরকারি জমিতে জবরদখল ও ফুটপাথ দখল উচ্ছেদের কড়া নির্দেশিকা দিয়েছেন। ওই নির্দেশিকাকে কার্যত বুড়ো আঙ্গুল দেখিয়ে তাঁর দলের কর্মীরা সরকারি জমি দখল করে পার্টি অফিস নির্মান করছে। আর তাতেই প্রশ্ন উঠেছে। বিজেপি নেতা রমন শর্মা বলেন,’ রাজ্যের মুখ্যমন্ত্রী যখন জবরদখল উচ্ছেদের নামে দ্বিচারিতা করছেন। তার সংগঠনের দলীয় কার্যালয় তৈরী হচ্ছে সরকারি জমি ফুটপাথ দখল করে। তৃণমূলের দাপুটে এক কর্মাধ্যক্ষের মদতে এধরনের পুকুর ভরাট, ফুটপাথ দখল করে চলছে নির্মান। আর তাই এর মানে কেবল মাত্র, একটি সম্প্রদায়কে খুশি করার জন্য ও তাদের তোষন করার জন্য ছাড় দেওয়া হয়েছে রাজ্যের তরফে। আমরা এধরনের ঘৃণ্য রাজনীতির তিব্র বিরোধিতা করছি।’ প্রসঙ্গত, দার্জিলিং মোড় লাগোয়া বন বিভাগের অফিসের পাশে রয়েছে খাঁকি পুকুর। গত কয়েকবছর ধরে পুকুটি সুকৌশলে ভরাট করে গোটা ৩০ ঝুপড়ি দোকান নির্মান হয়েছে। একসময় রাস্তার দিকে দোকান করে, পিছন দিকে সুকৌশলে চলছে ভরাট কাজ। এছাড়াও পানাগড়- মোরগ্রাম পানাগড় ব্লক হাসপাতাল মোড়ে রাস্তার দুপাশে জবর দখল করে দোকান নির্মান চলছে নির্বিচারে। আর এসব দোকান নির্মানের ফলে সংকির্ন হয়ে পড়ছে সড়ক। তারওপর সড়কের একাংশ গেছে টোটো চালকদের দখলে। তাতেই পথচলা দায় হয়েছে পথচারী ও স্কুল পড়ুয়াদের। দুর্ঘটনা প্রায় ঘটে। তবুও হুঁশ ফেরেনি স্থানীয় ব্লক প্রশাসন ও পুলিশ প্রশাসনের। যদিও, তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি নবকুমার সামন্ত বলেন,’ বিষয়টি জানা নেই। খোঁজ নিয়ে দেখছি। এধরনের নির্মানে দলের কোন অনুমতি নেই। বিষয়টি প্রশাসন দেখবে।’

## ফল প্রকাশ

● প্রথম পাতার পর

৫১০ জনের। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পুণঃমূল্যায়ণের পর কোন ছাত্রছাত্রী ফেল থেকে পাস করেনি। তবে পুণঃমূল্যায়ণের পর বছর বাঁচাও পরীক্ষার জন্য উত্তীর্ণ হয়েছে মাত্র একজন ।এদিন সাংবাদিক সম্মেলনে পর্ষদ সচিব বলেন, এবছর মাধ্যমিকে মোট পরীক্ষার্থী ছিল ৩৩ হাজার ৭৩৯ জন। ফাইন্যালে পাশ করেছে মোট ২৯ হাজার ৫৩৪ জন। পাশের হার ৮৭.৫৪ শতাংশ। পুণঃমূল্যায়ণের পর পাশ করেছে ২১ জন। অর্থাৎ এবছর মাধ্যমিকে মোট পাশ করেছে ২৯ হাজার ৫৫৫ জন ছাত্রছাত্রী। বর্তমানে পাশের হার দাঁড়িয়েছে ৮৭.৫৯ শতাংশ। এবছর উচ্চ মাধ্যমিকে মোট পরীক্ষার্থী ছিল ২৫ হাজার ৩৫০ জন। তারমধ্যে পাশ করেছে ২০ হাজার ৯৫ জন। পাশের হার ৭৯.২৭ শতাংশ। তিনি জানান, পুণঃমূল্যায়ণের পর এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মেধা তালিকা অপরিবর্তিত রয়েছে। পুণঃমূল্যায়ণের ফলাফল পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। পর্ষদ সচিব ডাঃ দুলাল দে জানিয়েছেন, জুলাই মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হতে যাচ্ছে মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা। আর কিছুদিনের মধ্যেই এর দিনক্ষণ ঘোষণা করা হবে। এছাড়াও উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে এই দিনক্ষণ এখনো নির্ধারণ করা হয়নি। বছর বাচাও পরীক্ষায় এবার মাধ্যমিকের ৩১৯৯ জন ছাত্রছাত্রী পরীক্ষা দেবেন। অন্যদিকে উচ্চমাধ্যমিকে ৪২৩৬ ছাত্র-ছাত্রী বছর বাঁচাও পরীক্ষায় বসবে।পর্ষদের সভাপতি জানান, যে সকল ছাত্রছাত্রী বছর বাঁচাও পরীক্ষায় অংশ নেবে তাদের আগামী ৮ থেকে ১১ জুলাইয়ের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ে আবেদনপত্র জমা দিতে হবে। বিদ্যালয় কর্তৃপক্ষকে আগামী ১২ থেকে ১৫ জুলাইয়ের মধ্যে ছাত্রছাত্রীদের আবেদনপত্র ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ কার্যালয়ে জমা দিতে হবে। পরীক্ষা নেওয়া হবে জুলাই মাসের শেষ সপ্তাহে।

## কারাদন্ড

● প্রথম পাতার পর

গৃহবধূ সবিতা দেবনাথ শ্বশুরবাড়ির লোকজনদের দ্বারা নির্যাতিতা হয়ে মারা যায় বলে অভিযোগ উঠে ।শ্বশুরবাড়ির লোকজনের দ্বারা ক্রমাগত নির্য্যাতনের পরিণতিতে মারা যায় বলে অভিযোগ উঠে। স্বামী সুজিত দেবনাথ, শ্বশুর সুধীর রঞ্জন দেবনাথ ও শাশুড়ি রীতা দেবনাথকে অভিযুক্ত করে মৃতার পরিবারের পক্ষ থেকে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। এব্যাপারে পুলিশ একটি মামলা লিপিবদ্ধ করে। পরে তদন্ত শুরু হয়। মামলার তদন্ত চলাকালীন সময়ে অভিযুক্ত শ্বশুর সুধীর রঞ্জন দেবনাথ মারা যায়। তদন্ত শেষে আদালতে চার্জশিট জমা দেন মামলার তদন্তকারী অফিসার। পরে আদালতে মামলার শুনানি শুরু হলে মোট সতেরো জন সরকারপক্ষে সাক্ষ্য দেয় ।উপস্থাপিত সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে আদালতে অপরাধী সাব্যস্ত হয় অভিযুক্ত স্বামী সুজিত দেবনাথ। যথেষ্ট প্রমাণের অভাবে মামলা থেকে অব্যাহতি দেওয়া হয় অভিযুক্ত শাশুড়ি রীতা দেবনাথকে। খোয়াইয়ের প্রথম শ্রেণীর বিচার বিভাগীয় আদালতের বিচারক রীনা দেববর্মা বধু হত্যার মামলায় অপরাধী সাব্যস্ত স্বামী সুজিত দেবনাথকে ভারতীয় দণ্ডবিধির ৪৯৮(এ)ধারায় এক বছরের কারাদণ্ডের আদেশ দিয়ে মামলার রায় প্রদান করেন। সাথে দশ হাজার টাকা জরিমানা ধার্য্য করেন ।জরিমানা অনাদায়ে ছ’মাসের কারাবাস।

## এলাকাবাসীর

● প্রথম পাতার পর

কেন্দ্রীয় নির্মাণকারী সংস্থা রাজ্য পূর্ত দপ্তরের সাথে সরকারীভাবে কোন যোগাযোগ করে না। তারা তাঁদের নিজস্বভাবে কাজ করে। জানা গেছে কিছু দিন পূর্বে অমর কলোনি এলাকায় সারাই এর কাজ করেছে এই কেন্দ্রীয় পথ নির্মাণ সংস্থা। এখন দাবি উঠেছে সারা কল্যাণপুর জুড়ে যে সমস্ত জায়গায় রাস্তা ভেঙে গেছে সেই জায়গা গুলো সারাই করার।

এদিকে স্থানীয়দের দাবি এই জাতীয় সড়ক খোয়াই থেকে কল্যাণপুর তেলিয়ামুড়া হয়ে অমরপুর, উদয়পুর যাবে। কিন্তু দীর্ঘ এই পথ নির্মাণ এর কাজ অবিলম্বে শুরু করুক এই সংস্থা।

## শোক

● প্রথম পাতার পর

দুপুরে একটি বোলেরু গাড়িতে করে ডি জে সেট নিয়ে আনন্দ উপভোগ করতে করতে চন্দ্রপুর হয়ে মাতাবাড়ি মন্দির পরিক্রমা করে বাড়ি ফিরে আসার পরিকল্পনা করে। তাদের বোলেরু গাড়িটি রাধাকিশোরপুর থানার অন্তর্গত চন্দ্রপুর সিদ্দিক উল্লা টিলা এলাকার লোকনাথ মন্দির সংলগ্ন এলাকায় আসার সাথে সাথেই বোলেরু গাড়ির পেছনের ডালার( পাল্লা) লোহার রড খুলে যায়। সাথে সাথে বিপত্তি ঘটে আকাশ সূত্রধর -বয়স ২৭ বছর - পিতা মরন সূত্রধর - পেশায় কাঠ মিস্ত্রি গাড়ি থেকে পরে যায়। পরে যাওয়ার সময় আকাশকে বাঁচানোর জন্য অপর তিন বন্ধু যথাক্রমে জয় দেবনাথ,রাকেশ দাস সহ অন্যরা আকাশকে ধরে ফেলার চেষ্টা করে। সাথে সাথে ঘটনার প্রত্যক্ষ দর্শীরা উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরে খবর দেয়। খবর পেয়েই অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে এসে আকাশ সূত্রধর, জয়দেব দেবনাথ, রাকেশ দাস সহ সবাইকে গোমতী জেলা হাসপাতালে নিয়ে আসেন। অবস্থা গুরুতর ও আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক আকাশ সূত্রধর ও জয়দেব দেবনাথকে আগরতলা জি বি হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আকাশ সূত্রধরকে মৃত বলে ঘোষনা করে। তার কিছুক্ষণ পর ডাক্তারবাবুদের সমস্ত চেষ্টা ব্যর্থ করে মৃত্যুর কোলে ঢলে পড়েন সহদেব দেবনাথের ছেলে জয় দেবনাথ। সংবাদ সূত্রে জানা যায় আকাশ আজ উদয়পুর পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক থেকে হাজার দশেক টাকা লোন নেয় ঋণের টাকা শোধ করবে বলে। বাড়িতে গিয়ে আকাশের মামা খোকন সূত্রধকে দুইশত বিশ টাকা ঋন শোধ করে বাড়ি গিয়ে কয়েক মিনিট বিশ্রাম করে ডি জের দলে যোগদান করে। এক সপ্তাহের মধ্যে মুড়াপাড়া বাঁশ খেত এলাকার চার চারটি তাজা প্রাণ চলে যাওয়ায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। এখানে উল্লেখ থাকে যে গত এক সপ্তাহের মধ্যে পারিবারিক কারনে বাচ্চু মিঞা-বয়স ত্রিশ আত্ম হত্যা করেন, প্রণয় ঘটিত কারনে কলেজ পড়ুয়া ঊনিশ বছরের তাজা যুবক বিজয় সরকার আত্ম হত্যা করেন। আজকে বিকালের সড়ক দুর্ঘটনায় মৃত আকাশ ও জয়দেব দেবনাথের নিথর দেহ আগরতলা জিবি হাসপাতালের মর্গে শায়িত আছে ।আগামীকাল ময়নাতদন্তের পর আকাশ ও জয়দেবের নিথর দেহ নিকট আত্মীয়ের হাতে তোলে দেওয়া হবে বলে সংবাদ সূত্রে জানা যায়। এই ঘটনায় মুড়াপাড়া বাঁশখেত জয়ন্তী এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

# াঙ্গন

# সিনিয়র ক্রিকেটে নকআউট সদর ফাইনালে আজ মোহনপুর উদয়পুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। নক আউট সদর। ফাইনালে উদয়পুর। এলিট গ্রুপের সেমিফাইনালে সদরকে এক প্রকার উড়িয়ে দিয়ে উদয়পুর ছিনিয়ে নিল ফাইনালে খেলার ছাড়পত্র। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র স্টেট এলিট গ্রুপের টুর্নামেন্টে ফাইনাল ম্যাচ আগামীকাল অনুষ্ঠিত হবে। ধর্মনগরে কলেজ স্টেডিয়ামে। এই খেতাবি লড়াইয়ে মোহনপুর খেলবে উদয়পুরের বিরুদ্ধে। রবিবারে প্রথম সেমিফাইনালে মোহনপুর ৪১ রানের ব্যবধানে শান্তির বাজার কে পরাজিত করে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে নিয়েছে। দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচ রিজার্ভ ডে হিসেবে আজ, বুধবার উদয়পুর ৭৩ রানের ব্যবধানে সদরকে হারিয়ে ফাইনালে প্রবেশ করেছে। ধর্মনগর কলেজ স্টেডিয়ামে বৃষ্টি ও প্রতিকূল পরিস্থিতির কারণে সকালের ম্যাচ শুরু হয়েছিল দুপুর দেড়টায়। টস জিতে সদর প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ইতোমধ্যে খেলায় ওভার সংখ্যা কমিয়ে একুশ করা হয়েছিল। ব্যাটিং এর আমন্ত্রণ পেয়ে উদয়পুর অনেকটা ঝড়ো ব্যাট চালিয়ে সীমিত ২১ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ১৮৮ রান সংগ্রহ করে দলের পক্ষে রানা দত্তের ৫৬ রান, তন্ময় ঘোষের ৫৩ রান এবং শংকর পালের ৩৬ রান যথেষ্ট উল্লেখের দাবি রাখে। রানা ৪৫ বল খেলে ৩টি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৫৬ রান পায়। তন্ময় ৩৫ বল খেলে একটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি মেরে ৫৩ রান সংগ্রহ করে। শংকরও দুর্দান্ত খেলে একুশ বলে দুটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারির সাহায্যে অপরাজিত ভূমিকায় ৩৬ রান সংগ্রহ করে। সদরের ভিকি সাহা দুটি, দীপ্তনু চক্রবর্তী, বিক্রম দেবনাথ, অভিজিৎ দেববর্মা প্রত্যেকে একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে সদরের ওপেনার বিশাল ঘোষ একটু ধরে খেললেও প্রারম্ভিক দুইজন ব্যাটিং ব্যর্থতার পরিচয় দেয়। বিশালের ২৭ রান, রিমন সাহার ২১ রান, দ্বীপায়ন দেববর্মার ১৯ রান কিছুটা উল্লেখ করার মতো। উদয়পুরের বোলার শঙ্কর পাল, রানা দত্ত ও শারুখ হোসেনের দাপটে সদর অনেকটা দুমড়ে যায়। ১৭.২ ওভার খেলে ১১৫ রান সংগ্রহ করেই ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। উদয়পুর জয় পায় ৭৩ রানের ব্যবধানে। ব্যাটে-বলে দারুন দক্ষতার নিদর্শন রেখে রানা দত্ত পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# ক্রীড়া সংগঠক অমিয় দাসের অনুপ্রেরণা দিদি শৈল দাসের মৃত্যুবার্ষিকী উদযাপিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। গত বছরের ঘটনা। ২০২৩ সালে এই দিনেই (৩রা জুলাই) ইহলোক ত্যাগ করে পরলোক গমন করলেন শৈল দাস।

শৈল দাস হলেন অমিয় কুমার দাসের বোন। অমিয় কুমার দাস হলেন রাজ্যের একজন অন্যতম প্রাক্তন এথলেট। যাকে এক ডাকে সবাই চেনেন গোটা রাজ্যে। এই সেই অমিয় কুমার দাস, যিনি তার গুরুদেবের জন্য নিজের একটি কিডনি দিয়েছেন,যাতে গুরুদেব সুস্থ থাকেন। অমিয় কুমার দাসের এই মহৎ কাজের কোনো বিকল্পই হয়না।

বোন শৈল দাসের আশীর্বাদের কারনেই এতবড় মহৎ কাজ করতে পেরেছেন হয়তো অমিয় বাবু। ২০২৪ সাল। ফের ৩ জুলাই ফিরে এলো।

এদিন শৈল দাসের প্রথম মৃত্যুবার্ষিকী পালিত হলো। এই দিনটিতে তাঁর পরিবারের সবাই অন্তরের অন্তঃস্থল থেকে কুর্নিশ জানালেন শৈল দাসকে।

সমাজ সেবা কিভাবে করতে হয়, তিনি দেখিয়ে গেছেন প্রত্যেককে। এমন দরদী মহিলা বর্তমান সময়ে খুঁজে পাওয়া বহু কঠিন। নিজের খাবার অন্যের মুখে তুলে দিয়েছেন। সবার সাথে তাঁর ছিল দারুণ সম্পর্ক। চাকরি জীবনে অত্যন্ত সুনামের সঙ্গে নিজের কাজ চালিয়ে গেছেন।

আজ এক বছর হলো।তিনি নেই পরিবারের মাঝে। শৈল দাসের প্রয়ান অপ্রত্যাশিত। তবে তিনি যেখানে আছেন ঈশ্বরের কৃপায় ভালো থাকুন এটাই ভগবানের কাছে চাইলেন অমিয় কুমার দাস। একই চাওয়া তাঁর পরিবার বর্গের। ভোলা মোদক সহ প্রয়াত শৈল দাসের পরিবারের একটাই কামনা ভাগবানের কাছে, তারা প্রত্যেকেই যাতে ওনার আদর্শকে পাথেয় করে সবার পাশে দাঁড়াতে পারেন এই লক্ষ্যে অবিচল তাঁর পরিবার।। আশীর্বাদ কাম্য রইলো পরিবারের প্রতি প্রয়াতার।

# বিলোনিয়ায় আমন্ত্রণ মূলক টি-২০ দুই ম্যাচে জয় পেল উভয় দল

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত টি-টোয়েন্টি আমন্ত্রণ মূলক ক্রিকেট টুর্নামেন্ট বারবার বৃষ্টি বিঘ্নিত।

টুর্নামেন্টের সূচি অনুযায়ী পরপর দুইদিন বৃষ্টির কারণে ম্যাচ স্থগিত থাকলেও তৃতীয় দিন বুধবার অনুষ্ঠিত হয় দুটি ম্যাচ। বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশন এবং পশ্চিমবঙ্গের কোচবিহারকে নিয়ে এই আমন্ত্রণ মূলক সীমিত ওভারের ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশন। বিলোনিয়া বিদ্যাপীঠ স্কুল মাঠে আয়োজিত এই টুর্নামেন্টে বুধবারের দুটি ম্যাচে জয় পেল উভয় দলই।

দিনের একটি ম্যাচে স্বাগতিক বিলোনিয়া তিন উইকেটে পরাজিত করে সফরকারি কোচবিহারকে।এই ম্যাচে কোচবিহার টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে ১৭.৩ ওভারে সবকয়টি উইকেট হারিয়ে তুলে ৬২ রান। ইনিংসে দলনায়ক সায়ন্তন রায়ের ২৩ রানের সাহায্যেই এই রান তুলে কোচবিহার।

স্বাগতিক দলের বোলারদের মধ্যে বল হাতে নিয়ে তিনটি করে উইকেট পেল সন্দীপ দেববর্মা ও প্রীতম দাস।

জবাবে বিলোনিয়া জয়ের জন্য ৬৩ রানের টার্গেট নিয়ে ব্যাট করতে নেমে সাতজন ব্যাটসম্যানকে হারিয়ে তুলে নেয় জয়ের প্রয়োজনীয় রান। জয় মজুমদারের অপরাজিত ২৫ রানের সাহায্যেই এই ম্যাচে জয় ছিনিয়ে নিতে সক্ষম হয় বিলোনিয়া। সফরকারি কোচবিহার দলের বোলারদের মধ্যে দ্বৈপায়ন দেবনাথ ও প্রণয় বর্মন দুটি করে উইকেট নেয়। অপর ম্যাচে স্বাগতিক বিলোনিয়াকে পরাজিত করতে সক্ষম হয় কোচবিহার। এই ম্যাচ কোচবিহার ২৫ রানের জয় ছিনিয়ে নেয়।

তাও আবার প্রকৃতির হাত ধরে। এই ম্যাচেও কোচবিহার টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ১২ ওভারে পাঁচজন ব্যাটসম্যানকে হারিয়ে তুলে ৯৪ রান।

রাজা পালের মারমুখি ৬১ টি রানের সাহায্যে এই রান তুলে কোচবিহার। বিলোনিয়ার কৌশিক নমো সর্বোচ্চ চারটি উইকেট নেয়। জবাবে ১০ ওভারে ৬ জন ব্যাটসম্যানকে হারিয়ে বিলোনিয়া ৫৪ রান তোলার পর বাধা হয়ে দাঁড়ায় প্রকৃতি। পরে টুর্নামেন্টের নিয়ম অনুযায়ী এই ম্যাচে কোচবিহার ২৫ রানের ব্যবধানে জয়লাভ করে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# জয়ে জয়ে জম্পুইজলা প্লে সেন্টার এগিয়ে থেকেও পরাজিত সিমনা



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে জয়ে জম্পুইজলা। সাফল্যের লক্ষ্যে অনেকটা এগিয়ে। এ পর্যন্ত পাঁচটি ম্যাচ খেলে নিয়েছে। এখনোও অপরাজিত। মাঝে তৃতীয় ম্যাচটি পান্তৌয় স্পোর্টিং সোসাইটির সঙ্গে ড্র-এর পরিবর্তে জয় পেলে ইতোমধ্যে সাফল্যের দোরগোড়ায় পৌঁছে গেছে বলা যেত।

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত সি ডিভিশন লিগ ফুটবলে এ গ্রুপের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৪-২ গোলের ব্যবধানে সিমনা তামাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করেছে। জম্পুইজলার পক্ষে এটি পঞ্চম ম্যাচের মাথায় চতুর্থ জয়। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে দিনের প্রথম খেলায় জম্পুইজলা মূলতঃ ৩৬ মিনিট ধরে এক গোলে পিছিয়ে ছিল।

খেলার ৮ মিনিটের মাথায় সিমনা তামাকারীর বয়ার দেববর্মার গোল সিমনা তামাকারী এগিয়ে গেলেও তা দীর্ঘক্ষণ ধরে রাখতে পারেনি। প্রথমার্ধের এক মিনিট বাকি থাকতে জম্পুইজলা কাঙরিয়া টা টাইপিং গোলটি শোধ করে খেলায় সমতা ফিরে আনি। দ্বিতীয়ার্ধের শুরু থেকেই যথেষ্ট আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে ম্যাচ এগোতে থাকলেও দীর্ঘক্ষণ গোলের সন্ধান কেউ পায়নি। অবশেষে ৮২ মিনিটের মাথায় জম্পুইজলার কিষান দেববর্মার গোল এবং ৫ মিনিট বাদে সুখদয়াল জমাতিয়া ও প্রবত কলাই পরপর তিনটি গোল জম্পুইজলাকে জয়ের দোরগোড়ায় পৌঁছে দেয়। তবে ঠিক শেষ মুহূর্তে সিমনা তামাকারীর সুরজিৎ নোয়াতিয়া একটি গোল পরিশোধ করে ব্যবধান কমিয়ে দুই চার করে নেয়। এদিকে খেলায় অসদাচরণের দায়ে প্রথমার্ধেই রেফারি বিজয়ী দলের জিমেইন কে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি আদিত্য দেববর্মা, খোকন সাহা, লিটন সাহা ও তপন কুমার নাথ।

# সি-ডিভিশন ফুটবলে কদমতলী সংস্থাকে হারিয়ে স্বামী বিবেকানন্দ ক্লাব জয়ী




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুর্দান্ত জয় পেয়েছে স্বামী বিবেকানন্দ ক্লাব। হারিয়েছে কদমতলী যুব সংস্থাকে। ন্যূনতম গোলে জয়ী হলেও স্বামী বিবেকানন্দ ক্লাবের এই জয় তাদের জয়ের ধারাকে ফের অক্ষুণ রেখে এগোচ্ছে। প্রথম ম্যাচে আমরা কজনাকে ছয় গোলে হারালেও দ্বিতীয় ম্যাচে ০-৫ গোলে হারতে হয়েছিল বিবেকানন্দ ক্লাবের কাছে। তৃতীয় ম্যাচে উমাকান্ত কোচিং সেন্টার কে সাত গোলে হারানোর পর আজ বুধবার ন্যূনতম গোলে পরাজিত করেছে কদমতলী যুব সংস্থাকে।

টিএফএ আয়োজিত সি ডিভিশন লিগ ফুটবলের বি গ্রুপের খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ও কদমতলী যুব সংস্থার ম্যাচটি প্রথমার্ধে বেশ প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ হয়ে ওঠে। গোল শূন্য প্রথমার্ধের পর পরস্পর বিরোধী দলের মধ্যে আক্রমণ প্রতি আক্রমণ পরিলক্ষিত হয়। ১০ মিনিটের মাথায় স্বামী বিবেকানন্দ ক্লাবের সাজন মিয়া একটি গোল করে দলকে ১-০ তে এগিয়ে দেয়। পরবর্তী সময়ে দুদলের খেলোয়াড়রা একাধিকবার গোলমুখী রচনা করলেও কেউ সফল হয়নি।

ন্যূনতম গোলে জয় ছিনিয়ে ৩ পয়েন্ট পেয়ে মাঠ ছাড়ে স্বামী বিবেকানন্দ ক্লাব। তবে খেলায় অসদাচরণের দায়ে রেফারি দুদলের চারজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি তাপস দেবনাথ, খোকন সাহা, লিটন সাহা ও আদিত্য দেববর্মা।

# প্যারিস অলিম্পিক: আর্জেন্টিনার অলিম্পিক ফুটবল দলে নেই মেসি

প্যারিস, ৩ জুলাই (হি. স.): চলতি মাসের শেষের দিকে প্যারিসে শুরু হচ্ছে অলিম্পিক। সেই অলিম্পিকে আর্জেন্টিনার দলে থাকবেন না লিওনেল মেসি।

কোচ জাভিয়ের মাসচেরানো মঙ্গলবার ঘোষিত স্কোয়াডে চার বিশ্বকাপ জয়ীকে অন্তর্ভুক্ত করেছেন, যার মধ্যে রয়েছেন স্ট্রাইকার জুলিয়ান আলভারেজ এবং ডিফেন্ডার নিকোলাস ওটামেন্ডিও।

এই বছর ইনজুরির সঙ্গে লড়াই করছেন মেসি। এখন তিনি কোপা আমেরিকায় খেলছেন।

এই সুপারস্টার ২০০৮ সালে বেইজিংয়ে অলিম্পিক স্বর্ণপদক জিতেছিলেন।

# টি-টোয়েন্টি র‍্যাঙ্কিং: বিশ্বকাপ জিতেই এখন এক নম্বর অলরাউন্ডার পান্ডিয়া

দুবাই, ৩ জুলাই (হি. স.): বিশ্বকাপ জুড়েই ব্যাটে-বলে দারুণ পারফরম্যান্স করেছেন অলরাউন্ডার হার্দিক পান্ডিয়া। বিশ্বকাপে দেড়শোর বেশি স্ট্রাইক রেটে ১৪৪ রান করা পান্ডিয়া বল হাতে নিয়েছেন ১১ উইকেট। এমন পারফরম্যান্সের স্বীকৃতি র‍্যাঙ্কিংয়েও পেয়েছেন পান্ডিয়া। প্রথম ভারতীয় পুরুষ খেলোয়াড় হিসেবে আইসিসির টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ে ১ নম্বর অলরাউন্ডার হয়েছেন পান্ডিয়া।

তবে এককভাবে নয়, ২২২ রেটিং পয়েন্ট নিয়ে শ্রীলঙ্কার ওয়ানিন্দু হাসারাঙ্গার সঙ্গে যৌথভাবে শীর্ষস্থান পেয়েছেন পান্ডিয়া।

# কোপা আমেরিকা: শেষ আটে আর্জেন্টিনা, ব্রাজিল

নিউইয়র্ক, ৩ জুলাই (হি. স.): কোপা আমেরিকার গ্রুপ পর্বের শেষ ম্যাচে বুধবার সকালে মাঠে নেমেছিল চার দল। কলম্বিয়া- ব্রাজিল ম্যাচ ১-১ গোলে ড্র হয়েছে। আরেক ম্যাচে প্যারাগুয়ে ২-১ গোলে জয় পেয়েছে কোস্টারিকার বিরুদ্ধে। এর মধ্য দিয়েই বুধবার শেষ হয়েছে কোপার গ্রুপ পর্বের খেলা। আগামী শুক্রবার থেকে শুরু হবে কোয়ার্টার ফাইনাল।

কোয়ার্টার ফাইনাল সূচি:

*আর্জেন্টিনা-ইকুয়েডর (৫ জুলাই)
*ভেনেজুয়েলা-কানাডা (৬ জুলাই)
*কলম্বিয়া-পানামা (৭ জুলাই)
*উরুগুয়ে-ব্রাজিল (৭ জুলাই)

### নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে

# সরকার স্বচ্ছতার কাজে বিশ্বাসী ঃ মুখ্যমন্ত্রী




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গদর্শনে বর্তমান রাজ্য সরকার স্বচ্ছ নীতি ও স্বচ্ছ ব্যবস্থার মাধ্যমে কাজ করছে। রাজ্য সরকারের লক্ষ্য প্রতিটি ক্ষেত্রেই স্বচ্ছতার সঙ্গে জনগণকে পরিষেবা দেওয়া। স্বচ্ছতার ক্ষেত্রে সরকার কোন কিছুর সঙ্গে আপোষ করবেনা। আজ অরুন্ধতীনগরস্থিত পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের (টিপিএসসি) মাধ্যমে নির্বাচিত চাকুরী প্রাপকদের হাতে নিয়োগপত্র তুলে দিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমী বলেন, রাজ্যে ছেলেমেয়েদের মধ্যে চাকুরী প্রদান হোক বা সুবিধাভোগীদের মধ্যে সরকারী বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান সবকিছুতেই সরকার স্বচ্ছতা বজায় রেখে কাজ করছে। আজকে যারা চাকুরীতে নিয়োগপত্র পাচ্ছেন তারা প্রত্যেকেই স্বচ্ছতার সঙ্গে নির্বাচিত হয়েছেন। এক্ষেত্রে প্রত্যেক চাকুরী প্রাপকই নিজেদের যোগ্যতার পরিচয় দিয়ে চাকুরী পেয়েছেন। মুখ্যমী বলেন, রাজ্যের ছেলেমেয়েরা বর্তমানে প্রতিটি বিষয়েই যোগ্যতার পরিচয় দিচ্ছেন।আজকে যারা নিয়োগপত্র পেয়েছেন তারা প্রত্যেকেই সরকারের অংশ হিসেবে নিজেদের যুক্ত করেছেন। চাকুরী জীবনে প্রত্যেককেই কাজের মাধ্যমে নিজেদেরকে শ্রেষ্ঠ প্রমাণ করতে হবে। পাশাপাশি এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনেও তাদেরকে অগ্রনী ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করতে বিশ্বাসী। বর্তমান রাজ্য সরকার গ্রপ-এ, গ্রপ - বি, গ্রপ - সি এবং গ্রপ - ডি পদে এখন পর্যন্ত মোট ১৩ হাজার ৬৬১ জনকে সরকারি চাকুরী প্রদান করেছে। প্রতিটি চাকুরী প্রদানের ক্ষেত্রেই সরকার স্বচ্ছতা বজায় রেখেছে। আগামীদিনেও চাকুরী প্রদানসহ প্রতিটি ক্ষেত্রে সরকার স্বচ্ছতা বজায় রাখবে।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে. কে. সিনহা বলেন, আজ যারা নিয়োগপত্র পেয়েছেন তারা সকলেই সরকারের অংশ হিসেবে যুক্ত হচ্ছেন। তাই সমাজ সেবায় নিজেকে নিয়োজিত করার জন্য প্রত্যেকেই দৃঢ়প্রতিজ্ঞ হতে হবে। সত্যনিষ্ঠার সঙ্গে জনগণকে সরকারী বিভিন্ন পরিষেবা প্রদানেও প্রত্যেককে সব সময় সচেষ্ট থাকতে হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণে জি এ (পি এণ্ড টি) দপ্তরের সচিব অপূর্ব রায় বলেন, টিপিএসসি'র মাধ্যমে নির্বাচিত ৪৭৪ জনকে আজ নিয়োগপত্র দেওয়া হচ্ছে। এরমধ্যে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সিডিপিও পদে ২ জন ও আইসিডিএস সুপারভাইজার পদে ৩৪ জন, পঞ্চায়েত দপ্তরের পঞ্চায়েত এ্জিকিউটিভ অফিসার পদে ৩৯৫ জন এবং জিএ দপ্তরের পি এ গ্রেড - ২ পদে ৪৩ জন নিয়োগপত্র পাবেন।

অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক মীনারানী সরকার, মুখ্যমীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, পঞ্চায়েত দপ্তরের সচিব রাভাল হেমেন্দ্র কুমার এবং সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা:) মানিক সাহা ৩টি দপ্তরের চাকুরী প্রাপক ২৭ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন।

# ফের আটক ১১ জন অবৈধ অনুপ্রবেশকারী বাংলাদেশী নাগরিক



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** অবৈধ অনুপ্রবেশের সংখ্যা প্রতিনিয়ত বেড়েই চলেছে রাজ্যে। দুদিনের মাথায় ফের ১১ জন অবৈধ অনুপ্রবেশকারী বাংলাদেশি নাগরিককে আটক করল পুলিশ। মঙ্গলবার আগরতলা বাধারঘাট রেলস্টেশন থেকে তাদেরকে গ্রেফতার করেছে রেল পুলিশ।

এ বিষয়ে পুলিশ আধিকারিক জানিয়েছেন, মঙ্গলবার আগরতলা বাধারঘাট রেলস্টেশনে এই ১১ জন বাংলাদেশি নাগরিককে আটক করা হয়েছে। তাদের মধ্যে একজন অপ্রাপ্তবয়স্কও রয়েছে। তারা প্রত্যেকেই দেশের বিভিন্ন জায়গায় যাওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ থেকে ভারতে এসেছে। আগরতলা রেলস্টেশনের মাধ্যমে তারা দেশের বিভিন্ন রাজ্যে যাওয়ার জন্য রওনা হচ্ছিল। তাদের কাছ থেকে স্মার্টফোন, বাংলাদেশের বিভিন্ন নথি এবং ভারতীয় টাকা উদ্ধার হয়েছে। তাদেরকে বুধবার আদালতে সোপর্দ করে পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়েছে। তাদেরকে রিমান্ডে নিয়ে পূর্বের অনুপ্রবেশকারীদের সঙ্গে তাদের কোন যোগসূত্র রয়েছে কিনা সে বিষয়ে যাবতীয় তথ্য বের করে আনা হবে বলে জানিয়েছেন পুলিশ আধিকারিক।উল্লেখ্য গত দুদিন আগেও ১১ জন বাংলাদেশী নাগরিককে একই রেলস্টেশনে আটক করেছে রেল পুলিশ। প্রায় একদিন অন্তর অন্তর অবৈধ অনুপ্রবেশকারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় দেশের নিরাপত্তা সহ সীমান্ত এলাকাগুলির নিরাপত্তার নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে।

## ধর্মনগরের আহত ছাত্রীকে জিবি হাসপাতালে স্থানান্তর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** মারধরে গুরুতর আহত ছাত্রীকে আগরতলায় জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। শিক্ষক বদলির প্রতিবাদে আন্দোলন করায় মঙ্গলবার ধর্মনগর থানা এলাকার জীবন ত্রিপুরা স্কুলে ছাত্রীদের মারধরের ঘটনায় তিন ছাত্রীকে উত্তর জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছিলো। এর মধ্যে দ্বাদশ শ্রেণির ছাত্রী মৌটুসি দাসের (১৬) অবস্থা গুরুতর। সেজন্যই তাকে উন্নত চিকিৎসার জন্য জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। উল্লেখ্য ঘটনা সংবাদ সংগ্রহ করতে গিয়ে আক্রান্ত হয়েছিলেন একাধিক সাংবাদিক। এ ব্যাপারে অভিযুক্তদের নামধাম উল্লেখ করে ধর্মনগর থানায় সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়। মামলা দায়ের করা হলেও এখনো পর্যন্ত অভিযুক্তদের গ্রেপ্তার করতে সক্ষম হয়নি পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। শাসক দলের নামধারী একাংশের অত্যুৎসাহী লোকজনদের এহেনও কার্যকলাপ ঘিরে শাসকদলের অন্দরেও ক্ষোভ ক্রমশ দানা বাঁধছে বলে খবর মিলেছে।

## নবনির্মিত বাজার শেডের দ্বারোদঘাটন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে ঊনকোটি জেলার কৈলাশহরের জলাইবাজারে নবনির্মিত বাজার শেডের আনুষ্ঠানিক দ্বার উদঘাটন হল। এর ফলে বেশ কিছুসংখ্যক ব্যবসায়ী ওই শেডে ব্যবসা করার সুযোগ পাবেন।

বুধবার চন্ডিপুর ব্লকের জলাই বাজারের নবনির্মিত বাজার শেডের উদ্বোধন করা হলো। সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায় বাজার শেডের উদ্বোধন করেন।

এদিন তিনি বলেন, ৬০ লাখ টাকা ব্যয়ে এই বাজার শেড নির্মান করা হয়েছে। নবনির্মিত বাজার শেডে এলাকায় কৃষকরা বিভিন্ন কৃষিজ সামগ্রী বিক্রয় করতে পারবেন।

উদ্বোধন কালে উপস্থিত ছিলেন জিলা পরিষদ সভাধিপতি অমলেন্দু দাস, জেলাশাসক ডি কে চাকমা, কৃষি ও মৎস্য বিভাগের কর্মকর্তা এবং জলাই গ্রাম পঞ্চায়তের প্রধান শিল্পী দে প্রমুখ। বাজারের মৎস্য ও সবজি এবং মাংস বিক্রি করতে আসা মানুষেরা এখনথেকে উপকৃত হবেন। অনেক ই ব্যবসা-বাণিজ্য জন্য জায়গা পান না। এবার সেই সমস্যা সমাধানে বাজার শেড নির্মান করা হয়।

## সিআইটিইউ এবং ত্রিপুরা পাম্প অপারেটর ইউনিয়নের যৌথ উদ্যোগে ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** ১০ দফা দাবি আদায়ের লক্ষ্যে সিআইটিইউ এবং ত্রিপুরা পাম্প অপারেটর ইউনিয়নের যৌথ উদ্যোগে নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তার নিকট ডেপুটেশন পেশ করা হয়েছে বুধবার।

এদিনের এই ডেপুটেশনে মূলত পাম্প অপারেটরদের বিভিন্ন দাবি নিয়ে এই ডেপুটেশন পেশ করা হয়েছে। দাবিগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল, সরকারের ঘোষণা অনুযায়ী পানীয় জল সরবরাহের পাম্প অপারেটরদের বর্ধিত মজুরি এরিয়ার সহ অবিলম্বে মিটিয়ে দিতে হবে। সমস্ত পাম্প অপারেটরদের নিয়মিতকরণ করতে হবে। অপারেটরের সচিত্র পরিচয়পত্র দিতে হবে এবং দৈনিক হাজিরা খাতা চালু করতে হবে। ছাঁটাই হওয়া সমস্ত অপারেটরদের অবিলম্বে কাজে পুনর্বহাল করতে হবে। তাদের মজুরি বৃদ্ধি করে মাসে ২৬ হাজার টাকা মজুরি দানের ব্যবস্থা করতে হবে ইত্যাদি।

## শিক্ষাভবনের সামনে বিক্ষোভে সামিল এআইএসইসি




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** মেডিকেল কোর্সে ভর্তির জন্য পূর্বের ন্যায় রাজ্যভিত্তিক প্রবেশিকা পরীক্ষার দাবিতে সপ্তাহব্যাপী প্রতিবাদ সপ্তাহ পালন করছে অল ইন্ডিয়া সেভ এডুকেশন কমিটি। বুধবার শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন এআইএসইসি।

কমিটির সদস্যরা জানান, মেডিকেল কোর্সে ভর্তির জন্য নিট এর পরিবর্তে পূর্বের ন্যায় রাজ্যভিত্তিক প্রবেশিকা পরীক্ষা গ্রহণ করতে হবে। পাশাপাশি নিট পরীক্ষার ফলাফল বাতিল করে পুনরায় পরীক্ষা গ্রহণ করার দাবিতে ২৭ জুন থেকে ৩রা জুলাই পর্যন্ত সপ্তাহব্যাপী প্রতিবাদ সংঘটিত করেছে কমিটি। এরই অঙ্গ হিসেবে এদিন শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে। অবিলম্বে কমিটির দাবিগুলি পূরণ করার জন্য ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন কমিটির সদস্যরা।

## ইউজিসির ডিফল্টের লিস্টে আরিয়াভার্ট ইউনিভার্সিটির নাম নেই, কর্তৃপক্ষের মধ্যে স্বস্তির নিঃশ্বাস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** ২ জুলাই ইউজিসির ডিফল্টের যে লিস্ট বের হয়েছে তাতে আরিয়াভার্ট ইউনিভার্সিটির নাম না থাকায় কর্তৃপক্ষের মধ্যে স্বস্তির নিঃশ্বাস পরিলক্ষিত হচ্ছে। প্রসঙ্গত, জুন মাসের ১ তারিখ ইউজিসি থেকে যে ডিফল্টের লিস্ট প্রকাশিত হয়েছিল তাতে এই ইউনিভার্সিটি নাম থাকায় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বৈধতা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছিল। ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর সহ কর্তৃপক্ষ এক সাংবাদিক সম্মেলন করে জানিয়েছিলেন, যে তারা ন্যাদণ্ডাদেশ হিসাবে রিটায়ার্ড ম্যাজিস্ট্রেট পিকে রায়কে যুক্ত করেছেন। কিন্তু সঠিক সময়ে তাদের মেইল পৌঁছতে না পারায় ইউনিভার্সিটি থেকে আরিয়াভার্ট ইউনিভার্সিটিকে ডিফল্ট ইউনিভার্সিটি হিসেবে ঘোষণা করা হয়েছিল। কিন্তু ইউজিসি পয়লা জুলাই যে ডিফল্ট ইউনিভার্সিটির তালিকা প্রকাশিত করেছে তাকে আলিয়াভার্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নাম নেই। তাই কর্তৃপক্ষ স্বস্তির নিঃশ্বাস ফেলেছে। উত্তর ত্রিপুরার একমাত্র ইউনিভার্সিটি হিসেবে আরিয়াভার্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর কার্যকলাপ স্বাভাবিকভাবে চলছে বলে জানিয়েছেন ইউনিভার্সিটি পক্ষে রোশন কুমার। বিভিন্ন বিভাগে ভর্তির কাজ চলছে যার মধ্যে বিভিন্ন মাস্টার ডিগ্রী, পিএইচডি ডিগ্রী, স্নাতক স্তরের বিভিন্ন বিভাগে ভর্তি তাছাড়া প্রমোশনাল কোর্স ভর্তির প্রক্রিয়া চলছে বলে জানান ইউনিভার্সিটি কর্তৃপক্ষ।

সরকারি নিয়ম মেনে বিভিন্ন স্কলারশিপ প্রদানের ব্যবস্থা রেখেছে এই ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। উল্লেখ্য যুবরাজনগর বিধানসভা কেন্দ্রের তিলথৈ গ্রাম পঞ্চায়েতের পালগাঁওয়ে নতুন ইউনিভার্সিটি কাজ প্রায় ৮০ শতাংশ হয়ে গেছে এবং শেষের পথে। দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য এর কাজ যতটুকু এগিয়ে যাওয়ার কথা কথা ততটুকু এগোতে পারছে না। রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা এই নতুন বিল্ডিং ঘরের উদ্বোধন করবেন বলে জানিয়েছেন ইউনিভার্সিটি কর্তৃপক্ষ।

## মহকুমা ভিত্তিক বনমহোৎসব সম্পন্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** বুধবার ধর্মনগরে এক জমকালো অনুষ্ঠানের মধ্যে দিয়ে সম্পন্ন হল মহকুমা ভিত্তিক বনমহোৎসবের।

এই উৎসবের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগবাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল দেবনাথ, উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, জেলা বন আধিকারিক সুমন মল্ল, সভাপতিত্ব করেন পুরো পরিষদের চেয়ারম্যান প্রদ্যুৎ দে সরকার এছাড়া বিভিন্ন বিদ্যালয় থেকে আগত ছাত্র-ছাত্রীরা ও বনদপ্তরের কর্মীরা। অনুষ্ঠানের শুরুতেই বিবিআই স্কুল প্রাঙ্গণে বৃক্ষরোপণ করা হয়।

অতিথিদের বক্তব্যে, গাছ মানব জীবনে কতটুকু প্রয়োজনীয় তা উল্লেখ করা হয়। প্রতিটি কাজ কি পরিমান অক্সিজেন পরিবেশে দিয়ে থাকে এবং এই অক্সিজেন নিয়ে প্রাণীকুল জীবন ধারন করে থাকে তা উল্লেখ করা হয়। ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলা হয় তারা যেন গাছ ধ্বংসের পরিবর্তে গাছ রোপনের দিকে অধিকাংশ মনোযোগী হয়। সভ্যতার অগ্রগতির পাশাপাশি পরিবেশের কথা চিন্তা না করে মানুষ নির্বিচারে গাছ কেটে ধ্বংস করে চলেছে। কিন্তু তার বিনিময়ে বৃক্ষরোপণ খুবই নগণ্য পরিমাণে হচ্ছে বলে জানান অতিথিরা। তাই প্রত্যেকের ☛ ৬ এর পাতায় দেখুন

## আগামী ৮ জুলাই কাঞ্চনপুর থেকে খুমলুঙ পর্যন্ত লংমার্চ শুরু করবে আইপিএফটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** আগামী ৮ জুলাই থেকে লংমার্চ শুরু করছে আইপিএফটি দল। উত্তর জেলার কাঞ্চনপুর থেকে পশ্চিম জেলার খুমলুঙ পর্যন্ত এই লং মার্চ অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন ইয়ুথ আইপিএফটির সভাপতি বিকাশ দেববর্মা।

বুধবার এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ইয়ুথ আইপিএসটির সভাপতি বিকাশ দেববর্মা বলেন, আগামী ২৩ শে আগস্ট তিপ্রা ল্যান্ড স্টেট হুড ডে। এই দিনটিকে সামনে রেখে এক লংমার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে। গোটা রাজ্যব্যাপী এই লং মার্চ অনুষ্ঠিত হবে। মূলত দলীয় কর্মীদের চাঙ্গা করতে এই কর্মসূচি হাতে নিয়েছে আইপিএফটি এমনটাই ধারণা করা হচ্ছে।

এই কর্মসূচিতে আইপিএফটি দলের সমর্থকদের এগিয়ে এসে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানিয়েছেন বিকাশ দেববর্মা। সভাপতি ছাড়াও এদিন উপস্থিত ছিলেন সচিব ময়না সিং জমাতিয়া সহ অন্যান্যরা।

## জিকা ভাইরাস রাজ্যগুলিকে সতর্ক করল কেন্দ্র

নয়াদিল্লি, ৩ জুলাই (হি.স.) : জিকা ভাইরাস নিয়ে রাজ্যগুলিকে সতর্ক করল কেন্দ্র। ইতিমধ্যেই কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের তরফে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সমস্ত হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিকে নির্দেশিকা দেওয়া হয়েছে। মহারাষ্ট্রে এই ভাইরাসের হদিস মেলার পর থেকেই এনিয়ে সতর্ক করা হয়েছে। বিশেষ করে গর্ভবতী মহিলারা যাতে এই জিকা ভাইরাসে আক্রান্ত না হন, তার নিয়মিত খেয়াল রাখার কথা বলা হয়েছে।

২০১৬ সালে প্রথম গুজরাটে এই জিকা ভাইরাসের সন্ধান মেলে। এরপর দেশের একাধিক রাজ্যে এই ধরনের ভাইরাসের সন্ধান মিলেছে। তার মধ্যে অন্যতম হল কেরল, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, তামিলনাড়ু, কর্ণাটক, দিল্লি ও মধ্যপ্রদেশ। ২ জুলাই পর্যন্ত মহারাষ্ট্রে সব মিলিয়ে আটজন জিকা ভাইরাসে আক্রান্ত রোগীর সন্ধান মেলে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশিকায় জানানো হয়েছে, যাতে এডিশ মশার হাত থেকে রক্ষা পাওয়া যায় তার সমস্ত ব্যবস্থাকে পাকা করে রাখতে হবে। সমস্ত আবাসিক এলাকা, কর্মস্থল, স্কুল, নির্মীয়মাণ বাড়ি, বিভিন্ন প্রতিষ্ঠানগুলিতে যাতে মশার বাড়বাড়ন্ত না হয় সেটা দেখার ব্যাপারে বলা হয়েছে।সূত্র মারফত জানা গিয়েছে, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশিকায় বলা হয়েছে, মহারাষ্ট্রে এই জিকা ভাইরাসের হদিস মিলেছে। এই জিকা ভাইরাস গর্ভবতী মায়ের পেটের ভেতরে থাকা ভ্রূণকে ক্ষতিগ্রস্ত করতে পারে সেক্ষেত্রে সমস্ত রাজ্যকে এনিয়ে সতর্ক থাকার জন্য বলা হয়েছে। সেক্ষেত্রে গর্ভবতী মহিলাদের দিকে বাড়তি নজর রাখার জন্য বলা হয়েছে। এলাকাগুলিকে মশামুক্ত রাখার ব্যাপারেও বলা হয়েছে। তবে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে, বেশিরভাগ ক্ষেত্রেই জিকাতে আক্রান্ত হলেও তার লক্ষণ শরীরে বিশেষ দেখা যায় না।

নির্দেশিকায় বলা হয়েছে, জিকা মূলত এডিশ মশার মাধ্যমে ছড়ায়। এটা অনেকটা ডেঙ্গি ও চিকুগুনিয়ার মতো। তবে এই রোগ থেকে সেভাবে মৃত্যুর সম্ভাবনা কম। তবে এই ভাইরাসে আক্রান্ত হলে গর্ভস্থ শিশুর ক্ষতি হতে পারে। গর্ভস্থ শিশুর মাথার আকৃতি কমে যায়। এটা একটা বড় উদ্বেগের বিষয়।

## স্কুল রাস্তার বেহাল দশা উদাসীন পূর্ত দপ্তর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** গন্ডাছড়া ডিগ্রী কলেজ থেকে লক্ষীপুর যাওয়ার রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা। জানা গিয়েছে, গন্ডাছড়া ডিগ্রী কলেজ থেকে লক্ষীপুর যাওয়ার রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা। বিশেষ করে কলেজ থেকে লক্ষীপুর চৌমুহনি পর্যন্ত। এই রাস্তার মাঝে রয়েছে বোধীচারিয়া স্কুল। বর্তমানে স্কুলের ছাত্র ছাত্রীরা যান বহন করে এই বেহাল রাস্তা ধরে যাতায়াত করতে ভীষণ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এদিকে বেহাল রাস্তা মেরামতের জন্য এলাকাবাসীরা বেশ কয়েকবার পূর্ত দপ্তরে জানিয়েও কাজ হচ্ছে না। এমতাবস্থায় জীবনের ঝুঁকি নিয়ে ছাত্র ছাত্রীদের স্কুলে আসা যাওয়া করতে হয়। বর্ষার এই মুহূর্তে রাস্তা সংস্কার করা না হলে রাস্তা আরো মারাত্মক আকার ধারণ করবে।

এদিকে ধলাই জেলার প্রত্যন্ত গন্ডাছড়া হিসাবে পরিচিত গন্ডাছড়া। বর্তমান সরকার প্রত্যন্ত শব্দটি গন্ডাছড়া মহকুমা থেকে মুছে ফেলতে শিক্ষা থেকে শুরু করে স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, পানীয় জল,বিদ্যুৎ সবকিছুতেই কোটি কোটি টাকা খরচ করছে। মহকুমার সচেতন মহলের বক্তব্য, যতক্ষণ না পর্যন্ত পূর্তকর্তাদের মন মানসিকতার পরিবর্তন না হচ্ছে ততক্ষণ পর্যন্ত রাস্তাঘাটের কোন পরিবর্তন হবে না।

## জেলাভিত্তিক মডেল প্রদর্শনী প্রতিযোগিতা অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** 'সবুজ ত্রিপুরার জন্য সাশ্রয়ী এবং টেকসই জীবনধারা' -সামনে রেখে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক এক মডেল প্রদর্শনী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় বুধবার মহারানী তুলসীরাণী বালিকা বিদ্যালয়ে। এই প্রতিযোগিতায় মোট ৩০ টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ গ্রহন করেছেন। এদিনের এই অনুষ্ঠানের প্রধান অতিথি ও উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি হরিদুলাল আচার্য।

এদিনের এই প্রতিযোগিতা সম্পর্কে তিনি জানান, এ দিনের এই প্রতিযোগিতায় মোট ৩০ টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেছেন। প্রতিটি জেলায় এই জেলাস্তরের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ইতিমধ্যেই। জেলা স্তরের প্রতিযোগী থেকে প্রতিটি জেলায় পাঁচটি করে মডেল নির্বাচিত করে রাজ্যস্তরে প্রতিযোগিতার জন্য পাঠানো হবে। এই দিনের প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের মেধার বহিঃপ্রকাশ ঘটেছে বলে জানান বিচারক মন্ডলী। ভবিষ্যতে পৃথিবীর ভারসাম্য রক্ষার্থে ছাত্র-ছাত্রীদের নির্মিত মডেল গুলি যথেষ্ট সময় উপযোগী বলে জানান তারা।

# কৈলাসহর শহরে বেহাল বিদ্যুৎ পরিষেবা মহকুমা শাসকের দ্বারস্থ এলাকাবাসী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুলাই।।** গত তিন মাস ধরে কৈলাসহর শহরে বেহাল বিদ্যুৎ পরিষেবা। বিদ্যুতের সমস্যায় নাজেহাল সাধারণ মানুষ। আজ বাধ্য হয়ে মহকুমা শাসকের নিকট ডেপুটেশন প্রদান করেন এলাকাবাসী।

প্রসঙ্গত, রাজ্যে ২০১৮ সালে রাজনৈতিক পালা বদলের পর সরকারী থেকে বেসরকারী সংস্থা 'সাই কম্পিউটার লিমিটেডের' ওপর দায়িত্ব দেওয়া হিতেছিলো কৈলাসহরের বিদ্যুৎ পরিষেবার। মূলত বিদ্যুৎ পরিষেবার মান উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার তাদের ওপর দায়িত্ব দিলেও বিদ্যুৎ বিলের নামে অতিরিক্ত অর্থ আদায় করলেও সর্বকালের নিম্নমানের পরিষেবা দিচ্ছে বলে দাবী কৈলাসহরের মহকুমাবাসীর। বিগত তিন মাস ধরে কৈলাসহর পুর পরিষদের অন্তর্গত ৮ নং ওয়ার্ডের পি.ডব্লিউ.ডি রোডের মধ্যপাড়ায় বিদ্যুতের সমস্যায় নাজেহাল সাধারণ মানুষ। এবিষয় নিয়ে স্থানীয় জনগণ সাই কম্পিউটারের অফিসে অনেকবার ধরনা প্রদর্শনের পরও কাজের কাজ কিছুই হয়নি।

তাই নিরুপায় হয়ে এবং একপ্রকার বাধ্য হয়ে বজ বুধবার দুপুরে এলাকার জনগণ মহকুমা শাসকের নিকট এক ☛ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।